গন্ধাশ্ম [ন্], পুং, গন্ধক।
গন্ধাষ্টক, ক্লী, চন্দন, অগুরু, কর্পূর, চোরক, কুঙ্কুম, রোচনা, জটামাংসী, শিলারস।
গন্ধি, ক্লী, তৃণকুঙ্কুম।
গন্ধিক, পুং, গন্ধক।
গন্ধিনী, স্ত্রী, মুরামাংসী।
গন্ধিপর্ণ, পুং, সপ্তচ্ছদ বৃক্ষ।
গন্ধোতু, পুং, খট্টাস।
গন্ধোৎকটা, স্ত্রী, দমনক বৃক্ষ।
গন্ধোত্তমা, স্ত্রী, মদিরা।
গন্ধোলি, স্ত্রী, শটী।
গন্ধোলী, স্ত্রী, ঐ।
গন্ডোলিক, পুং, মসূর।
গম্ভারিকা, স্ত্রী, গম্ভারীবৃক্ষ। [গামারী।
গম্ভারী, স্ত্রী, স্বনামখ্যাত বৃক্ষ বিশেষ,
গম্ভীর, পুং, জম্বীর। পঙ্কজ।
গর, ক্লী, বিষ। বৎস্যনাভাখ্য বিষ।
গর, পুং, বিষ। উপবিষ।
গরঘ্ন, পুং, কৃষ্ণার্জক। বর্ব্বর।

গরদ, ক্লী, বিষ।
গরল, ক্লী, বিষ। সর্পবিষ। কৃষ্ণসর্পবিষ
গরা, স্ত্রী, দেবদালীলতা। লাহা। দেবতাড়ক।
গরাগরী, স্ত্রী, দেবতাড়বৃক্ষ।
গরাস্থক, ক্লী, শোভাঞ্জনবীজ।
গরাধিকা, স্ত্রী, লাক্ষা।
গরী, স্ত্রী, দেবতাড়বৃক্ষ।
গরুত্মানু [ৎ], পুং, স্বর্ণমাক্ষিক।
গর্জর, ক্লী, মূলবিশেষ, গাজর।
গর্ফল, পুং, বিকণ্টকবৃক্ষ।
গর্দ্দভ, ক্লী, শ্বেতকুমুদ। বিড়ঙ্গ।
গর্দ্দভগদ, পুং, জালগর্দ্দভ রোগ।
গর্দ্দভশাক, পুং, ব্রহ্মযষ্টিবৃক্ষ, বামুনহাটী।
গর্দ্দভশাকা, স্ত্রী, ঐ।
গর্দ্দভশাখী, স্ত্রী, ঐ
গর্দ্দভাণ্ড, পুং, বৃক্ষবিশেষ, গর্দ্দিভাট প্লক্ষবৃক্ষ, পাকুড়।
গর্দ্দভাহ্বয়, পুং, কুমুদ।
গর্দ্দভিকা, স্ত্রী, ক্ষুদ্ররোগ বিশেষ।
গর্দ্দভী, স্ত্রী, অপরাজিতা। শ্বেতকণ্টকারী। লতাফট্‌কী। ক্ষুদ্ররোগ বিশেষ, গর্দ্দভিকা রোগ
গর্দ্ধ, পুং, গর্দ্দভাণ্ডবৃক্ষ।
গর্ভকর, পুং, পুত্রজীববৃক্ষ। [লাঙ্গুলিয়া।
গর্ভঘাতিনী, স্ত্রী, লাঙ্গলিকাবৃক্ষ, বিষ-
গর্ভণ্ড, পুং, নাভিগুড়ক, নাভির গাঁড়।
গর্ভদ, পুং, পুত্রজীববৃক্ষ।
গর্ভদাত্রী, স্ত্রী, ক্ষুপ বিশেষ, গর্ভদা
গর্ভদ্রুৎ [দ্], পুং, কলিকারী বৃক্ষ, বিষলাঙ্গলিয়া।
গর্ভপাতক, পুং, রক্ত শোভাঞ্জনবৃক্ষ।
গর্ভপাতন, পুং, রীঠাকরঞ্জ, ঈটা।
গর্ভপাতনী, স্ত্রী, কলিকারীবৃক্ষ। [ঙ্গলা।
গর্ভপাতিনী, স্ত্রী, বিশল্যাবৃক্ষ। ঈশলা-
গর্ভশয্যা, স্ত্রী, পিত্তাশয় ও পক্কাশয়ের মধ্যবর্ত্তী গর্ভোৎপত্তিস্থান, জরায়ু।
গর্ভস্রাবী [ন্], পুং, হিন্তালবৃক্ষ
গর্ভাগার, ক্লী, গর্ভাশয়।
গর্ভাশয়, পুং, জরায়ু।
গর্ভিনী, স্ত্রী, ক্ষীরীবৃক্ষ, ক্ষীরাই।
গর্মুৎ, স্ত্রী, তৃণধান্য বিশেষ, ময়না।
গর্মূটিকা, স্ত্রী, ব্রীহিভেদ, মাড়ুয়া।
গর্মোটিকা, স্ত্রী, জারড়ীতৃণ। শ্যামাকভেদ।
গল, পুং, কণ্ঠ, গলা। সর্জরস, ধুনা।
গলগণ্ড, পুং, স্বনামখ্যাত গলরোগ বিশেষ, গরগণ্ড।
গলশুণ্ডিকা, স্ত্রী, তালুর ঊর্দ্ধস্থিত সূক্ষ্মজিহ্বা, আল্‌জিব্‌।
গলা, স্ত্রী, অলম্বুষা। [রোহিণী
গলাঙ্কুর, পুং, গলরোগ বিশেষ,
গবাদনী, স্ত্রী, ইন্দ্রবারুণী। নীল অপরাজিতা
গবাষিকা, স্ত্রী, লাক্ষা।
গবাক্ষী, স্ত্রী, গোডুম্বা, গোমক্। ইন্দ্রবারুণী। সেওড়া। অপরাজিতা।
গবেরু, স্ত্রী, ধান্য বিশেষ, গড়্‌গড়।
গবেধু, পুং, ঐ।
গবেধুক, ক্লী, গৈরিক।
গবেধুকা, স্ত্রী, দেধান। নাগবলা।
গবেরুক, ক্লী, গৈরিক।
গবেশকা, স্ত্রী, গোরক্ষচাউলিয়া।
গব্যা, স্ত্রী, গোরোচনা।

গাঙ্গেয়, ক্লী, স্বর্ণ। ধুস্তূর। কশেরু। মুস্তক।
গাঙ্গেয়, পুং, ভদ্রমুস্তা। নাগরমুস্তা।
গাঙ্গেরু, স্ত্রী, গোরক্ষচাকুল্যা। [চাকুল্যা।
গাঙ্গেরুকী, স্ত্রী, গোরক্ষ তণ্ডুলা, গোরক্ষ-
গঙ্গেষ্ঠী, স্ত্রী, কটশর্করালতা, নটা
গাণ্ডীবী [ন্], পুং, অর্জুনবৃক্ষ।
গাত্রভঙ্গা, স্ত্রী, শূকশিম্বী।
গানিনী, স্ত্রী, বচা।
গান্ধার, ক্লী, গন্ধরস।
গান্ধার, পুং, সিন্দূর।
গান্ধারী, স্ত্রী, যবাস, দুরালভা। গাঁজা।
গাম্ভারী, স্ত্রী, স্বনাম প্রসিদ্ধবৃক্ষ। গা-
গাম্ভার, গামার।
গায়ত্রী [ন্], পুং, খদিরবৃক্ষ।
গায়ত্রী, স্ত্রী, খদিরবৃক্ষ। বিটখদির।
গারুড়, ক্লী, স্বর্ণ।
গারুড়ী, স্ত্রী, পাতালগরুড়ী লতা।
গারুত্মতপত্রিকা, স্ত্রী, পাচীলতা।
গালব, পুং, লোধ্রবৃক্ষ। শ্বেতলোধ।
কেন্দুকবৃক্ষ।
গালোড্য, ক্লী, পদ্মবীজ।
গিরি, পুং, চক্ষুরোগ বিশেষ। পার-
দের নাগবঙ্গাদি দোষের অন্তর্গত
দোষ বিশেষ।
গিরিকদম্ব, পুং, ধারাকদম্ব। নীপ।
গিরিকদলী, স্ত্রী, পর্ব্বতীয় কদলী।
গিরিকর্ণিকা, স্ত্রী, শ্বেতকিণিহীবৃক্ষ।
অপরাজিতা। হাপরমালী
গিরিকর্ণী, স্ত্রী, অপরাজিতা। যবাস
গিরিজ, ক্লী, অভ্রক। শিলাজতু। লোহ।
গৈরিক। শৈলজ

গিরিজ, পুং, মধুকবৃক্ষ বিশেষ, গৌর-
শাক।
গিরিজা, স্ত্রী, শ্বেতবুহ্না। মাতুলুঙ্গী,
মৌটাবা। ক্ষুদ্রপাষাণভেদা। ত্রায়-
মাণা। কারীবৃক্ষ। মল্লিকা। গিরি-
কদলী।
গিরিজামল, ক্লী, অভ্রক।
গিরিজাবীজ, ক্লী, গন্ধক।
গিরিধাতু, পুং, গৈরিক।
গিরিনিম্ব, পুং, মহারিষ্টবৃক্ষ।
গিরিপীলু, পুং, পরূষকবৃক্ষ।
গিরিপুষ্পক, ক্লী, শৈলেয়।
গিরিভিৎ [দ্], পুং, পাষাণভেদকবৃক্ষ।
গিরিভূ, স্ত্রী, ক্ষুদ্র পাষাণভেদা।
গিরিমল্লিকা, স্ত্রী, কুটজবৃক্ষ
গিরিমৃৎ [দ্], স্ত্রী, গৈরিক।
গিরিমৃদ্ভব, ক্লী, ঐ।
গিরিমেদ, পুং বিট্‌খদির।
গিরিবাসী [ন্], হস্তিকন্দ।
গিরিশালিনী, স্ত্রী, অপরাজিতা
গিরিসার, পুং, লৌহ। বঙ্গ।
গিল, পুং, জম্বীর।
গীর্লতা, স্ত্রী, মহাজ্যোতিষ্মতী।
গীর্ব্বাণকুসুম, ক্লী, লবঙ্গ।
গুগ্‌গুল, পুং, শিলাজতু।
গুগ্‌গুলু, পুং, রক্ত শোভাঞ্জনবৃক্ষ।
স্বনামখ্যাতবৃক্ষ; ইহার নির্য্যাস
গুগ্‌গুল।
গুচ্ছক, ক্লী, গ্রন্থিপর্ণ।
গুচ্ছক, পুং, রীঠাকরঞ্জবৃক্ষ।
গুচ্ছকরঞ্জ, পুং, করঞ্জবিশেষ।
গুচ্ছদন্তিকা, স্ত্রী, কদলী

গুচ্ছপত্র, পুং, তালবৃক্ষ। [কবৃক্ষ।
গুচ্ছপুষ্প, পুং, সপ্তচ্ছদবৃক্ষ। অশো-
গুচ্ছপুষ্পক পুং, রীঠাকরঞ্জ। রাজা-
দনী। গুচ্ছকরঞ্জ।
গুচ্ছপুষ্পী, স্ত্রী, ধাতকী। [কতক।
গুচ্ছফল, পুং, রীঠা করঞ্জ, রাজাদনী।
গুচ্ছফলা, স্ত্রী, কাকমাচী। নিষ্পাবী।
দ্রাক্ষা। কদলী। অগ্নিদমনী।
গুচ্ছবধ্না, স্ত্রী, গুণ্ডালাবৃক্ষ।
গুচ্ছমূলিকা, স্ত্রী, গুণ্ডাসিনী তৃণ।
গুচ্ছাল, পুং, ভূতৃণ।
গুচ্ছাহ্বকন্দ, পুং, গুলঞ্চকন্দ।
গুচ্ছী, স্ত্রী, গুচ্ছকরঞ্জ।
গুঞ্জা, স্ত্রী, লতাবিশেষ, কুঁচ। ত্রিযব
পরিমাণ, ১ রত্তি।
গুঞ্জাকিনী, স্ত্রী, কুঁচ। [মান।
গুঞ্জিকা, স্ত্রী, গুঞ্জা। ১ রত্তি পরি-
গুড়, পুং, ইক্ষুপাক, ইক্ষুগুড়, খর্জ্জূর-
রস কাথ, খেজুর গুড়। কার্পাসী।
গুড়ক, পুং, গুড়দ্বারা পকৌষধ বিশেষ।
গুড়চী, স্ত্রী, গুড়ূচী।
গুড়তৃণ পুং, ইক্ষু।
গুড়ত্রিণ, ক্লী, ঐ
গুড়ত্বক্ [চ্], ক্লী, স্বনাম খ্যাত গন্ধ-
দ্রব্য, দারচিনি। ভৃঙ্গ।
গুড়ত্বচ্ ক্লী, গুড়ত্বক্। জয়িত্রী।
গুড়দারু, ক্লী, ইক্ষু।
গুড়পুষ্প, পুং, মধুকবৃক্ষ, মৌলবৃক্ষ।
গুড়ফল, পুং, পীলুবৃক্ষ।
গুড়ভা, স্ত্রী, যাবনাল শর্করা।
গুড়মূল, পুং, অম্লমারিষ শাক
গুড়ম্, ক্লী, গৌরী মদিরা।

গুড়বীজ, পুং, মসূর।
গুড়শিগ্রু, পুং, রক্তশোভাঞ্জন।
গুড়া, স্ত্রী, স্নুহীবৃক্ষ। উশীরী।
গুড়াশয়, পুং, আখোটবৃক্ষ।
গুড়িকা, স্ত্রী, গুটিকা, বৃহদ্বটিকা।
গুড়ুচী, স্ত্রী, গুড়ূচী।
গুড়ূচী, স্ত্রী, লতা বিশেষ, গুলঞ্চ।
গুড়োদ্ভবা, স্ত্রী, শর্করা।
গুণা, স্ত্রী, দূর্ব্বা। মাংসরোহিণী।
গুণ্ড, পুং, তৃণভেদ, যাহার কন্দ কেশুর।
গুণ্ডকন্দ, পুং, কশেরু।
গুণ্ডা, স্ত্রী, গুণ্ডারোচনী, কমলাগুঁড়ি।
গুণ্ডারোচনিকা, স্ত্রী, বৃক্ষবিশেষ, কমলা-
গুঁড়ি।
গুণ্ডালা, স্ত্রী, ক্ষুদ্রক্ষুপবিশেষ
গুণ্ডাসিনী, স্ত্রী, তৃণবিশেষ।
গুণ্ডিকেরী, স্ত্রী, তেলাকুচা।
গুত্থ, পুং, গবেধুকা।
গুত্থক, ক্লী, গ্রন্থিপর্ণ, গেঠেলা।
গুৎস, পুং, গ্রন্থিপর্ণ বৃক্ষ।
গুৎসকপুষ্প, পুং, সপ্তচ্ছদবৃক্ষ।
গুদ, ক্লী, অপান, মলত্যাগ দ্বার,
গুহ্যদেশ
গুদকীল, পুং, অর্শোরোগ।
গুদভ্রংশ, পুং, মলদ্বার নির্গম রোগ।
গুদাঙ্কুর, পুং, অর্শোরোগ।
গুন্দ্র, পুং, শরতৃণ। বৃক্ষ বিশেষ,
দেশান্তরীয় নাম গোঁদপাঠের।
গুন্দ্রক, পুং, ঐ।
গুন্দ্রমূলা, স্ত্রী, এরকাতৃণ।
গুন্দ্রা, স্ত্রী, ভদ্রমুস্তক। প্রিয়ঙ্গুবৃক্ষ।
গবেধুকা। এরকা।

গুপ্তস্নেহ, পুং, অঙ্কোঠ বৃক্ষ।
গুপ্তা, স্ত্রী, কপিকচ্ছু। আলকুশী।
গুরু; পুং, ঐ।
গুরুঘ্ন, পুং, গৌরসর্ষপ।
গুরুপত্র, ক্লী, বঙ্গ।
গুরুপত্রা, স্ত্রী, তিন্তিড়ীবৃক্ষ।
গুরুবর্চ্চোঘ্ন, পুং লিম্পাক, পাতিলেবু
গুলঞ্চকন্দ, পুং, কন্দ বিশেষ,
গুলা, স্ত্রী, স্নুহীবৃক্ষ।
গুলী, স্ত্রী, গুটিকা। রোগভেদ, বসন্ত।
গুল্‌ফ, পুং, পাদগ্রন্থি।
গুল্ম, পুং, উদরজ রোগ বিশেষ।
গুল্মকেতু, পুং, অম্লবেতস।
গুল্মমুল, ক্লী, আদ্র্রক, আদা।
গুল্মবল্লী, স্ত্রী, সোমলতা।
গুল্মশূল, পুং, রোগ বিশেষ।
গুল্মী, স্ত্রী, আমলকী। এলা। গৃধ্র-
নখী বৃক্ষ, গুড়কাঁওনী। [পারী।
গুবাক, পুং, বৃক্ষ বিশেষ, গুয়া, সু-
গুহা, স্ত্রী, সিংহপুচ্ছীলতা। চাকুল্যা।
শালপর্ণী। [পানী।
গুহাবদরী, স্ত্রী, কৃমিমস্তকী বৃক্ষ। শাল-
গুহ্যপুষ্প, পুং, অশ্বত্থ বৃক্ষ।
গুহ্যবীজ, পুং, ভূতৃণ।
গূঢ়পত্র, পুং, করীরবৃক্ষ। অঙ্কোঠবৃক্ষ।
গূঢ়পুষ্পক, পুং, বকুলবৃক্ষ।
গূঢ়ফল, পুং, বদর।
গূঢ়বল্লিকা, স্ত্রী, অঙ্কোঠবৃক্ষ।
গূবাক, পুং, গুবাক।
গৃঞ্জন, ক্লী, মূল বিশেষ, শালগম।
গৃঞ্জন, পুং, রসোনক, রসুন। রক্ত-
লশুন।

গৃধ্রনখী, স্ত্রী, কুলিকবৃক্ষ, কালিয়াকড়া,
গুড়কাউনী। কোলিবৃক্ষ।
গৃধ্রপত্রা, স্ত্রী, ধূম্রপত্রা বৃক্ষ।
গৃধ্রসী, স্ত্রী, বাতরোগ বিশেষ।
গৃধ্রাণী, স্ত্রী, ধূমপত্রা বৃক্ষ।
গৃষ্টি, স্ত্রী, বরাহক্রান্তা। বদরবৃক্ষ।
কাশ্মরী।
গৃহ, ক্লী, শৈলজ।
গৃহকন্যা, স্ত্রী, ঘৃতকুমারী।
গৃহদ্রুম, পুং, মেঢ়শৃঙ্গী বৃক্ষ।
গৃহধূম, পুং, ঝুল।
গৃহণী, স্ত্রী, কাঞ্জিক।
গৃহপুত্রিকা, স্ত্রী, ঘৃতকুমারী।
গৃহাম্ল, ক্লী, কাঞ্জিক।
গৃহাশয়া, স্ত্রী, তাম্বূলী, পানের গাছ।
গৈরিক, ক্লী, স্বর্ণ। রক্তবর্ণ ধাতুবিশেষ,
গেরীমাটী।
গৈরিকাক্ষ, পুং, জলমধূক বৃক্ষ।
গৈরী, স্ত্রী, লাঙ্গলিকী বৃক্ষ। বিষলাঙ্গ-
লিয়া।
গৈরেয়, ক্লী, শিলাজতু।
গোকণ্ট, পুং, গোক্ষুরী। [ণ্টক বৃক্ষ।
গোকণ্টক, পুং, গোক্ষুরক বৃক্ষ। বিক-
গোকর্ণী, স্ত্রী, মূর্ব্বালতা।
গোকৃত, ক্লী, গোময়।
গোখুর, পুং, গোক্ষুরবৃক্ষ।
গোখুরি, পুং, ঐ। [কুকশিমা।
গোচ্ছাল, পুং, ভূকদম্ব। কুলাহলবৃক্ষ,
গোজল, ক্লী, গোমূত্র।
গোজা, স্ত্রী, গোলোমিকাবৃক্ষ।
গোজাগরিক, পুং, কণ্টকারিকা।
গোজপর্ণী, স্ত্রী, দুগ্ধফেনীবৃক্ষ।

গোজিহ্বা, স্ত্রী, ক্ষুপবিশেষ, গোজিয়া-
লতা। গবেধুকা, গড়্গড়্।
গোজিহ্বিকা, স্ত্রী, গোজিহ্বালতা।
গোড়ুম্ব, পুং, শীর্ণবৃন্ত, তরমুজ।
গোড়ুম্বা, স্ত্রী, গবাদনী। গোমুক।
গোড়ুম্বিকা, স্ত্রী, গোড়ুম্বা। [মাণ।
গোণী, স্ত্রী, একশত আটাশসের পরি-
গোত্রবৃক্ষ, পুং, ধন্বনবৃক্ষ।
গোথু, পুং, গোময়।
গোদ, পুং, মস্তিষ্ক।
গোদন্ত, ক্লী, স্বনাম খ্যাত শ্বেতবর্ণ
হরিতাল ভেদ। হরিতাল।
গোদুগ্ধদা, স্ত্রী, চণিকাতৃণ।
গোদ্রব, পুং, গোমূত্র।
গোধা, স্ত্রী, গোসাপ।
গোধাপদিকা, স্ত্রী, গোধাপদীলতা।
গোধাপদী, স্ত্রী, হংসপদী, গোয়ালিয়া
লতা। তালমূলী।
গোধাবতী, স্ত্রী, ঐ।
গোধাস্কন্ধ, পুং, বিট্খদির।
গোধি, পুং, গোধিকা।
গোধিনী, স্ত্রী, ক্ষবিকা, বৃহতীভেদ।
গোধুম, পুং, গোধূম।
গোধূম, পুং, ব্রীহিভেদ, গম্। নাগরঙ্গ।
ঔষধি বিশেষ।
গোধূমচূর্ণ, ক্লী, ময়দা। [ভেদ।
গোধূমমণ্ডব, ক্লী, সৌবীর। কাঞ্জিক-
গোধূমী, স্ত্রী, গোলোমিকা।
গোনর্দ্দ, ক্লী, কৈবর্ত্তীমুস্তক।
গোনিষ্যন্দ, পুং, গোমূত্র।
গোপ, গোপক, পুং, বোল।
গোপকন্যা, স্ত্রী, শারিবৌষধি।
গোপঘোণ্টা, স্ত্রী, হস্তিকোলি। শেয়া
কুল। বিকঙ্কতবৃক্ষ।
গোপতি, পুং, ঋষভ নামকঔষধি।
গোপদল, পুং, গুবাক।
গোপন, ক্লী, তমালপত্র, তেজপত্র।
গোপভদ্র, ক্লী, শালুক।
গোপভদ্রা, স্ত্রী, কাশ্মরী বৃক্ষ।
গোপভদ্রিকা, স্ত্রী, গাম্ভারীবৃক্ষ
গোপরস, পুং, বোল।
গোপবধূ, স্ত্রী, শারিবা। [লতা।
গোপবল্লী, স্ত্রী, মূর্ব্বা। শারিবা। শ্যামা-
গোপা, স্ত্রী, শ্যামালতা।
গোপাল, পুং, অনন্তমূল।
গোপালকর্কটী, স্ত্রী, কর্কটী ভেদ, গো-
য়াল কাঁকরী।
গোপালী, স্ত্রী, গোপালকর্কট। গো-
রক্ষী।
গোপিত্ত, ক্লী, গোরোচনা।
গোপিনী, স্ত্রী, শ্যামালতা।
গোপী, স্ত্রী, অনন্তমূল।
গোপুটা, স্ত্রী, স্থূলৈলা, বড় এলাইচ।
গোপুর, ক্লী, কেশুর।
গোপুরক, পুং, কুন্দুরুক।
গোময়, ক্লী, পু, স্বনাম খ্যাত দ্রব্য,
গোবর।
গোময়চ্ছত্র, ক্লী, করক, কোঁড়ক ছাতা।
গোময়চ্ছত্রিকা, স্ত্রী, ঐ।
গোময়প্রিয়, ক্লী, ভূতৃণ, গন্ধখড়।
গোময়োদ্ভব, পুং, আরগ্বধ, সোদালু।
গোমরী, স্ত্রী, রামবেগুন।
গোমূত্র, ক্লী, চোনা।
গোমূত্রিকা, স্ত্রী, তৃণ বিশেষ, তাম্বড়ু।

গোমেদক, ক্লী, গোমেদমণি। কাকোল। পত্রক।
গোমেদক, পুং, স্বনাম খ্যাত মণি।
গোরট, পুং, তুম্বুখদির।
গোরস, পুং, দুগ্ধ। দধি। তক্র।
গোরসজ, ক্লী, তক্র।
গোরক্ষ, পুং, ঋষভ নামক ওষধি। নাগরঙ্গ।
গোরক্ষকর্কটী, স্ত্রী, চির্ভিটা।
গোরক্ষজম্বু, স্ত্রী, গোধূম। গোরক্ষ তণ্ডুল। ঘোণ্টাফল
গোরক্ষতণ্ডুলা, স্ত্রী, ক্ষুদ্রলতা বিশেষ গোরক্ষ চাউলিয়া
গোরক্ষতুম্বী, স্ত্রী, কুম্ভতুম্বী।
গোরক্ষদুগ্ধা, স্ত্রী, ক্ষুদ্রক্ষুপ বিশেষ।
গোরক্ষী, স্ত্রী, ক্ষুদ্রক্ষুপ বিশেষ। গোরক্ষদুগ্ধা। কুম্ভতুম্বী
গোরাচ, ক্লী, হরিতাল।
গোরোচনা, স্ত্রী, স্বনাম খ্যাত পীতবর্ণ দ্রব্য। গোপিত্তাশয়।
গোর্দ্দ, ক্লী, মস্তিষ্ক, মস্তকস্থ ঘৃত।
গোল, পুং, মদন বৃক্ষ। বোল।
গোলক, পুং, গন্ধরস নামক বনিক্ দ্রব্য। কলায়, মটর।
গোলা, স্ত্রী, কুনটী। পত্রাঞ্জন
গোলাস, পুং, গোময়চ্ছত্রিকা।
গোলিহ, পুং, ঘণ্টাপাটলি।
গোলীঢ়, পুং, ঐ।
গোলোমিকা, স্ত্রী, ক্ষুদ্রক্ষুপ বিশেষ, গোধূমা। ক্রোষ্টুকপুচ্ছিকা।
গোলোমী, স্ত্রী, গোলোমিকা। শ্বেতদূর্ব্বা। বচা। ভূতকেশ।
গোবন্দনী, স্ত্রী, প্রিয়ঙ্গুবৃক্ষ। পীত দণ্ডোৎপল।
গোবর, ক্লী, গোখুরক্ষুণ্ণ গোষ্ঠস্থ শুষ্ক গোময় চূর্ণ।
গোবিট্[শ], পুং, গোময়।
গোশকৃৎ, ক্লী, ঐ।
গোশীর্ষ, ক্লী, চন্দন। হরিচন্দন।
গোশীর্ষক, পুং, দ্রোণপুষ্পীবৃক্ষ, ঘলঘসিয়া।
গোশৃঙ্গ, পুং, বর্ব্বুরবৃক্ষ।
গোস, পুং, বোল।
গোসম্ভবা, স্ত্রী, শ্বেতদূর্ব্বা।
গোসশশ, পুং, ঐ।
গোস্তনা, স্ত্রী, দ্রাক্ষা।
গোস্তনী, স্ত্রী, দ্রাক্ষা। কপিলদ্রাক্ষা।
গোহন্ন, ক্লী, গোময়।
গোহরীতকী, স্ত্রী, বিল্বৃক্ষ। [লতা।
গোহালিয়া, স্ত্রী, লতাবিশেষ, গোয়ালে
গোহিত, পুং, ঘোষালতা। বিল।
গোক্ষুর, পুং, গোখুরী।
গোক্ষুরক, পুং, ঐ।
গৌড়ধান্তক, পুং, চিল্লীশাক।
গৌড়িক, ক্লী, মদ্যবিশেষ।
গৌড়ী, স্ত্রী, গুড়ের মদ।
গৌতমী, স্ত্রী, গোরোচনা।
গৌতম, পুং, স্থাবর বিষভেদ।
গৌর, ক্লী, পদ্মকেশর। কুঙ্কুম। স্বর্ণ।
গৌর, পুং, শ্বেতসর্ষপ। ধববৃক্ষ।
গৌরজীরক, পুং, শুক্লজীরক।
গৌরত্বক্, পুং, ইঙ্গুদীবৃক্ষ। [মৌলভেদ।
গৌরিশাক, পুং, মধূকবৃক্ষ বিশেষ।
গৌরসর্ষপ, পুং, শ্বেতসর্ষপ।

গৌরসুবর্ণ, ক্লী, পত্রশাক বিশেষ।
গৌরাদ্র্ক, পুং, স্থাবর বিষভেদ।
গৌরা, স্ত্রী, হরিদ্রা।
গৌরিল, পুং, শ্বেতসর্ষপ। লৌহচূর্ণ।
গৌরী, স্ত্রী, হরিদ্রা। দারুহরিদ্রা। গোরোচনা। প্রিয়ঙ্গুবৃক্ষ। মঞ্জিষ্ঠা। শ্বেতদূর্ব্বা। মল্লিকা। তুলসী। সুবর্ণ কদলী। আকাশমাংসী।
গৌরীজ ক্লী, অভ্র।
গৌরীপুষ্প, পু, প্রিয়ঙ্গুবৃক্ষ।
গৌরীললিত, ক্লী, হরিতাল।
গৌলিক, পুং, মুষ্ককবৃক্ষ
গ্রন্থি, পুং, রোগবিশেষ। ভদ্রমুস্তা। পিণ্ডালু। গ্রন্থিপর্ণবৃক্ষ, গেঠেলা।
গ্রন্থিক, ক্লী, পিপ্পলীমূল। গ্রন্থিপর্ণ গুগ্‌গুলু।
গ্রন্থিক, পুং, করীর।
গ্রন্থিদলা, স্ত্রী, মালাকন্দ।
গ্রন্থিদূর্ব্বা, স্ত্রী, মালাদুর্ব্বা।
গ্রন্থিপর্ণ, ক্লী,, বৃক্ষবিশেষ, গেঠেলা।
গ্রন্থিপর্ণ, পুং, চোরক নামক গন্ধদ্রব্য।
গ্রন্থিপর্ণা, স্ত্রী, জতুকালতা।
গ্রন্থিপর্ণী, স্ত্রী, গণ্ডদূর্ব্বা।
গ্রন্থিফল, পুং, শাকুরুণ্ডবৃক্ষ। কপিথ-বৃক্ষ। মদনবৃক্ষ।
গ্রন্থিমৎফল, পুং, লকুচ, মাদার।
গ্রন্থিমান্ [ত্], পুং, অস্থিসংস্থাপকবৃক্ষ, হাড়ভাঙ্গা, হাড়জোড়া।
গ্রন্থিমুল, ক্লী, গৃঞ্জন।
গ্রন্থিমূলা, স্ত্রী, মালাদুর্ব্বা।
গ্রন্থিল, ক্লী, পিপ্পলীমূল। আদ্র্ক।
গ্রন্থিল, পুং, বিকঙ্কতবৃক্ষ। তণ্ডুলীর-শাক। বিকণ্টক বৃক্ষ। পিণ্ডালু। চোরক।
গ্রন্থিলা, স্ত্রী, ভদ্রমুস্তা। গণ্ডদূর্ব্বা। মালাদূর্ব্বা।
গ্রন্থিবর্হী [ন্], পুং, গ্রন্থিপর্ণ বৃক্ষ।
গ্রন্থীক, ক্লী, গ্রন্থিক। পিপ্পলীমূল।
গ্রহণি, স্ত্রী, গ্রহণী রোগ।
গ্রহণী, স্ত্রী, অগ্ন্যধিষ্ঠান নাড়ি, স্বনাম খ্যাত রোগ।
গ্রহণীহর, ক্লী, লবঙ্গ।
গ্রহদ্রুম, পুং, শাকবৃক্ষ। কাকড়াশৃঙ্গী, মেঢ়াশৃঙ্গী।
গ্রহনাশ, পুং, বৃক্ষ বিশেষ। ছাতিম্।
গৃহনাশন, পুং, ঐ।
গ্রহপতি, পুং, অর্কবৃক্ষ।
গ্রহভীতিজীৎ [দ্], পুং, চীড়ানামক গন্ধ দ্রব্য।
গ্রহাশী [ন্], পুং, গ্রহনাশবৃক্ষ।
গ্রহাহ্বয়, পুং, ভূতাঙ্কুশ বৃক্ষ।
গ্রামজনিষ্পাবী, স্ত্রী, নখনিষ্পাবী।
গ্রামী, স্ত্রী, নালিকা।
গ্রামিণী, স্ত্রী, নীলীবৃক্ষ। ক্ষীরাই।
গ্রামীণ, স্ত্রী, নীলীবৃক্ষ। পালঙ্ক্যশাক।
গ্রাম্যকন্দ, পুং, বনওল। মানকচু।
গ্রাম্যকর্কটী, স্ত্রী, কুষ্মাণ্ড।
গ্রাম্যকুঙ্কুম, ক্লী, কুসুম্ভ, কুসুমফুল।
গ্রাম্যমদ্‌গুরিকা, স্ত্রী, শৃঙ্গীমৎস্য।
গ্রাম্যবল্লভা, স্ত্রী, পালঙ্ক্যশাক, পালংশাক।
গ্রাম্যা, স্ত্রী, নীলী। নিষ্পাবী।
গ্রাহক, পুং, সিতাবর শাক।
গ্রাহিণী, স্ত্রী, ক্ষুদ্রদুরালভা। তাম্রমূলা বৃক্ষ, ক্ষীরুই।

গ্রাহিফল, পুং, কপিথ বৃক্ষ।
গ্রাহী [ন্], পুং, ঐ।
গ্রাহী [ন্], ত্রি, মলবন্ধক, ধারক।
গ্রীষ্মজা, স্ত্রী, লবনী, লোনা ফল।
গ্রীষ্মপুষ্পী, স্ত্রী, করুণী পুষ্পবৃক্ষ।
গ্রীষ্মভবা, স্ত্রী, নবমল্লিকা। গিমাশাক।
গ্রীষ্মসুন্দরক, পুং, গিমাশাক।
গ্রীষ্মী, স্ত্রী, নবমল্লিকা।
গ্রীষ্মোদ্ভবা, স্ত্রী, ঐ
গ্রৈষ্মী, স্ত্রী, ঐ।
গ্লৌ, পুং, কর্পূর।

ঘ

ঘট, পুং, বত্রিশসের পরিমাণ।
ঘটালাবু, স্ত্রী, কুম্ভতুম্বী।
ঘণ্টক, পুং, ক্ষুপবিশেষ, ঘেঁটকোল।
ঘণ্টকর্ণ, পুং, পারুল।
ঘণ্টকর্ণক, পুং, কালচিতা।
ঘণ্টা, স্ত্রী, ঘণ্টাপাটলিবৃক্ষ। অতিবলা। নাগবালা।
ঘণ্টাক, পুং, ঘণ্টাপাটলিবৃক্ষ।
ঘণ্টাকর্ণ, পুং, ঘেঁটকোল।
ঘণ্টাপাটলি, পুং, ঘণ্টাপারুলবৃক্ষ।
ঘণ্টারবা, স্ত্রী, ঝন্ঝনিয়া, বনশণ।
ঘণ্টালী, স্ত্রী, কোশাতকী।
ঘণ্টাবীজ, ক্লী, জয়পাল।
ঘণ্টিনীবীজ, ক্লী, ঐ।
ঘন, ক্লী, লৌহ। দারচিনি।
ঘন, পুং, মুস্তা। অভ্র। কর্পূর।
ঘনদ্রুম, পুং, বিকণ্টকবৃক্ষ।
ঘনপত্র, পুং, পুনর্নবা।
ঘনফল, পুং, বিকণ্টকবৃক্ষ।
ঘনমূল, পুং, মোরট। [পীলুপর্ণী।
ঘনরস, পুং, মোরট। জল। কর্পূর।
ঘনবল্লী, স্ত্রী, অমৃতস্রবালতা।
ঘনবাস, পুং, কুষ্মাণ্ড।
ঘনসার, পুং, কর্পূর। বৃক্ষভেদ। জল।
ঘনস্কন্ধ, পুং, কোশাম্রবৃক্ষ।
ঘনস্বন, পুং, তণ্ডুলীয়শাক।
ঘনা, স্ত্রী, মাষপর্ণী। রুদ্রজটা।
ঘনাঘনা, স্ত্রী, কাকমাচী।
ঘনাময়, পুং, খর্জূরবৃক্ষ।
ঘনামল, পুং, বাস্তুকশাক।
ঘর্ম্ম, পুং, রোদ।
ঘর্ম্মবিচর্চ্চিকা, স্ত্রী, ঘর্ম্মবিচর্চ্চী, ঘর্ম্ম-চর্চ্চিকা, ঘামাচি। চর্চ্চিকা।
ঘর্ষণী, স্ত্রী, হরিদ্রা।
ঘস্র, ক্লী, কুঙ্কুম।
ঘাটা, স্ত্রী, গ্রীবার পশ্চাদ্ভাগ, ঘা
ঘাণ্টিক, পুং, ধুস্তুরবৃক্ষ।
ঘাস, পুং, স্বনামখ্যাত তৃণ
ঘুটি, স্ত্রী, গুল্ফ।
ঘুনপ্রিয়া, স্ত্রী, অতিবিষা, আতইচ।
ঘুনবল্লভা, স্ত্রী, ঐ।
ঘুণ্ট, পুং, গুল্ফ।
ঘুণ্টিক, ক্লী, বনস্থকরীর। বিলঘুঁটে।
ঘুলঞ্চ, পুং, গবেধুকা, গড়্গড়্।
ঘুসৃণ, ক্লী, কুঙ্কুম।
ঘূকাবাস, পুং, শাখোটবৃক্ষ।
ঘূর্ণ, পুং, গ্রীষ্মসুন্দরক, গীমা।
ঘৃণাবাস, পুং, কুষ্মাণ্ড।
ঘৃত, পুং, ক্লী, স্বনামখ্যাত দ্রব্য, ঘি।
ঘৃতকরঞ্জ, পুং, করঞ্জভেদ, ঘিয়া-করম্চা।

ঘৃতকুমারিকা, স্ত্রী, ঘৃতকুমারী। [মারী।
ঘৃতকুমারী, স্ত্রী, স্বনামখ্যাতগুল্ম। ঘিকু-
ঘৃতপর্ণকি, পুং, ঘৃতকরঞ্জ।
ঘৃতপূর, পুং, পিষ্টক বিশেষ।
ঘৃতপূর্ণক, পুং, করঞ্জবৃক্ষ।
ঘৃতমণ্ডলিকা, স্ত্রী, হংসপদীবৃক্ষ। [হাতা
ঘৃতমণ্ডা, স্ত্রী, বায়সোলীবৃক্ষ। মাকড়-
ঘৃতা, স্ত্রী, ঐ।
ঘৃতাচীগর্ভসম্ভবা, স্ত্রী, স্থূলৈলা।
[জিতা।
ঘৃষ্টি, স্ত্রী, বারাহী, চামার আলু। অপরা-
ঘৃষ্টিলা, স্ত্রী, চিত্রপর্ণিকা। প্রশ্নিপর্ণী।
ঘেঞ্চুলিকা, ক্রৌঞ্চাদন, ঘেঁচু।
ঘোটিকা, স্ত্রী, বৃক্ষভেদ, কর্কটী।
ঘোণ্টা, স্ত্রী, শৃগালকোলি, শেঁয়াকুল।
ঘোণ্ট, ক্লী, বিষ। গুবাকবৃক্ষ।
ঘোরপুষ্প, ক্লী, কাংস, কাঁসা।
ঘোরা, স্ত্রী, দেবদালীলতা।
ঘোল, ক্লী, তক্র। [মউনি।
ঘোলা, স্ত্রী, পত্রশাক বিশেষ, ঘোল-
ঘোষ, ক্লী, কাংস্য।
ঘোষ, পুং, ঘোষকলতা। কাংস্য।
ঘোষক, পুং, ঘোষালতা। ঝিঙ্গা।
ঘোষকাকৃতি, পুং, ঘোষক।
ঘোষা, স্ত্রী, মৌরী। কর্কটশৃঙ্গী।
ঘোষাতকী, স্ত্রী, শ্বেতঘোষা। পুরুল।

চ

চক্র, ক্লী, তগরপুষ্প।
চক্রকারক, ক্লী, ব্যাঘ্রনখনামক গন্ধদ্রব্য।
চক্রকুল্যা, স্ত্রী, চিত্রপর্ণী, চাকুলিয়া।
চক্রগজ, পুং, চক্রমর্দ্দবৃক্ষ।
চক্রগুচ্ছ, পুং, অশোকবৃক্ষ।
চক্রদন্তী, স্ত্রী, দন্তীবৃক্ষ।
চক্রদন্তীবীজ, ক্লী, জয়পাল।
চক্রনখ পুং, ব্যাঘ্রনখনামক গন্ধদ্রব্য।
চক্রনামা [ন্], পুং, মাক্ষিকধাতু।
চক্রনায়ক, পুং, ব্যাঘ্রনখ।
চক্রপদ্মাট, পুং, চক্রমর্দ্দকবৃক্ষ।
চক্রপরিব্যাধ, পুং, আরগ্বধবৃক্ষ।
চক্রপর্ণী, স্ত্রী, চক্রকুল্যা লতা।
চক্রমর্দ্দ, পুং, ক্ষুপবিশেষ, চাকুন্দিয়া।
চক্রমর্দ্দক, পুং, ঐ।
চক্রলতাম্র পুং, বদ্ধরসাল বৃক্ষ।
চক্রলক্ষণা, স্ত্রী, গুড়ূচী।
চক্রলা, স্ত্রী, উচ্চটা।
চক্রবর্ত্তিনী, স্ত্রী, জনীনামক গন্ধদ্রব্য।
রজনাগন্ধা। অলক্তক। জটামাংসী।
চক্রবর্ত্তী [ন্], পুং, বাস্তুক।
চক্রশল্যা, স্ত্রী, কাকতুণ্ডী। শ্বেতগুঞ্জা।
চক্রশ্রেণী, স্ত্রী, অজশৃঙ্গীবৃক্ষ।
চক্রসংজ্ঞ, ক্লী, বঙ্গ।
চক্রা, স্ত্রী, নাগর মুস্তা। কর্কটশৃঙ্গী।
চক্রাঙ্গা, স্ত্রী, সুদর্শনা লতা।
চক্রাঙ্গী, স্ত্রী, কটুরোহিণী। হিলমো-
চিকা। মঞ্জিষ্ঠা। কৃষ্ণপর্ণী। কর্কট
শৃঙ্গী। সুদর্শনা।
চক্রাধিবাসী [ন্], পুং, নাগরঙ্গ বৃক্ষ।
চক্রাহ্ব, পুং, চক্রমর্দ্দ।
চক্রিকা, স্ত্রী, জানু।
চক্রী [ন্], পুং, চক্রমর্দ্দ। তিনিশ।
ব্যালনখ। [চিড়া, চিচিঙ্গা।
চচেণ্ডা, স্ত্রী, ফললতা বিশেষ, চি-
চঞ্চলা, স্ত্রী, পিপ্পলী।

চঞ্চু, পুং, ক্ষুদ্রচঞ্চুবৃক্ষ। এরণ্ড বৃক্ষ।
রক্তেরণ্ড। নাড়ীচশাক।
চঞ্চু, স্ত্রী, পত্রশাক বিশেষ।
চঞ্চুপত্র, পুং, চঞ্চুশাক।
চঞ্চুর, পুং, ঐ
চটকা, স্ত্রী, পিপ্পলীমূল।
চটকাশির [স], কী, ঐ।
চটিকা, স্ত্রী, ঐ।
চটিকাশির [স্], ক্লী, ঐ।
চটিকাশির, পুং, ঐ
চণক, পুং, বুট, ছোলা, চণা
চণকাম্লক, ক্লী, চণকলবণ।
চণদ্রুম, পুং, ক্ষুদ্রগোক্ষুর।
চণপত্রী, স্ত্রী, রুদন্তীবৃক্ষ।
চণিকা, স্ত্রী, তৃণ বিশেষ।
চণীদ্রুম, পুং, ক্ষুদ্রগোক্ষুর
চণ্ড, পুং, তিন্তিড়ীবৃক্ষ। চোরহুলী।
চণ্ডা, স্ত্রী, শঙ্খপুষ্পী। লিঙ্গিনীলতা।
কপিকচ্ছু। আখুকর্ণী। শ্বেতদূর্ব্বা।
চোরনামক গন্ধ দ্রব্য।
চণ্ডাত, পুং, করবীর।
চণ্ডালকন্দ পুং, কন্দ বিশেষ।
চণ্ডালিকা, স্ত্রী, ওষধী বিশেষ।
চণ্ডিল, পুং, বাস্তূক।
চণ্ডীকুসুম, পুং, রক্তকরবীরবৃক্ষ।
চতুঃপত্রী, স্ত্রী, ক্ষুদ্র পাষাণভেদী।
চতুঃপর্ণী, স্ত্রী, ক্ষুদ্রাম্লিকা।
চতুঃপলা, স্ত্রী, নাগবলা।
চতুঃপুণ্ড্র, পুং, ভিণ্ডাবৃক্ষ।
চতুরঙ্গা, স্ত্রী, ঘোটিকাবৃক্ষ।
চতুরঙ্গুল, পুং, আরগ্বধবৃক্ষ। [বেতস।
চতুরম্ল, ক্লী, কুল, দাড়িম, বৃক্ষাম্ল, অম্ল-
চতুরূষণ, ক্লী, শুঁঠ, পিপুল, মরিচ ও
পিপুলমূল।
চতুর্থিকা, স্ত্রী, ১ পল পরিমাণ।
চতুর্লবণ, ক্লী, সৈন্ধব, সচল, বিট্,
করকচ।
চতুর্ব্বীজ, ক্লী, চারদানা যথা মেথী।
চন্দ্রশূর। কৃষ্ণজারা। যমানী।
চতুঃসম, ক্লী, মিলিত চন্দন, অগুরু,
কস্তূরী ও কুঙ্কুম।
চদির, পুং, কর্পূর।
চন্দন, পুং, স্বনামখ্যাতবৃক্ষ।
চন্দন, ক্লী, রক্তচন্দন।
চন্দনগোপা, স্ত্রী, শারিবা বিশেষ।
চন্দনপুষ্প, ক্লী, লবঙ্গ।
চন্দনশারিবা, স্ত্রী, শারিবা বিশেষ
চন্দনশার, পুং, বজ্রক্ষার।
চন্দনা, স্ত্রী, শারিবা বিশেষ।
চন্দনীয়া, স্ত্রী, গোরোচণা।
চন্দ্র, ক্লী, স্বর্ণ। চুক্র। কমলাগুঁড়ি।
চন্দ্র, পুং, কর্পূর। স্বর্ণ। জল। রৌপ্য
কাম্পিল্ল।
চন্দ্রক, ক্লী, শ্বেতমরিচ
চন্দ্রক, পুং, ময়ূরপুচ্ছের চাঁদ।
চন্দ্রকান্ত, ক্লী, শ্রীখণ্ড চন্দন। কৈরব,
শালুক।
চন্দ্রকান্ত, পুং, কৈরব। স্বনামখ্যাত
মণি।
চন্দ্রপুষ্প, স্ত্রী, শ্বেতকণ্টকারী।
চন্দ্রপ্রভা, স্ত্রী, বাকুচী, সোমরাজী।
চন্দ্রভূতি, ক্লী, রৌপ্য।
চন্দ্ররেখা, স্ত্রী, বাকুচী।
চন্দ্রলেখা, স্ত্রী, ঐ।

চন্দ্রলোহক, ক্লী, রৌপ্য।
চন্দ্রবল্লরী, স্ত্রী, সোমবল্লরী, সোমলতা। ব্রহ্মীশাক। [সোমলতা।
চন্দ্রবল্লী, স্ত্রী, প্রসারণী। মাধবীলতা।
চন্দ্রবালা, স্ত্রী, বড় এলাইচ।
চন্দ্রশূর, ক্লী, ফলবিশেষ, হালিম।
চন্দ্রসংজ্ঞ, পুং, কর্পূর।
চন্দ্রসম্ভবা, স্ত্রী, ছোটএলাইচ।
চন্দ্রহান, ক্লী, রৌপ্য।
চন্দ্রহাসা, স্ত্রী, গুড়ূচী।
চন্দ্রা, স্ত্রী, এলাইচ। গুড়ূচী।
চন্দ্রিকা, স্ত্রী, স্থূলৈলা। কর্ণস্ফোটা মল্লিকা। শ্বেতকণ্টকারী। মেথিকা। সূক্ষ্মৈলা। চন্দ্রশূর।
চন্দ্রিকাম্বুজ, ক্লী, সিতোৎপল।
চন্দ্রিল, পুং, বাস্তুক।
চন্দ্রী, স্ত্রী, বাকুচী।
চন্দ্রেষ্টা, স্ত্রী, উৎপলিনী।
চপল, পুং, পারদ। প্রস্তর বিশেষ।
চপলা, স্ত্রী, পিপ্পলী। মদিরা। বিজয়া।
চমৎকার, পুং, অপামার্গ। [গাছ।
চমরিক, পুং, কোবিদারবৃক্ষ, কাঞ্চন-
চম্প, পুং, ঐ।
চম্পক, ক্লী, কদলীফল বিশেষ, চাঁপা-কলা। চম্পকপুষ্প।
চম্পক, পুং, বৃক্ষবিশেষ। চাঁপা।
চম্পকরম্ভা, স্ত্রী, সুবর্ণকদলী।
চম্পকালু, পুং, পনস।
চম্পকোষ, পুং, ঐ।
চম্পালু, পুং, ঐ।
চর, পুং, কপর্দ্দক।
চরণগ্রন্থি, পুং, গুল্ফ।

চরণায়ুধ, পুং, কুক্কুট।
চরিত্রা, স্ত্রী, তিন্তিড়াবৃক্ষ
চর্চরীক, পুং, মহাকাল শাক।
চর্ম্মকষা, স্ত্রী, পশ্চিম দেশজাত গন্ধ-দ্রব্য বিশেষ, চম্মারকষা
চর্ম্মকসা, স্ত্রী, ঐ।
চর্ম্মকারী, স্ত্রী, ঐ।
চর্ম্মকীল, পুং, অর্শ, হারিশ।
চর্ম্মচিত্রক, ক্লী, শ্বেতকুষ্ঠ।
চর্ম্মণ্বতী, স্ত্রী, কদলী।
চর্ম্মদূষিকা, স্ত্রী, কোঠরোগ।
চর্ম্মদ্রুম, পুং, ভূর্জবৃক্ষ।
চর্ম্মরঙ্গা, স্ত্রী, আবর্ত্তকীলতা।
চর্ম্মসম্ভবা, স্ত্রী, এলাইচ।
চর্ম্মী [ন্], পুং, ভূর্জবৃক্ষ। মোচা।
চলদল, পুং, অশ্বত্থ বৃক্ষ।
চলপত্র, পুং, ঐ।
চলা, স্ত্রী, পিপ্পলী। সিহ্লক।
চলাতঙ্ক, পুং, বাতরোগ।
চবি, স্ত্রী, চবিকা, চই।
চবিক, ক্লী, ঐ।
চবিকা, স্ত্রী, ঐ।
চবী, স্ত্রী, ঐ।
চব্য, ক্লী, ঐ।
চব্যক, ক্লী, ঐ।
চব্যজা, স্ত্রী, গজপিপ্পলী।
চব্যফল, ক্লী, ঐ।
চব্যা, স্ত্রী, চবিকা। বচা। কার্পাসী।
চশেরুকা, স্ত্রী, মেড়াশৃঙ্গী।
চষক পুং, ক্লী, মদ্যভেদ। মধু।
চক্ষু [স্], ক্লী, মেষশৃঙ্গী বৃক্ষ।
চক্ষুর্ব্বহন, ক্লী, ঐ।

চক্ষুষ্য, ক্লী, প্রপৌণ্ডরীক। সৌবীরাঞ্জন। খর্পরীতুথ।
চক্ষুষ্যা, পুং, কতক বৃক্ষ। পুণ্ডরীকবৃক্ষ শোভাঞ্জন বৃক্ষ। রসাঞ্জন।
চক্ষুষ্যা, স্ত্রী, কুলথিকা। অজশৃঙ্গী। অরণ্য কুলথিকা।
চাকচিচ্চা, স্ত্রী, শ্বেতবুহ্ণা
চাঙ্গ, পুং, চাঙ্গেরী।
চাঙ্গেরী, স্ত্রী, আমরুল।
চাণক্যমূলক, ক্লী, মূলক বিশেষ, চণকমূলী।
চাণ্ডালী, স্ত্রী, লিঙ্গনী। বনচাঁড়াল।
চাতুর্জাতক, ক্লী, গুড়ত্বক্, এলাইচ, তেজপত্র ও নাগেশ্বর।
চাতুর্থকজ্বর, পুং, প্রতি চতুর্থ দিন ভব জ্বর, অর্থাৎ দুই দিবস অন্তর যে জ্বর হয়।
চাতুর্ভদ্র, ক্লী, শুঁঠ, আতইচ, মুতা ও [গুলঞ্চ।
চান্দ্রক, ক্লী, শুণ্ঠী।
চান্দ্রাখ্য, ক্লী, আর্দ্রক।
চান্দ্রী, স্ত্রী, শ্বেতকণ্টকারী।
চাপপট, পুং, পিয়াল বৃক্ষ।
চামরপুষ্প, পুং, গুবাক। আম্র। কাশ। কেতক।
চামরপুষ্পক, পুং, ঐ।
চামীকর, ক্লী, স্বর্ণ। ধুস্তূর।
চাম্পেয়, পুং, চম্পক। নাগকেশর।
চাম্পেয়ক, ক্লী, কিঞ্জল্ক। নাগকেশর পুষ্প।
চার, ক্লী, কৃত্রিম বিষ।
চার, পুং, পিয়াল বৃক্ষ।
চারক, পুং, ঐ।
চারটিকা, স্ত্রী, নলী নামক গন্ধদ্রব্য।
চারটী, স্ত্রী, পদ্মচারিণী বৃক্ষ। ভূম্যামলকী।
চারিণী, স্ত্রী, করুণী বৃক্ষ।
চারিত্রা, স্ত্রী, তিন্তিড়ী বৃক্ষ।
চারুক, পুং, শরবীজ।
চারুকেশরা, স্ত্রী, নাগরমুতা। তরুণীপুষ্প।
চারুনালক, ক্লী, রক্তপদ্ম।
চারুপর্ণী, স্ত্রী, প্রসারণী, গন্ধভাদালিয়া।
চারুফলা, স্ত্রী, দ্রাক্ষা।
চিকিৎসা, স্ত্রী, রোগ প্রতীকার
চিকুর, বৃক্ষ বিশেষ।
চিক্কণ, পুং, পূগবৃক্ষ।
চিক্কণা, স্ত্রী, পূগফল।
চিক্কণী, স্ত্রী, ঐ।
চিক্কস, পুং, যবচূর্ণ।
চিক্কা, স্ত্রী, পূগফল।
চিচিণ্ড, পুং, ফল বিশেষ, চিচিণ্ড, চিচিঙ্গা।
চিঞ্চা, স্ত্রী, তিন্তিড়ী বৃক্ষ।
চিঞ্চাটক, পুং, চিঞ্চোটক, চেঁচকো।
চিঞ্চী, স্ত্রী, গুঞ্জা।
চিঞ্চাম্ল, ক্লী, অম্লশাক।
চিঞ্চাসার, পুং, ঐ।
চিঞ্চোটক, পুং, তৃণ বিশেষ, চেচড়া চেঁচ্কো।
চিত্র, ক্লী, কুষ্ঠরোগ বিশেষ।
চিত্র, পুং, এরণ্ডবৃক্ষ। অশোকবৃক্ষ। চিত্রকবৃক্ষ।
চিত্রক, পুং, এরণ্ডবৃক্ষ। চিতাগাছ
চিত্রকর্মা [ন্], পুং, তিনিশবৃক্ষ

চিত্রকৃৎ, পুং, তিনিশবৃক্ষ।
চিত্রগন্ধ, ক্লী, হরিতাল।
চিত্রতণ্ডুল, ক্লী, বিড়ঙ্গ।
চিত্রতণ্ডুলা, স্ত্রী, ঐ।
চিত্রত্বক্ [চ্], পুং, ভূর্জবৃক্ষ।
চিত্রদণ্ডক, পুং, ওলবৃক্ষ।
চিত্রদেবী, স্ত্রী, মহেন্দ্রবারুণী।
চিত্রপত্রিকা, স্ত্রী, কপিত্থপর্ণী বৃক্ষ। দ্রোণপুষ্পী।
চিত্রপত্রী, স্ত্রী, জলপিপ্পলী।
চিত্রপদা, স্ত্রী, গোধাপদীলতা।
চিত্রপর্ণিকা, স্ত্রী, চিত্রপর্ণী ভেদ ত্রিপর্ণি। চাকুল্যাভেদ।
চিত্রপর্ণী, স্ত্রী, পৃশ্নিপর্ণী। কর্ণস্ফোটালতা। জলপিপ্পলী। দ্রোণপুষ্পী। মঞ্জিষ্ঠা
চিত্রপুঙ্খ, পুং, শর।
চিত্রপুষ্পী, স্ত্রী, অম্বষ্ঠা, আকনাদি।
চিত্রফলা, স্ত্রী, চির্ভিটা। মৃগের্ব্বারু। লিঙ্গনী। মহেন্দ্রবারুণী: বার্ত্তাকী। কণ্টকারী।
চিত্রভানু, পুং, চিত্রকবৃক্ষ। অর্কবৃক্ষ।
চিত্রভেষজা, স্ত্রী, কাকোডুম্বরিকা।
চিত্রযোধী [ন্], পুং, অর্জুনবৃক্ষ।
চিত্রলতা, স্ত্রী, মঞ্জিষ্ঠা।
চিত্রলা, স্ত্রী, গোরক্ষীবৃক্ষ।
চিত্রবল্লী, স্ত্রী, মৃগের্ব্বারু। মহেন্দ্রবারুণী।
চিত্রবীর্য্য, পুং, রক্তেরণ্ড।
চিত্রা, স্ত্রী, মূষিকপর্ণী। গোড়ুম্বা। সুভদ্রা। দন্তিকা। মৃগের্ব্বারু। গণ্ডদূর্ব্বা। সুতশ্রেণী। মঞ্জিষ্ঠা।
চিত্রাঙ্গ, ক্লী, হিঙ্গুল। হরিতাল।
চিত্রাঙ্গ, পুং, চিত্রক। রক্তচিত্রক।
চিত্রাঙ্গী, স্ত্রী, মঞ্জিষ্ঠা। কর্ণজলৌকা।
চিত্রায়স, ক্লী, তীক্ষ্ণলোহ।
চিত্রাক্ষুপ, পুং, দ্রোণপুষ্পী
চিন্তিড়ী, স্ত্রী, তিন্তিড়ী।
চিন্ন, পুং, শস্যবিশেষ, চিনা ধান্য।
চিপিট, পুং, চিঁড়া।
চিপিটক, পুং, ঐ।
চিপিটা, স্ত্রী, গুণ্ডাসিনীতৃণ। [হারা।
চিপ্প, পুং, নখরোগ বিশেষ, আঙ্গুল-
চিমি, পুং, পট্টবৃক্ষ।
চিরজীবক, পুং, জীবকবৃক্ষ। [বৃক্ষ।
চিরজীবী [ন্], পুং, জীবকবৃক্ষ। শাল্মলি
চিরঞ্জীবী [ন্], পুং, ঐ।
চিরতিক্ত, পুং, চিরাতা।
চিরপাকী [ন্], পুং, কপিত্থ।
চিরপুষ্প, পুং, বকুলবৃক্ষ।
চিরবিল্ব, পুং, করঞ্জবৃক্ষ।
চিরাটিকা, স্ত্রী, শ্বেতপুনর্নবা। চটিকা, লৌহদির চটা।
চিরাতিক্ত, পুং, চিরাতা।
চিরিবিল্ব, পুং, করঞ্জবৃক্ষ।
চির্ভটী, স্ত্রী, কর্কটী।
চির্ভিটা, স্ত্রী, কর্কটী ভেদ।
চিল্লভক্ষ্যা, স্ত্রী, হট্টবিলাসিনী।
চিল্লী, স্ত্রী, লোধ্র। পত্রশাক ভেদ।
চিবি, পুং, চিবুক।
চিবিট, পুং, চিপিট।
চিবিল্লিকা, স্ত্রী, ক্ষুদ্রক্ষুপ বিশেষ।
চিবু, পুং, চিবুক।
চিবুক, ক্লী, অধরাধোভাগ, দাড়ি, থুত্নি।
চিবুক, পুং, মুচকুন্দবৃক্ষ।

চিহ্নধারিণী, স্ত্রী, শ্যামালতা।
চীড়া, স্ত্রী, গন্ধদ্রব্য বিশেষ, চীড়াগন্ধ।
চীন, ক্লী, সীসক।
চীন, পুং, ব্রীহিভেদ।
চীনক, পুং, ধান্য বিশেষ, চীনাধান। কঙ্গনী। চীনকর্পূর।
চীনকর্পূর, পুং, কর্পূর বিশেষ, চীনের কর্পূর।
চীনজ, ক্লী, লৌহ। তীক্ষ্ণলৌহ।
চীনপিষ্ট, ক্লী, সিন্দুর। সীসক।
চীনাককর্পূর, পুং, কর্পূর বিশেষ।
চীনবঙ্গ, ক্লী, সীসক। [ভেদ।
চীনাকর্কটী, স্ত্রী, চিত্রকুট দেশজ কর্কটী
চীর, ক্লী, সীসক।
চীরপত্রিকা, স্ত্রী, চঞ্চুশাক।
চীরপর্ণ, পুং, শালবৃক্ষ।
চীরিতচ্ছদা, স্ত্রী, পালঙ্ক্যশাক।
চীরুক, ক্লী, ফলবিশেষ, চেঁউর।
চীর্ণপর্ণ, পুং, নিম্ববৃক্ষ। খর্জুরবৃক্ষ।
চুক্র, ক্লী, অম্লদ্রব্য বিশেষ, মহাদা। পত্রশাক বিশেষ, চুকা। কাঞ্জিক বিশেষ। সন্ধান বিশেষ।
চুক্র, পুং, অম্ল। অম্লবেতস।
চুক্রক, ক্লী, শাকবিশেষ, চুকাপালঙ।
চুক্রফল, ক্লী, বৃক্ষাম্ল।
চুক্রা, স্ত্রী, চাঙ্গেরী, আমরুল। তিন্তিড়ী।
চুক্রাম্ল, ক্লী, বৃক্ষাম্ল।
চুক্রাম্লা, স্ত্রী, অম্ললোনিকা চিঞ্চা। কাঞ্জিক ভেদ।
চুক্রিকা, স্ত্রী, অম্ললোনিকা। কুচাঙ্গেরী চুকাপালঙ।
চুচুক, ক্লী, স্তনাগ্র।

চুচু, পুং, সুনিষণ্ণশাক।
চুত, পুং, মলদ্বার।
চুম্বক, পুং, কান্তলৌহভেদ। অয়স্কান্ত।
চুল্লি, চুল্লী, স্ত্রী, পাকার্থঅগ্নিস্থান, চুলা, আখা।
চূড়ামণি, পুং, কাকচিঞ্চাফল।
চূড়াম্ল, ক্লী, বৃক্ষাম্ল। [নাগরমুতা।
চূড়ালা, স্ত্রী, উচ্চটাতৃণ। শ্বেতগুঞ্জা।
চূত, পুং, আম্রবৃক্ষ।
চূতক, পুং, ঐ।
চূর্ণ, ক্লী, গুঁড়া। চূণ।
চূর্ণক, পুং, ঐ। শক্তু।
চূর্ণখণ্ড, ক্লী, ঘুঁটিং, কাঁকর।
চূর্ণপারদ, পুং, হিঙ্গুল।
চূর্ণশাকাঙ্ক, পুং, গৌর সুবর্ণশাক।
চূর্ণি, স্ত্রী, কপর্দ্দক।
চূর্ণিকা, স্ত্রী, শক্তু।
চূর্ণী, স্ত্রী কপর্দ্দক।
চূলিক, ক্লী, ঘৃতভৃষ্টগোধূমচূর্ণ, লুচী।
চূলিকা, স্ত্রী, হস্তিকর্ণমূল।
চেতকী, স্ত্রী, হরীতকী। হিমাচলভবা ত্রিগিরা হরীতকী। জাতীপুষ্প।
চেতনকা, স্ত্রী, হরীতকী।
চেতনীয়া, স্ত্রী, ঋদ্ধিনামক ওষধি।
চেল্লান, পুং, ফললতাবিশেষ।
চেলাল, পুং, ফললতাবিশেষ, লতাপনস।
চৈত্য, পুং, বিম্ব। উদ্দেশবৃক্ষ।
চৈত্যদ্রু, পুং, অশ্বত্থবৃক্ষ।
চৈত্যবৃক্ষ, পুং, ঐ।
চোচ, ক্লী, গুড়ত্বক্। তেজপত্র। তালফল। কদলীফল। নারিকেল।

চোর, পুং, স্ত্রী, কৃষ্ণশঠী। চোরকাঁচকি।
চোরক, পুং, পিড়িঙ্গশাক। চোরহুলী।
চোরপুষ্প, ক্লী, চোরপুষ্পী, চোরহুলি, চোরকাঁচকী, ভাঁটুই।
চোরপুষ্পিকা, স্ত্রী, ঐ।
চোরপুষ্পী, স্ত্রী, ঐ।
চোরস্নায়ু, স্ত্রী, কাকনাসা লতা।
চোরা, স্ত্রী, চোরপুষ্পী।
চোরাখ্য, পুং স্ত্রী, ঐ।
চোলকী [ন্], পুং, করীর। নারঙ্গ। কিষ্কপর্ব্ব। [চিনী।
চোরচিনী, স্ত্রী, বচাবিশেষ, তেজপা-
চোর, পুং স্ত্রী, চোরপুষ্পী।
চোষ, পুং, পার্শ্বজ্বালা।

ছ

ছগ, পুং, স্ত্রী, ছাগ।
ছগণ, পুং ক্লী, করীষ।
ছগল, ছগলক, পুং স্ত্রী, ছাগ।
ছগলা, স্ত্রী, বৃদ্ধদারকবৃক্ষ।
ছগলাঙ্ঘ্রী, স্ত্রী, ঐ।
ছগলাণ্ডী, স্ত্রী, ঐ।
ছগলান্ত্রিকা, স্ত্রী, ঐ।
ছগলান্ত্রী, স্ত্রী, ঐ।
ছগলী, স্ত্রী, ঐ।
ছটাফল, পুং, গুবাকবৃক্ষ।
ছত্র, পুং, ছাতারিয়াবিষ, ইহার মূল ও পত্র বচাকার।
ছত্রক, পুং, রাঙ্গাকুলেখাড়া।
ছত্রগুচ্ছ, পুং, গুণ্ডতৃণ।
ছত্রপত্র, ক্লী, স্থলপদ্ম। [পর্ণবৃক্ষ।
ছত্রপত্র, পুং, ভূর্জ্জবৃক্ষ। মানকচু। সপ্ত-
ছত্রা, স্ত্রী, মহুরী। ধন্যা। শুলুফা। কোঁড়কছাতা। মঞ্জিষ্ঠা।
ছত্রাক, পুং, জালবর্ব্বূরকবৃক্ষ।
ছত্রাকী, স্ত্রী, রাস্না।
ছত্রাতিচ্ছত্র, পুং, জলোদ্ভূত ছত্রাকার সুগন্ধ তৃণ।
ছত্রাধান্য, ক্লী, ধন্যাক।
ছত্রিকা, স্ত্রী, শিলীন্ধ্র, কোঁড়কছাতা, বেঙের ছাতা।
ছদ, পুং, গ্রন্থিপর্ণবৃক্ষ। তমালবৃক্ষ।
ছদন, ক্লী, তমালপত্র, তেজপাত।
ছদপত্র, পুং, ভূর্জ্জপত্রবৃক্ষ।
ছদ্মিকা, স্ত্রী, গুড়চী।
ছন্দ, পুং, বিষ।
ছর্দ্দ, ছর্দ্দন, ক্লী, বমন।
ছর্দ্দন, পুং, নিম্ববৃক্ষ। মদনবৃক্ষ।
ছর্দ্দাপনিকা, স্ত্রী, কর্কটী
ছর্দ্দি, স্ত্রী, বমি রোগ।
ছর্দ্দিকা, স্ত্রী, বিষ্ণুক্রান্তা।
ছর্দ্দিকারিপু, পুং, ক্ষুদ্রৈলা
ছর্দ্দিঘ্ন, পুং, নিম্ববৃক্ষ।
ছল্লি, স্ত্রী, ত্বক্, ছাল।
ছাগ, ছাগল, পুং স্ত্রী, স্বনামখ্যাত পশু।
ছাগলান্ত্রিকা, স্ত্রী, বৃদ্ধদারকবৃক্ষ।
ছাত্র, ক্লী, মধুবিশেষ।
ছাত্রদর্শন, ক্লী, হৈয়ঙ্গবীন।
ছাদন, পুং, নীলাম্লানবৃক্ষ। নীলঝিণ্টী
ছিক্কনী, স্ত্রী, বৃক্ষবিশেষ, নাকছিকনী, হাঁচুটী।
ছিত্তি, পুং, করজবৃক্ষ।
ছিদ্রবৈদেহী, স্ত্রী, গজপিপ্পলী
ছিদ্রান্ত [র্], পুং, নল।

ছিদ্রাফল, ক্লী, মায়াফল
ছিন্নগ্রন্থিনিকা, স্ত্রী, ত্রিপর্ণিকা।
ছিন্নপত্রী, স্ত্রী, অম্বষ্ঠা।
ছিন্নরুহ, পুং, তিলকবৃক্ষ।
ছিন্নরুহা, স্ত্রী, গুলঞ্চ। স্বর্ণকেতকী। শল্লকী।
ছিন্নবেশিকী, স্ত্রী, পাঠা, আকনাদি
ছিন্না, স্ত্রী, গুড়ূচী।
ছিন্নোদ্ভবা, স্ত্রী, ঐ।
ছিলিহিণ্ড, পুং, পাতালগরুড় বৃক্ষ
ছেদনীয়, পুং, কতকবৃক্ষ।
ছেলু, পুং, সোমরাজী।
ছোলঙ্গ, পুং, মাতুলুঙ্গ, টাবালেবু।

জ

জকুট, ক্লী, বার্ত্তাকুপুষ্প।
জগৎ, ক্লী, সৌরাষ্ট্রমৃত্তিকা
জগল, পুং, সুরাকল্ক।
জঘন, ক্লী, কটি।
জঘনকূপক, পুং, কুকুন্দর।
জঘনেফলা, স্ত্রী, কাকোড়ুম্বরিকা। গোড়ুম্বর।
জঙ্গুল, ক্লী, বিষ। [ভাগ।
জঙ্ঘা, স্ত্রী, গুল্‌ফের ঊর্দ্ধ ও জানুর অধো
জঙ্ঘাশূল, ক্লী, জঙ্ঘাবেদনা।
জটা, স্ত্রী, মাংসী। রুদ্রজটা। শতাবিরী। কপিকচ্ছু। বৃক্ষেরমূল।
জটামাংসী, স্ত্রী, স্বনামখ্যাত সুগন্ধি দ্রব্য বিশেষ।
জটায়ু, পুং, গুগ্‌গুলু। [গুলু।
জটাল, পুং, কর্চ্চূর। বট। মুষ্কক। গুগ্-
জটালা, স্ত্রী, জটামাংসী।
জটাবতী, স্ত্রী, জটামাংসী।
জটাবল্লী, স্ত্রী, রুদ্রজটা। গন্ধমাংসী।
জটি, স্ত্রী, প্লক্ষবৃক্ষ।
জটিল, পুং ঐ।
জটিলা, স্ত্রী, জটামাংসী। পিপ্পলী। উচ্চটা। দমনকবৃক্ষ। বচা। আমরুল
জটী, স্ত্রী, পর্কটীবৃক্ষ। জটামাংসী।
জটী [ন্], পুং, প্লক্ষবৃক্ষ, পাকুড়।
জটূল, পুং, জতুক।
জঠরন্নুৎ, পুং, আরগ্বধবৃক্ষ।
জঠরাময, পুং, জলোদর রোগ
জড়, ক্লী, সীসক। জল।
জড়া, স্ত্রী, শূকশিম্বী। ভূম্যামলকী।
জতু, ক্লী, বৃক্ষনির্য্যাসবিশেষ, জৌ। লা।
জতুক, ক্লী, হিঙ্গু। লাক্ষা।
জতুকা, স্ত্রী, জনীনামক গন্ধদ্রব্য। পর্পটী। লতাবিশেষ, জতুকারী।
জতুকারী, স্ত্রী, জতুকালতা। [গন্ধা।
জতুকৃৎ, স্ত্রী, জনীনামক গন্ধদ্রব্য। রজনী-
জতুকৃষ্ণা, স্ত্রী, পর্পটী।
জতুমণি, পুং, জতুক।
জতুরস, পুং, অলক্তক।
জতূকা, স্ত্রী, জনীনামক গন্ধদ্রব্য।
জত্রু, জত্রুক, ক্লী, স্কন্ধসন্ধি।
জত্বশ্মক, ক্লী, শিলাজতু।
জনকারী [ন্], পুং, অলক্তক।
জননি, স্ত্রী, জনীনামক গন্ধদ্রব্য।
জননী, স্ত্রী, জনীনামক গন্ধদ্রব্য। যূথিকা কটুকী। মঞ্জিষ্ঠা। জটামাংসী। আলতা।
জনপ্রিয়, পুং, ধান্যক। শোভাঞ্জনবৃক্ষ।
জনবল্লভ, পুং, শ্বেতরোহিতকবৃক্ষ।

জনি, স্ত্রী, জনীনামক গন্ধদ্রব্য।
জনিনীলিকা, স্ত্রী, মহানীলী।
জনী, স্ত্রী, গন্ধদ্রব্যবিশেষ, জতুকা
জনেষ্ট, পুং, মুদ্গরবৃক্ষ।
জনেষ্টা, স্ত্রী, জতুকা। বৃদ্ধিনামক ওষধি। জাতীপুষ্প। হরিদ্রা।
জন্তুকম্বু, পুং, কৃমিশঙ্খ।
জন্তুকা, স্ত্রী, নাড়ীহিঙ্গু। লাক্ষা।
জন্তুঘ্ন, ক্লী, বিড়ঙ্গ। হিঙ্গু।
জন্তুঘ্ন, পুং, বীজপূর।
জন্তুঘ্নী, স্ত্রী, বিড়ঙ্গ।
জন্তুনাশন, ক্লী, হিঙ্গু।
জন্তুপাদপ, পুং, কোষাম্রবৃক্ষ।
জন্তুফল, পুং, উড়ুম্বর।
জন্তুমারী, স্ত্রী, নিম্বুক।
জন্তুলা, স্ত্রী, কাশতৃণ।
জন্তুহন্ত্রী, স্ত্রী, বিড়ঙ্গ।
জপা, স্ত্রী, জবাপুষ্পবৃক্ষ।
জম্বাল, পুং, শৈবাল। কেতকবৃক্ষ।
জম্বির, পুং, জম্বীর।
জম্বীর, পুং, জামীর, লেবু। গোঁড়ালেবু অর্জক। সিতার্জক। মরুবক।
জম্বু, স্ত্রী, জম্বূ। জামবৃক্ষ।
জম্বু, ক্লী স্ত্রী, জম্বুফল।
জম্বুক, পুং, গোলাপজাম। বরুণবৃক্ষ। শ্যোণাক প্রভেদ।
জম্বুল, পুং, জম্বূবৃক্ষ। কেতকবৃক্ষ।
জম্বুবনজ, ক্লী, শ্বেতজবাপুষ্প।
জম্বূ, স্ত্রী, নাগদমনী। বৃক্ষবিশেষ, জাম।
জম্বূকা, স্ত্রী, কাকোলীদ্রাক্ষা।
জম্বূল, পুং, জম্বূবৃক্ষ। কেতকীবৃক্ষ।
জম্ভ, পুং, জম্বীর।
জম্ভক, পুং, জম্বীর।
জম্ভর, পুং, ঐ
জম্ভল, পুং, ঐ।
জম্ভা, স্ত্রী, গোঁড়ালেবু। জৃম্ভা।
জম্ভী [ন্], পুং জম্বীর।
জম্ভীর, পুং, মরুবক। জম্বীর।
জয়ন্তিকা, স্ত্রী, হরিদ্রা।
জয়ন্তী, স্ত্রী, জয়ন্তীপুষ্প বৃক্ষ। [গোটা।
জয়পাল, পুং, স্বনামখ্যাত বৃক্ষ, জমাল্‌-
জয়া, স্ত্রী, বিজয়া। শান্তাবৃক্ষ। নীল-দূর্ব্বা। হরীতকী। অগ্নিমন্থবৃক্ষ। জয়ন্তী বৃক্ষ।
জয়াবহা, স্ত্রী, ভদ্রদন্তীবৃক্ষ।
জয়াশ্রয়া, স্ত্রী, জরড়ীতৃণ।
জয়াহ্বা, স্ত্রী, ভদ্রদন্তীবৃক্ষ।
জরড়ী, স্ত্রী, তৃণবিশেষ।
জরণ, ক্লী, হিঙ্গু। কুষ্ঠৌষধি।
জরণ, পুং, জীরক। কৃষ্ণজীরক। সৌবর্চ্চল লবণ। কাসমর্দ্দ
জরণা, স্ত্রী, কৃষ্ণজীরক।
জরণদ্রুম, পুং, অশ্বকর্ণবৃক্ষ।
জরা, স্ত্রী, বয়ঃকৃত শ্লথ মাংসাদি অবস্থা ভেদ, বার্দ্ধক্য।
জরায়ু, পুং, গর্ভবেষ্টন চর্ম্ম, গর্ভাশয়। অগ্নিজারবৃক্ষ।
জর্জ্জর, পুং, শৈলজ।
জর্ত্তিল, পুং, বনোদ্ভব তিল।
জর্হিল, পুং, ঐ।
জল, ক্লী, হ্রীবের, বালা। [ফল।
জলকণ্ট, জলকণ্টক, পুং, শৃঙ্গাট, পানি-
জলকরঙ্ক, পুং, নারিকেলফল। পদ্ম। শঙ্খ। জললতা।

জলকর্ণ, পুং, কাঁচড়াদাম, কানছিঁড়া।
জলকর্ণা, স্ত্রী, ঐ।
জলকঙ্ক, পুং, জম্বাল।
জলকামুক, পুং, কুটুম্বিনীবৃক্ষ।
জলকুন্তল, পুং, শৈবাল।
জলকেশ, পুং, ঐ।
জলঙ্গ, পুং, মহাকাল।
জলজ, ক্লী, পদ্ম। শঙ্খ।
জলজ, পুং, হিজ্জলবৃক্ষ। শৈবাল। বানীরবৃক্ষ। কুপীলু। শঙ্খ।
জলজন্তুকা, স্ত্রী, জলোকা।
জলজন্ম [ন্], ক্লী, পদ্ম।
জলজম্বুকা, স্ত্রী, ভুঁইজাম, বনজাম।
জলডিম্ব, পুং, শম্বূক।
জলতিক্তিকা, স্ত্রী, শল্লকীবৃক্ষ।
জলদ, পুং, মুস্তা।
জলদাশন, পুং, শালবৃক্ষ।
জলধর, পুং, মুস্তক। তিনিশবৃক্ষ।
জলনীলী, স্ত্রী, শৈবাল।
জলপিপ্পলী, স্ত্রী, পিপ্পলী বিশেষ। কাঁচড়া।
জলপৃষ্ঠজা, স্ত্রী, শৈবাল।
জলফল, ক্লী, শৃঙ্গাট, পানিফল।
জলব্রহ্মী, স্ত্রী. হিলমোচী।
জলভূ, পুং, কঙ্কট।
জলমধূক, পুং, মধূকবৃক্ষ প্রভেদ, জলমহুয়া।
জলমোদ, ক্লী, উশীর।
জলরস, পুং, লবণ।
জলরুট্ [হ্], পুং, পদ্ম।
জলরুহ, ক্লী, ঐ।
জলবল্কল, পুং, কুম্ভিকা, পানা।
জলবল্লী, স্ত্রী, শৃঙ্গাটক।
জলবাস, ক্লী, উশীর।
জলবাস, পুং, বিষ্ণুকন্দ।
জলবিন্দুজা, স্ত্রী, যাবনালী শর্করা।
জলবেতস, পুং, বানীর বৃক্ষ।
জলশুক্তি, স্ত্রী, শম্বূক।
জলশূক, ক্লী, শৈবাল।
জলসর্পিণী, স্ত্রী, জলোকা।
জলস্থা, স্ত্রী, গণ্ডদূর্ব্বা।
জলহাস, পুং, সমুদ্র ফেন।
জলাঞ্চল, ক্লী, শৈবাল।
জলায়ুকা, স্ত্রী, জলৌকা।
জলালু, পুং, পানীয়ালু।
জলালুক, ক্লী, পদ্মকন্দ।
জলাশয়, ক্লী, উশীর। লামজ্জক।
জলাশয়, পুং, শৃঙ্গাটক।
জলাশয়া, স্ত্রী, গুণ্ডালা বৃক্ষ।
জলাশ্রয়, পুং, বৃত্তগুণ্ড তৃণ।
জলাশ্রয়া, স্ত্রী, শূলীতৃণ।
জলাহ্বয়, ক্লী, উৎপল।
জলাক্ষী, স্ত্রী, জলপিপ্পলী।
জলেচ্ছয়া, স্ত্রী, হস্তিশুণ্ডা বৃক্ষ।
জলেজাত, ক্লী, পদ্ম।
জলেরুহা, স্ত্রী, কুটুম্বিনীবৃক্ষ।
জলোদর, ক্লী, জঠরাময়।
জলোদ্ভবা, স্ত্রী, লঘুব্রাহ্মী। শিহলী ছোপড়া।
জলোদ্ভূতা, স্ত্রী, গুণ্ডালাক্ষুপ।
জলোকাঃ [স্], জলোকা, স্ত্রী, জোঁক।
জবনাল, ক্লী, ফল বিশেষ, জনার।
জবনী, স্ত্রী, ওষধী বিশেষ। জিয়ল বৃক্ষ।
জবস, ক্লী, ঘাস।
জবা, স্ত্রী, স্বনাম খ্যাত পুষ্পবৃক্ষ।
জবাদি, স্ত্রী, সুগন্ধি দ্রব্য ভেদ।

জবাপুষ্প, ক্লী, ওড়পুষ্প।
জহা, স্ত্রী, মুণ্ডিতিকা, মুণ্ডিরী।
জাগুড়, ক্লী, কুঙ্কুম।
জাঙ্গল, ত্রি, হরিণাদি পশু।
জাঙ্গলী, স্ত্রী, শূকশিম্বী।
জাঙ্গুল, ক্লী, বিষ। জালিনীফল।
জাড্যিক, পুং, শ্রীকারী বৃক্ষ।
জাটলি, পুং, স্ত্রী, বৃক্ষ বিশেষ।
জাড্যারি, পুং, জম্বীর।
জাতবেদাঃ [স], পুং, চিত্রক বৃক্ষ
জাতরূপ, ক্লী, স্বর্ণ। ধুস্তূর।
জাতি, স্ত্রী, আমলকী। জাতীফল। মালতী। কাম্পিল্ল।
জাতিকোশ, ক্লী, জাতীফল।
জাতিকোষ, ক্লী, ঐ।
জাতিকোষী, স্ত্রী, জাতীপত্রী।
জাতিফল, ক্লী, জাতীফল, জায়ফল।
জাতিসার, ক্লী, ঐ।
জাতী, স্ত্রী, জাতীপুষ্প, চামেলী। জায়ফল।
জাতীকোশ, ক্লী, জাতীফল।
জাতীকোষ, ক্লী, জাতীফল। জৈত্রী
জাতীপত্রী, স্ত্রী, জাতীফলত্বক্, জৈত্রী
জাতীপূগ, পুং, জায়ফল।
জাতীফল, ক্লী, জায়ফল।
জাতীরস, ক্লী, বোল।
জাতুক, ক্লী, হিঙ্গু। [হাঁটু।
জানু, ক্লী, উরু ও জঙ্ঘার মধ্য ভাগ,
জামাতা [ঋ], পুং, হুড়হুড়ে।
জাম্বব, ক্লী, জম্বূফল। সুবর্ণ।
জাম্ববতী, স্ত্রী, নাগদমনী।
জাম্ববী, স্ত্রী, ঐ।
জাম্বূনদ, ক্লী, স্বর্ণ। ধুস্তূর।
জায়ক, ক্লী, কালীয়ক, কালিয়া নামক পীতবর্ণ সুগন্ধি কাষ্ঠ।
জায়ু, পুং, ঔষধ।
জারণী, স্ত্রী, স্থূলজীরক।
জারী, স্ত্রী, ঔষধ বিশেষ, জাড়ী।
জাল, ক্লী, অস্ফুটকলিকা। কুষ্মাণ্ডাদির ক্ষুদ্রফল, জালি।
জাল, পুং, কদম্ববৃক্ষ। [ক্ষুদ্রফল।
জালক, ক্লী, অস্ফুটকলিকা। কুষ্মাণ্ডাদি
জালক, ক্লী স্ত্রী, মোচকফল।
জালগর্দ্দভ, পুং, রোগবিশেষ, অগ্নিবাত নামে প্রসিদ্ধ।
জালবর্ব্বূরক, পুং, বর্ব্বূরবৃক্ষ বিশেষ।
জালিনী, স্ত্রী, কোশাতকী। ঘোষাতকী, ঘোষালতা।
জালিনীফল, ক্লী, ঘোষাফল।
জালী, স্ত্রী, ঝিঙ্গা। পটোল। পুরুল।
জাষক, ক্লী, কালীয় নামক গন্ধদ্রব্য।
জিঙ্গিনী, স্ত্রী, বৃক্ষবিশেষ।
জিঙ্গী, স্ত্রী, মঞ্জিষ্ঠা। পিয়াশাল।
জিতেন্দ্রিয়াহ্ব, পুং, কামবৃদ্ধি বৃক্ষ।
জিহ্ম, ক্লী, তগরবৃক্ষ, তগরপাদুকা।
জিহ্মশল্য, পুং, খদির।
জিহ্ব, ক্লী, তগরমূল।
জিহ্বা, স্ত্রী, রসনেন্দ্রিয়, জিব্।
জিহ্বানির্লেখন, ক্লী, জিহ্বামার্জ্জন দ্রব্য
জিহ্বাশল্য, পুং, খদির বৃক্ষ।
জীমূত, পুং, মুস্তা। দেবতাড় বৃক্ষ। ঘোষকলতা।
জীমূতক, পুং, ঐ।
জীমূতমূল, ক্লী, শটী।

জীর, পুং, জীরা।
জীরক পুং, ঐ।
জীরণ, পুং, ঐ।
জীরিকা, স্ত্রী, বংশপত্রী তৃণ।
জীর্ণ, ক্লী, শৈলজ।
জীর্ণ, পুং, জীরক।
জীর্ণজ্বর, পুং, পুরাতনজ্বর।
জীর্ণদারু, পুং, বৃদ্ধদারক ভেদ।
জীর্ণপত্রিকা, স্ত্রী, বংশপত্রীতৃণ।
জীর্ণপর্ণ, পুং কদম্ব।
জীর্ণবজ্র, ক্লী, বৈক্রান্তমণি।
জীর্ণবুধ্ন, পুং, পট্টিকা লোধ্র।
জীর্ণবুধ্নক, ক্লী, পরিপেল, কেওটমুতা।
জীর্ণা, স্ত্রী, স্থূলজীরক।
জীব, পুং, বৃক্ষবিশেষ।
জীবক,পুং,অষ্টবর্গান্তর্গত ওষধি বিশেষ।
জীবন, ক্লী, জল। পীতশাল।
জীবন, পুং, জীবকৌষধ। ক্ষুদ্রফলবৃক্ষ।
জীবনা, স্ত্রী, মেদৌষধ।
জীবনাঘাত, ক্লী, বিষ।
জীবনিকা, স্ত্রী, হরীতকী।
জীবনী, স্ত্রী, জীবন্তী। কাকোলী। ডোড়ী। মেদা। মহামেদা। যূথী।
জীবনীয়গণ, পুং, জীবক, ঋষভক, মেদ মহামেদ, কাকোলী, ক্ষীরকাকোলী, মুগানি, মাষানি, জীবন্তী, যষ্টিমধু। অপর—জীবক, ঋষভক, মেদ, মহামেদ, ঋদ্ধি, বৃদ্ধি, কাকোলী, ক্ষীরকাকোলী, মুগানি, মাষাণি, জীবন্তী, যষ্টিমধু।
জীবনীয়া, স্ত্রী, জীবন্তী। জিয়লষষ্টি।
জীবনেত্রী, স্ত্রী, সৈংহলী।
জীবন্ত, পুং, জীবশাক। ঔষধ।
জীবন্তিকা, স্ত্রী, বন্দা। বৃক্ষোপরি জাত বৃক্ষ। গুড়ূচী। জীবাখ্য শাক। জীবন্তী হরীতকী।
জীবন্তী, স্ত্রী, জিয়লিষষ্টী। লতা বিশেষ, জীবই, জীয়াতী। সুরাষ্ট্র দেশজ স্বর্ণবর্ণ হরীতকী। শমী। গুড়ূচী। বন্দা। ডোড়ী।
জীবপুত্রক, পুং, ইঙ্গুদীবৃক্ষ। জীয়াপুতা।
জীবপুষ্পা, স্ত্রী, বৃহজ্জীবন্তী।
জীবপ্রিয়া, স্ত্রী, হরীতকী।
জীবভদ্রা, স্ত্রী, জীবন্তীলতা। বৃদ্ধি নামক ওষধি।
জীবলা, স্ত্রী, সৈংহলী।
জীববল্লী, স্ত্রী, ক্ষীরকাকোলী।
জীবশাক, পুং, মালবে প্রসিদ্ধ শাক বিশেষ।
জীবশুক্লা, স্ত্রী, ক্ষীরকাকোলী।
জীবশ্রেষ্ঠা, স্ত্রী, ঋদ্ধিনামক ওষধি।
জীবসংজ্ঞ, পুং, কামবৃদ্ধি বৃক্ষ।
জীবসাধন, ক্লী, ধান্য।
জীবস্থান, ক্লী, মর্ম্মস্থান।
জীবা, স্ত্রী, জীবন্তী বৃক্ষ। বচ।
জীবালা, স্ত্রী, সৈংহলী।
জীবিকা, স্ত্রী, জীবন্তী।
জীব্যা, স্ত্রী, গোক্ষুরদুগ্ধা। জীবন্তী। হরীতকী।
জুঙ্গ, পুং, বৃদ্ধদারক বৃক্ষ।
জুঙ্গক, পুং, ঐ।
জুঙ্গা, স্ত্রী, ঐ।
জূতিকা, স্ত্রী, কর্পূরভেদ।

জর্ণাখ্য, পুং, তৃণ বিশেষ, উলু।
জর্ণাহ্বয়, পুং, দেবধান্য।
জৃষণ, ক্লী, বৃক্ষ বিশেষ, ধাইফুল।
জৃম্ভ, পুং, জৃম্ভণ, জৃম্ভা, জৃম্ভিকা, হাইতোলা।
জৃম্ভিণী, স্ত্রী, এলাপর্ণী।
জেন্তাক, পুং, স্বেদ ক্রিয়া বিশেষ।
জৈত্র, ক্লী, ঔষধ। পুং, পারদ।
জৈত্রী, স্ত্রী, জয়ন্তীবৃক্ষ।
জৈপাল, পুং, জয়পালবৃক্ষ।
জৈবাতৃক, পুং, কর্পূর। ঔষধ।
জোঙ্গক, ক্লী, অগুরু।
জোন্তালা, স্ত্রী, দেবধান্য।
জ্যেষ্ঠবলা, স্ত্রী, সহদেবী।
জ্যেষ্ঠাম্বু, ক্লী, তণ্ডুলাম্বু, চেলুনি।
জ্যোতিঃ [স্], পুং, মেথিকা।
জ্যোতিষ্ক, পুং, চিত্রকবৃক্ষ। মেথিকাবীজ। গণিকারিকা বৃক্ষ।
জ্যোতিষ্কা, স্ত্রী, জ্যোতিষ্মতী লতা।
জ্যোতিষ্মতী, স্ত্রী, লতা ফট্‌করী, নওয়া ফট্‌কী।
জ্যোৎস্না, জোৎস্নিকা, স্ত্রী, শ্বেতঘোসা। পটোলিকা, ঝিঙ্গা।
জ্যোৎস্নী, পটোলিকা, ঝিঙ্গা। রেণুকা নামক গন্ধদ্রব্য। শ্বেতঘোষা। পুরুল
জ্যোৎস্নী, স্ত্রী, জ্যোৎস্নী।
জ্বর, পুং, স্বনামখ্যাত রোগ।
জ্বরঘ্ন, পুং, গুড়ূচী। বাস্তূক।
জ্বরহন্ত্রী, স্ত্রী, মঞ্জিষ্ঠা।
জ্বরাঙ্গী, স্ত্রী, ভদ্রদন্তিকা।
জ্বরান্তক, পুং, নেপালনিম্ব। আরগ্বধ।
জ্বরাপহা, স্ত্রী, বিল্বপত্রী, বেলশুঁঠা।
জ্বলন, পুং, চিত্রকবৃক্ষ।
জ্বলিনী, স্ত্রী, মূর্ব্বালতা।
জ্বালাগর্দ্দভক, পুং, রোগবিশেষ।
জ্বালামুখ্যা, স্ত্রী, ঈশলাঙ্গলা।

ঝ

ঝটা, স্ত্রী, ভূমী আমলা।
ঝষা, স্ত্রী, নাগবলা, গোরক্ষচাকুল্যা।
ঝাটল, পুং, ঘণ্টাপাটলি।
ঝাটা, স্ত্রী, ভূম্যামলকী। যূথীবৃক্ষ।
ঝাটিকা, স্ত্রী, ঐ।
ঝাবু, পুং, ঝাউবৃক্ষ।
ঝাবুক, পুং, ঐ।
ঝিঙ্গাক, ক্লী, ফল বিশেষ, ঝিঙ্গা।
ঝিঙ্গিনী, স্ত্রী, জিঙ্গিনীবৃক্ষ।
ঝিঙ্গী, স্ত্রী, ঐ।
ঝিঞ্ঝিরিষ্টা, স্ত্রী, ক্ষুপবিশেষ, ঝিঞ্ঝিরিটা।
ঝিণ্টী, স্ত্রী, পুষ্পবৃক্ষ বিশেষ, ঝাঁটী। কুন্দরতৃণ।
[illegible]গি, স্ত্রী, ক্রমুকভেদ।
ঝোড়, পুং, গুবাকবৃক্ষ।

ট

টক্কদেশীয়, পুং, বাস্তূকশাক।
টগর, পুং, টঙ্কণক্ষার।
টঙ্ক, পুং, নীল কপিত্থ। অর্দ্ধতোলা।
টঙ্কণ, পুং, ক্ষার বিশেষ, সোহাগা।
টঙ্কানক, পুং, ব্রহ্মদারুবৃক্ষ।
টঙ্কারী, স্ত্রী, ক্ষুপবিশেষ, টেকারী।
টঙ্গ, পুং, টঙ্গণ, সোহাগা।
টঙ্গণ, পুং ক্লী, ঐ।
টঙ্গিণী, স্ত্রী, বৃক্ষ বিশেষ, আকনাদি।
টিণ্টিণিকা, স্ত্রী, অম্বুশিরীষিকা।

টিণ্ডিশ, পুং, বৃক্ষ বিশেষ, ডিণ্ডিশা, ডেঁড়শী।
টুণ্টুক, পুং, শ্যোণাকবৃক্ষ। কৃষ্ণখদির বৃক্ষ। শ্যোণাক প্রভেদ।
টুণ্টুকা, স্ত্রী, টঙ্গিণীবৃক্ষ।
টুনাকা, স্ত্রী, তালমূলীবৃক্ষ।

ড

ডঙ্গরী, স্ত্রী, ফলবিশেষ।
ডঙ্গারী, স্ত্রী, ডঙ্গরীফল।
ডহু, পুং, বৃক্ষবিশেষ, ডেহুয়া, মাদার।
ডহূ, স্ত্রী, ঐ।
ডাঙ্গরী, স্ত্রী, ডঙ্গরীফল।
ডালিম, পুং, দালিম। [আমলা।
ডিণ্ডিম, পুং, কৃষ্ণপাকফল, পানি-
ডিণ্ডির, পুং, সমুদ্রফেন।
ডিণ্ডিরমোদক, ক্লী, গৃঞ্জন, লশুন।
ডিণ্ডিশ, পুং, টিণ্ডিশ।
ডিম্ব, ক্লী, কলল, জরায়ু। ফুপ্ফুস।
ডিম্ব, পুং, অণ্ড। ফুপ্ফুস। প্লীহা।
ডিম্বিকা, স্ত্রী, শোণকবৃক্ষ।
ডুলী, স্ত্রী, চিল্লীশাক।
ডোড়ী, স্ত্রী, ক্ষুপবিশেষ, জীবন্তীশাক
ডোরডী, স্ত্রী, বৃহতী।

ত

তক্র, ক্লী, পাদাম্বু সংযুত দধি, ঘোল
তক্রকূর্চ্চিকা, স্ত্রী, ছানা।
তগর, ক্লী, নদীবৃক্ষ, তগরপাদুকা।
তগর, পুং, টগরপুষ্পবৃক্ষ। মদনবৃক্ষ
তগরপাদিক, ক্লী, তগরপাদুকা।
তজ্বী, স্ত্রী, হিঙ্গুপত্রী।
তড়িত্বান্ [ৎ], পুং, মুস্তক।
তণ্ডুরীণ, পুং, তণ্ডুলোদক।
তণ্ডুল, পুং, বিড়ঙ্গ। তণ্ডুলীয়শাক। ধান্যাদি নিকর, চাউল।
তণ্ডুলা স্ত্রী, মহাসমঙ্গা। বিড়ঙ্গ।
তণ্ডুলাম্বু, ক্লী, তণ্ডুলোদক, চেলুনি।
তণ্ডুলী, স্ত্রী, যবতিক্তালতা। শশাণ্ডুলী-কর্কটী। তণ্ডুলীয়শাক।
তণ্ডুলীক, পুং, তণ্ডুলীয়শাক।
তণ্ডুলীয়, পুং, ক্ষুদিয়ানটে, চাঁপানটে শাক।
তণ্ডুলীয়ক, পুং, তণ্ডুলীয়শাক। বিড়ঙ্গ।
তণ্ডুলীয়িকা, স্ত্রী, বিড়ঙ্গ।
তণ্ডুলু, স্ত্রী, ঐ।
তণ্ডুলের, পুং, তণ্ডুলীয়শাক।
তণ্ডুলোত্থ, ক্লী, তণ্ডুলাম্বু।
তণ্ডুলোদক, ক্লী, ঐ।
তণ্ডুলৌঘ, পুং, বেষ্টবংশ, বেউড়বাঁশ।
ততপত্রী, স্ত্রী, কদলীবৃক্ষ।
তৎফল, পুং, কুবলয়। কুষ্ঠ নামক ঔষধ। চৌরনামক সুগন্ধি দ্রব্য।
তনয়া, স্ত্রী, চক্রকুল্যালতা।
তনুচ্ছায়, পুং, জালবর্ব্বুরক বৃক্ষ।
তনুত্বচা, স্ত্রী, ক্ষুদ্রাগ্নিমন্থ।
তনুপত্র, পুং, ইঙ্গুদীবৃক্ষ।
তনুবীজ, পুং, রাজবদর।
তনুব্রণ, পুং, বল্মীক রোগ।
তনুক্ষীর, পুং, আম্রাতক।
তনূনপ, ক্লী, ঘৃত।
তনূনপাৎ [দ্], পুং, চিত্রকবৃক্ষ।
তন্তুক, পুং, সর্ষপ।
তন্তুকী, স্ত্রী, নাড়ী।

তন্তুনির্য্যাস, পুং, তাল।
তন্তুভ, পুং, সর্ষপ।
তন্তুর, ক্লী, মৃণাল।
তন্তুল, ক্লী, ঐ।
তন্তুবিগ্রহা, স্ত্রী, কদলী।
তন্তুসার, পুং, গুবাকবৃক্ষ।
তন্ত্রিকা, স্ত্রী, গুড়ূচী।
তন্ত্রী, স্ত্রী, ঐ।
তন্দ্রা, স্ত্রী, নিদ্রাবৎক্লান্তি।
তন্নি, স্ত্রী, চক্রকুল্যা, চাকুলে।
তন্বী, স্ত্রী, শালপর্ণী।
তপন, পুং, ভল্লাতক বৃক্ষ। অর্কবৃক্ষ। তাম্র। ক্ষুদ্রাগ্নিমন্থবৃক্ষ। সূর্য্যকান্ত মণি
তপনচ্ছদ, পুং, আদিত্যপত্র বৃক্ষ।
তপনতনয়া, স্ত্রী, শমীবৃক্ষ।
তপনমণি, পুং, সূর্য্যকান্তমণি।
তপনীয়, ক্লী, স্বর্ণ।
তপনীয়ক, ক্লী, ঐ।
তপনেষ্ট, ক্লী, তাম্র।
তপস্য, ক্লী, কুন্দপুষ্প।
তপস্বিনী, স্ত্রী, জটামাংসী। কটুরোহিণী। মহাশ্রাবণিকা।
তপস্বিপত্র, পুং, দমনকবৃক্ষ।
তপস্বী [ন্], পুং, ঘৃতকরঞ্জ বৃক্ষ। তপ্সিমাছ।
তপোধন, পুং, দমনকবৃক্ষ।
তপোধনা, স্ত্রী, মুণ্ডিরী।
তপ্তরূপক, ক্লী, রৌপ্য।
তম, পুং, তমালবৃক্ষ।
তমর, ক্লী, বঙ্গ।
তমরাজ, পুং, শর্করা বিশেষ, নবাত।
তমস্বিনী, স্ত্রী, হরিদ্রা।
তমা, স্ত্রী, তমালবৃক্ষ।
তমাল, ক্লী, পত্রক, তেজপত্র।
তমাল, পুং, স্বনামখ্যাত বৃক্ষ। বরুণবৃক্ষ। কৃষ্ণখদির। পুং, ক্লী, বৃক্ষ বিশেষ। বংশত্বক্।
তমালক, ক্লী, সুনিষণ্ণশাক। তেজপত্র।
তমালক, পুং, ক্লী, তমালবৃক্ষ। বংশত্বক্।
তমালপত্র, ক্লী, তমালবৃক্ষ। তেজপত্র।
তমালিকা, স্ত্রী, তাম্রবল্লী। ভূম্যামলকী।
তমালিনী, স্ত্রী, ভূম্যালকী।
তমালী, স্ত্রী, বরুণবৃক্ষ। তাম্রবল্লী।
তমী, স্ত্রী, হরিদ্রা।
তরণি, স্ত্রী, ঘৃতকুমারী।
তরণি, পুং, অর্কবৃক্ষ।
তরণী, স্ত্রী, পদ্মচারিণী। ঘৃতকুমারী।
তরদা, স্ত্রী, কণ্টকিবৃক্ষ ভেদ।
তরম্বুজ, ক্লী, তরমুজ।
তরলা, স্ত্রী, যবাগূ। সুরা। মধুমক্ষিকা।
তরিতা, স্ত্রী, গৃঞ্জন, গাঁজা।
তরুণ, ক্লী, কুব্জপুষ্প।
তরুণ, পুং, স্থূলজীরক। এরণ্ড।
তরুণজ্বর, পুং, সপ্তাহাবধি জ্বর।
তরুণদধি, ক্লী, পঞ্চদিনাতীত দধি।
তরুণী, স্ত্রী, ঘৃতকুমারী। দন্তী বৃক্ষ। চীড়া নামক গন্ধদ্রব্য। পুষ্পবিশেষ, সেউতী।
তরুণীকটাক্ষমাল, পুং, তিলক বৃক্ষ।
তরুভুক্ [জ্], পুং, বন্দাক।
তরুরাজ, পুং, তালবৃক্ষ।
তরুরুহা, স্ত্রী, বন্দাক।

তরুরোহিণী, স্ত্রী, বন্দাক।
তরুবল্লী, স্ত্রী, জতুকালতা।
তরুসার, পুং, কর্পূর।
তরুস্থা, স্ত্রী, বন্দাক।
তরূট, পুং, উৎপল কন্দ।
তর্কারী, স্ত্রী, জয়ন্তীবৃক্ষ।
তর্কারু, পুং, কুষ্মাণ্ড।
তর্কিণ, পুং, চক্রমর্দ্দবৃক্ষ।
তর্কিল, পুং, ঐ। [প্রদেশিনী।
তর্জনী, স্ত্রী, অঙ্গুষ্ঠ সমীপস্থ অঙ্গুলি,
তপর্ণী, স্ত্রী, গুরুস্কন্ধবৃক্ষ, শ্লেষ্মণাবৃক্ষ।
তর্পিণী, স্ত্রী, পদ্মচারিণী।
তর্ব্বট, পুং, চক্রমর্দ্দ।
তর্ষ্য, পুং, যবক্ষার।
তল, পুং, তালবৃক্ষ।
তলিত, ক্লী, ভৃষ্টমাংস।
তবরাজ, পুং, যবাস শর্করা।
তবরাজোদ্ভবখণ্ড, পুং, যবাস শর্করা সম্ভূত খণ্ড।
তবক্ষীরী, স্ত্রী, গন্ধপত্রা।
তবীষ, পুং, স্বর্ণ। [হুলী।
তস্কর, পুং, পৃক্কাশাক। মদনবৃক্ষ। চোর-
তস্করস্নায়ু, পুং, কাকনাসালতা।
তাড়ক, পুং, বীজতাড়ক।
তাড়কাফল, ক্লী, বৃহদেলা।
তাড়কীফল, ক্লী, ঐ।
তাড়ি, পুং. পত্রদ্রুম, তাড়িগাত বৃক্ষ।
তাড়ী, স্ত্রী, ঐ।
তাপস, ক্লী, তমালপত্র, তেজপাত।
তাপস, পুং, দমনক বৃক্ষ।
তাপসতরু, পুং, ইঙ্গুদী বৃক্ষ।
তাপসদ্রুম, পুং, ঐ।
তাপসদ্রুমসন্নিভা, স্ত্রী, গর্ভদাত্রীক্ষুপ।
তাপসপ্রিয়, পুং, পিয়াল বৃক্ষ। ইঙ্গুদী বৃক্ষ।
তাপসপ্রিয়া, স্ত্রী, দ্রাক্ষা।
তাপিঞ্জ, ক্লী, ধাতু মাক্ষিক।
তাপিঞ্জ, পুং, তমালবৃক্ষ।
তাপ্য, ক্লী, স্বর্ণমাক্ষিক। ধাতুমাক্ষিক।
তাপ্যক, ক্লী, মাক্ষিক।
তাপ্যুত্থসংজ্ঞক, ক্লী, ঐ।
তামর, ক্লী, জল। ঘৃত।
তামরস, ক্লী, পদ্ম। স্বর্ণ। তাম্র।
তামলকী, স্ত্রী, ভূম্যামলকী।
তামসী, স্ত্রী, জটামাংসী।
তাম্র, ক্লী, তামা।
তাম্র, পুং, কুষ্ঠরোগ বিশেষ।
তাম্রক, ক্লী, তাম্র।
তাম্রকূট, পুং, ক্ষুপ বিশেষ, তামাক।
তাম্রগর্ভ, ক্লী, তুত্থ, তুঁতে।
তাম্রচূড়, পুং, কুক্কুট। কুক্কুর দ্রু।
তাম্রদুগ্ধা, স্ত্রী, গোরক্ষদুগ্ধা।
তাম্রপত্র, পুং জীবশাক
তাম্রপর্ণী, স্ত্রী, মঞ্জিষ্ঠা।
তাম্রপল্লব, পুং, অশোকবৃক্ষ।
তাম্রপাকী [ন্], পুং, গর্দ্দভাণ্ড বৃক্ষ।
তাম্রপাদী, স্ত্রী, হংসপদী।
তাম্রপুষ্প, পুং, রক্ত কাঞ্চন। ভূমী-চম্পক।
তাম্রপুষ্পিকা, স্ত্রী, রক্ত ত্রিবৃৎ।
তাম্রপুষ্পী, স্ত্রী, ধাতকী। পাটলা বৃক্ষ।
তাম্রফল, পুং, অঙ্কোঠ বৃক্ষ।
তাম্রমূলা, স্ত্রী, দুরালভা। লজ্জালু। কচ্ছুরা, ক্ষীরাই।

তাম্রবর্ণ, পুং, পল্লিবাহ তৃণ।
তাম্রবর্ণা, স্ত্রী, ওড্রপুষ্প বৃক্ষ।
তাম্রবল্লী, স্ত্রী, মঞ্জিষ্ঠা।
তামবীজ, পুং, কুলথ।
তাম্রবৃন্ত, পুং, ঐ।
তাম্রবৃন্তা, স্ত্রী, কুলথিকা।
তাম্রবৃক্ষ, পুং, রক্তচন্দন। কুলথ।
তাম্রসার, ক্লী, রক্তচন্দন।
তাম্রসারক, ক্লী, ঐ।
তাম্রসারক, পুং, রক্তখদির।
তাম্রা, স্ত্রী, সৈংহলী।
তাম্রাভ, ক্লী, রক্তচন্দন।
তাম্রার্দ্ধ, ক্লী, কাংস্য।
তাম্রিকা, স্ত্রী, গুঞ্জা।
তাম্বূল, ক্লী, পূর্ণ, পান। ক্রমুক।
তাম্বূলপত্র, পুং, পিণ্ডালু।
তাম্বূলরাগ, পুং, মসূর।
তাম্বূলবল্লিকা, স্ত্রী, তাম্বূলী।
তাম্বূলবল্লী, স্ত্রী, তাম্বূল লতা, পানের গাছ।
তাম্বূলী, স্ত্রী, ঐ।
তার, ক্লী, রূপ্য। মুক্তা।
তার, পুং, শুদ্ধমৌক্তিক। [তারা।
তারক, ক্লী, স্ত্রী, কনীনিকা, চক্ষের
তারকা, স্ত্রী, ক্লী, ঐ।
তারকা, স্ত্রী, ইন্দ্রবারুণী।
তারতণ্ডুল, পুং, শ্বেতযাবনাল।
তারদী, স্ত্রী, তরদী বৃক্ষ।
তারপুষ্প, পুং, কুন্দপুষ্পবৃক্ষ।
তারবিমলা স্ত্রী, ধাতুবিশেষ, সীসক।
তারশুদ্ধিকর, ক্লী, ঐ।
তারা, স্ত্রী, পুং, চক্ষের তারা।
তারা, স্ত্রী, চৌড়া। মুক্তা।
তারাভ্র, পুং, কর্পূর।
তারারি, পুং, বিটমাক্ষিক।
তারিকা, স্ত্রী, তালরস, তাড়ী।
তার্ক্ষী, স্ত্রী, পাতালগরুড়ীলতা।
তার্ক্ষ্য, ক্লী, রসাঞ্জন।
তার্ক্ষ্য, পুং, শালবৃক্ষ। মোল বৃক্ষ। অশ্বকর্ণ বৃক্ষ। স্বর্ণ।
তার্ক্ষ্যজ, ক্লী, রসাঞ্জন।
তার্ক্ষ্যপ্রসব, পুং, অশ্বকর্ণ বৃক্ষ।
তার্ক্ষ্যশৈল, ক্লী, রসাঞ্জন।
তার্ক্ষ্যী, স্ত্রী, বনলতা বিশেষ।
তাল, ক্লী, হরিতাল। তালীশপত্র। তালফল।
তাল, পুং, স্বনামখ্যাত বৃক্ষ।
তালক, ক্লী, হরিতাল। তুবরিকা।
তালকী, স্ত্রী, তালসুরা, তাড়ী।
তালপত্রিকা, স্ত্রী, মুসলী, তালমূলী।
তালপত্রী, স্ত্রী, মূষিকপর্ণী।
তালপর্ণ, ক্লী স্ত্রী, মুরানামক গন্ধদ্রব্য।
তালপর্ণী, স্ত্রী, মধুরিকা। মুরা। তালমূলী।
তালপুষ্পক, ক্লী, প্রপৌণ্ডরীক।
তালপ্রলম্ব, ক্লী, তালজটা।
তালমূলিকা, স্ত্রী, তালমূলী।
তালমূলী, স্ত্রী, স্বনামখ্যাত বৃক্ষ।
তালবৃন্ত, ক্লী, ব্যজন, তালপাতার পাখা।
তালক্ষীরক, ক্লী, তালসম্ভূত ক্ষীর (তালমিছরি।)
তালাখ্যা, স্ত্রী, মুরা।
তালাঙ্ক, পুং, শাকভেদ। [মনছাল।
তালাঙ্কুর, পুং, তাল আঁটিরশস্য।
তালি, স্ত্রী, ভূম্যামলকী। তালমূলী।

তালিকা, স্ত্রী, তালমূলী। তাম্রবল্লী।
তালী, স্ত্রী, তাড়ী, তাড়িয়াং। তাম-লকী, ভুঁইআমলা। তুবরিকা। তাল-মূলী। তাম্রবল্লী। সুরাভেদ, তাড়ী। খর্জ্জুর। তালীশপত্র।
তালীপত্র, ক্লী, তালীশপত্র।
তালীশ, ক্লী, ঐ।
তালীশপত্র, ক্লী, স্বনামখ্যাত বৃক্ষ। ভূম্যামলকী।
তাল্লু, তালুক, ক্লী, টাক্‌রা, লেসো।
তাবীস, পুং, স্বর্ণ।
তিক্ত, ক্লী, পপ্পটিকৌষধি, ক্ষেত-পাপড়া।
তিক্ত, পুং, রসবিশেষ, তিত। কুটজ-বৃক্ষ। বরুণবৃক্ষ।
তিক্তক, পুং, পটোল। চিরতিক্ত, চিরাতা। কৃষ্ণখদির। ইঙ্গুদীবৃক্ষ।
তিক্তকন্দিকা, স্ত্রী, গন্ধপত্রা।
তিক্তকা, স্ত্রী, কটুতুম্বী, তিতলাউ।
তিক্তগন্ধিকা, স্ত্রী, বরাহক্রান্তা।
তিক্তগুঞ্জা, স্ত্রী, করঞ্জ।
তিক্ততণ্ডুলা, স্ত্রী, পিপ্পলী।
তিক্ততুণ্ডী, স্ত্রী, কটুতুণ্ডীলতা।
তিক্ততুম্বী, স্ত্রী, কটুতুম্বী, তিতলাউ।
তিক্তদুগ্ধা, স্ত্রী, ক্ষীরিণী, ক্ষীরুই। অজশৃঙ্গী।
তিক্তধাতু, পুং, পিত্ত।
তিক্তপত্র, পুং, কর্কোটক, কাঁকরোল।
তিক্তপর্ব্বা [ন্], পুং, দূর্ব্বা। হিল-মোচা। গুড়ূচী। যষ্টিমধু।
তিক্তপুষ্পা, স্ত্রী, পাঠা।
তিক্তফল, পুং, কতক বৃক্ষ।
তিক্তফলা, স্ত্রী, যবতিক্তালতা। বার্ত্তাকী। ষড়্‌ভুজা, খরমুজ।
তিক্তভদ্রক, পুং, পটোল।
তিক্তমরিচ, পুং, কতকবৃক্ষ
তিক্তরোহিণিকা, স্ত্রী, কটুকা।
তিক্তরোহিণী, স্ত্রী, ঐ।
তিক্তবল্লী, স্ত্রী, মূর্ব্বালতা।
তিক্তবীজা, স্ত্রী, কটুতুম্বী।
তিক্তশাক, পুং, খদিরবৃক্ষ। বরুণবৃক্ষ। পত্রসুন্দর বৃক্ষ।
তিক্তসার, ক্লী, দীর্ঘরোহিষক তৃণ।
তিক্তসার, পুং, খদিরবৃক্ষ।
তিক্তা, স্ত্রী, কটুরোহিণী। পাঠা। যব-তিক্তালতা। ষড়্‌ভুজা। ছিক্কনী। লতাকস্তুরী।
তিক্তাখ্যা, স্ত্রী, কটুতুণ্ডী।
তিক্তাঙ্গা, স্ত্রী, পাতালগরুড়ী লতা।
তিক্তিকা, স্ত্রী, কটুতুম্বী।
তিণ্টী, স্ত্রী, ত্রিবৃৎ। [তিত্তির।
তিত্তির, তিত্তিরি, পুং, পক্ষি বিশেষ,
তিনাশক, পুং, তিনিশবৃক্ষ।
তিনিশ, পুং, স্বনামখ্যাত বৃক্ষ।
তিন্তিড়, পুং, চিঞ্চা। বৃক্ষাম্ল।
তিন্তিড়িকা, স্ত্রী, তিন্তিড়ী।
তিন্তিড়ী, স্ত্রী, বৃক্ষবিশেষ, তেঁতুল। বৃক্ষাম্ল।
তিন্তিড়ীক, ক্লী, বৃক্ষাম্ল।
তিন্তিড়ীকা, স্ত্রী, তিন্তিড়ী।
তিন্তিলিকা, স্ত্রী, ঐ।
তিন্তিলী, স্ত্রী, ঐ।
তিন্তিলীকা, স্ত্রী, ঐ।
তিন্দিশ, পুং, টিণ্ডিশবৃক্ষ।

তিন্দু, পুং, তিন্দুকবৃক্ষ।
তিন্দুক, ক্লী, কর্ষপরিমাণ।
তিন্দুক, পুং স্ত্রী, বৃক্ষ বিশেষ, গাব
তিন্দুকি, স্ত্রী, ঐ।
তিন্দুকিনী, স্ত্রী, আবর্ত্তকী।
তিন্দুকী, স্ত্রী, তিন্দুক।
তিন্দুল, পুং, ঐ।
তিমির, ক্লী, পুং, নেত্ররোগ বিশেষ।
তিমিষ, পুং, গ্রাম্য কর্কটী।
তিরিম, পুং, শালিভেদ।
তিরিয়, পুং, শালি বিশেষ।
তিরীট, পুং, লোধ্র।
তিল, পুং, স্বনামখ্যাত শস্য।
তিলক, ক্লী, ক্লোম। কৃষ্ণবর্ণ সৌবর্চ্চল।
তিলক, পুং, পুষ্পবৃক্ষ বিশেষ। মরুবক। ক্ষুদ্ররোগবিশেষ, তিলকালক, তিল।
তিলকালক, পুং, ক্ষুদ্ররোগ বিশেষ, তিল।
তিলচিত্রপত্রক, পুং, তৈলকন্দ।
তিলতৈল, ক্লী, তিলস্নেহ।
তিলপর্ণ, ক্লী, চন্দন। তিলবৃক্ষ পত্র।
তিলপর্ণ, পুং, শ্রীবেষ্ট।
তিলপর্ণিকা, স্ত্রী, রক্তচন্দন।
তিলপর্ণী, স্ত্রী, ঐ। [কুটা।
তিলপিচ্চট, ক্লী, তিলপিষ্টক। তিল-
তিলপিঞ্জ, পুং, নিষ্ফল তিলবৃক্ষ।
তিলরস, পুং, তিলতৈল।
তিলাঙ্কিতদল, পুং, তৈলকন্দ।
তিলাপত্যা, স্ত্রী, কৃষ্ণজীরক।
তিলৌদন, ক্লী, কৃশর।
তিল্ব, পুং, লোধ্র। শ্বেতলোধ্র। রক্তলোধ্র।
তিল্বক, পুং, লোধ্র।
তিষ্যপুষ্পা, স্ত্রী, আমলকী।
তিষ্যফলা, স্ত্রী, ঐ।
তিষ্যা, স্ত্রী, ঐ
তীর্ণপদী, স্ত্রী, তালমূলী।
তীব্র, ক্লী, লোহ।
তীব্রকণ্ঠ, পুং, শূরণ।
তীব্রগন্ধা, স্ত্রী, যবানী।
তীব্রজ্বালা, স্ত্রী, ধাতকী।
তীব্রা, স্ত্রী, কটুরোহিণী। গণ্ডদূর্বা। রাজিকা। মহাজ্যোতিষ্মতী। তরদী বৃক্ষ। তুলসী।
তীক্ষ্ণ, ক্লী, বিষ। লোহ। সামুদ্র লবণ। মুষ্কক। চব্য।
তীক্ষ্ণ, পুং যবক্ষার। শ্বেতকুশ। কুন্দুরুক
তীক্ষ্ণক, পুং, মুষ্কক। গৌরসর্ষপ।
তীক্ষ্ণকণ্টক, পুং, ধুস্তূর। বর্ব্বূর। ইঙ্গুদী। করীর।
তীক্ষ্ণকণ্টকা, স্ত্রী, কন্থারী বৃক্ষ।
তীক্ষ্ণকন্দ, পুং পলাণ্ডু।
তীক্ষ্ণকল্ক, পুং, তুম্বুরুবৃক্ষ।
তীক্ষ্ণগন্ধ, পুং, শোভাঞ্জন। রক্ততুলসী। কুন্দুরুনামক গন্ধদ্রব্য।
তীক্ষ্ণগন্ধক, পুং, শোভাঞ্জন বৃক্ষ।
তীক্ষ্ণগন্ধা, স্ত্রী, শ্বেতবচা। কন্থারী। রাজিকা। বচা। জীবন্তী। ক্ষুদ্রৈলা।
তীক্ষ্ণতণ্ডুলা, স্ত্রী, পিপ্পলী।
তীক্ষ্ণতৈল, ক্লী, সর্জরস। স্নুহীক্ষীর। সুরা। কটুতৈল।
তীক্ষ্ণপত্র, পুং তুম্বুরুবৃক্ষ।

তীক্ষ্ণপুষ্প, ক্লী, লবঙ্গ।
তীক্ষ্ণপুষ্পা, স্ত্রী, কেতকী।
তীক্ষ্ণফল, পুং, তুম্বুরুবৃক্ষ।
তীক্ষ্ণমূল, পুং, শিগ্রু। কুলঞ্জন।
তীক্ষ্ণরস, পুং, যবক্ষার।
তীক্ষ্ণশূক, পুং, যব।
তীক্ষ্ণসারা, স্ত্রী, শিংশপা।
তীক্ষ্ণা, স্ত্রী, বচা। সর্পকঙ্কালিকাবৃক্ষ। কপিকচ্ছু। মহাজ্যোতিষ্মতী। অত্যম্লপর্ণী।
তীক্ষ্ণায়স, ক্লী, লৌহবিশেষ, তীখা,
তুকাক্ষীরী, স্ত্রী, বংশলোচন।
পদ্মদর্শন, পুং, শ্রীবাস, লোবান্।
পদ্মতন্তু, পুং, মৃণাল।
পদ্মনাল, ক্লী, ঐ।
পদ্মপত্র, ক্লী, পুষ্করমুল।
পদ্মপর্ণ, ক্লী, ঐ।
পদ্মপুষ্প, পুং, কর্ণিকারবৃক্ষ।
পদ্মমুখী, স্ত্রী, দুরালভা। [মাণিক।
পদ্মরাগ, পুং, রক্তবর্ণ মণি বিশেষ,
পদ্মবর্ণক, ক্লী, পুষ্করমূল।
পদ্মবীজ, ক্লী, কমলবীজ, পদ্মেরবীজ।
পদ্মবীজাভ, ক্লী, মখান্ন, মাখানা।
পদ্মা, স্ত্রী, লবঙ্গ। পদ্মচারিণী। ফঞ্জিকা।
কুসুম্ভপুষ্প।
পদ্মাট, পুং, চক্রমর্দ্দ।
পদ্মালয়া, স্ত্রী, লবঙ্গ।
পদ্মাবতী, স্ত্রী, পদ্মচারিণী।
পদ্মাহ্বা, স্ত্রী, ঐ।
পদ্মাক্ষ, ক্লী, পদ্মবীজ।
পদ্মিনী, স্ত্রী, পদ্মলতা। পদ্ম। মৃণাল।
পদ্মিনীকণ্টক, পুং, ক্ষুদ্ররোগ বিশেষ,
পদ্মকাটা।
পদ্মোত্তর, পুং, কুসুম্ভ।
পনস, পুং, ফলবৃক্ষ বিশেষ, কাঁটাল।
পনসতালিকা, স্ত্রী, কণ্টকিফল।
পনসিকা, স্ত্রী, কর্ণাভ্যন্তর জাত ব্রণ-
বিশেষ।
পন্নগ, পুং, পদ্মকাষ্ঠ। ওষধি বিশেষ।
পন্নগকেশর, পুং, নাগকেশর পুষ্প।
পন্নগী, স্ত্রী, সর্পিণীক্ষুপ।
পমরা, স্ত্রী, গন্ধদ্রব্য বিশেষ, সল্লকী।
পয়ঃ [স্], ক্লী, জল। দুগ্ধ।
পয়ঃকন্দা, স্ত্রী, ক্ষীরবিদারী।
পয়ঃপেটী, স্ত্রী, নারিকেল ফল।
পয়ঃফেনী, স্ত্রী, দুগ্ধফেনী ক্ষুপ।
পয়স্যা, স্ত্রী, দুগ্ধিকা। ক্ষীরকাকোলী
স্বর্ণক্ষীরী। অর্কপুষ্পিকা। কুট্-
ম্বিনী ক্ষুপ। আমিক্ষা, ছানা।

পয়স্বিনী, স্ত্রী, কাকোলী। ক্ষীরকাকোলী। দুগ্ধফেনী। ক্ষীরবিদারী। জীবন্তী।
পয়োগড়, পয়োঘন, পুং, ঘনোপল, মেঘ সম্ভূত শিলা। [স্ত্রীস্তন।
পয়োধর, পুং, নারিকেল। কশেরু।
পয়োব্ধিক, ক্লী, সমুদ্র ফেন।
পয়োর, পুং, খদির।
পয়োলতা, স্ত্রী, ক্ষীরবিদারী।
পরপুষ্টমহোৎসব, পুং, আম্র।
পরপুষ্টা, স্ত্রী, বৃক্ষোপরিজাত লতা বিশেষ, পরসাড়া, পরগাছা।
পরণা, স্ত্রী, চই।
পরমায়ুঃ [স্], ক্লী, আয়ু,জীবিতকাল।
পরমায়ুষ, পুং, অসনবৃক্ষ।
পরমেষ্ঠিনী, স্ত্রী, ব্রাহ্মী, বামুনহাটী।
পররু, পুং, কেশরাজ।
পরশু, পুং, কুড়ুলিয়া। [লিয়া।
পরশুদ্বয়, ক্লী, কোদালিয়া ও কুড়ু-
পরা, স্ত্রী, বন্ধ্যাকর্কোটকী।
পরাক্পুষ্পী, স্ত্রী, অপামার্গ।
পরাগ, পুং, পুষ্পরেণু। চন্দন।
পরাৎপ্রিয়, পুং, তৃণ বিশেষ, উলু।
পরাপর, ক্লী, পরূষক।
পরারু, পুং, কারবেল্ল।
পরাবত, ক্লী, পরূষক।
পরাবেদী, স্ত্রী, বৃহতী।
পরাশ্রয়া, স্ত্রী, বৃক্ষোপরিজাত লতা বিশেষ, পরশাড়া, পরগাছা।
পরিণামশূল, পুং, শূলরোগ বিশেষ।
পরিপাকিনী, স্ত্রী, ত্রিবৃতা।
পরিপিষ্টক, ক্লী, সীসক।
পরিপুষ্করা, স্ত্রী, গোডুম্বা, রাজগোমক।
পরিপেল, ক্লী, কৈবর্ত্তী মুস্তক।
পরিপেলব, ক্লী, ঐ।
পরিপ্লুতা, স্ত্রী, মদিরা। যোনিরোগ বিশেষ, মৈথুন কালে বেদনাবতী যোনি। [বিশেষ।
পরিবর্ত্তিকা, স্ত্রী, মেঢ্রজাত ক্ষুদ্ররোগ
পরিব্যাধ, পুং, অম্বুবেতস। দ্রুমোৎপল।
পরিব্রাজি, স্ত্রী, শ্রাবণী, থুলকুড়ী।
পরিস্রুৎ, পরিস্রুতা, স্ত্রী, মদিরা।
পরুষ, ক্লী, নীলঝিণ্টী। পরুষফল।
পরূষ, ক্লী, ফলবৃক্ষভেদ, পরুষফল, ফল্‌সা।
পরূষক, ক্লী, ঐ।
পর্কটি, স্ত্রী, পক্ষবৃক্ষ, পাকুড়।
পর্কটী, স্ত্রী, ঐ।
পর্কটী [ন্], পুং, ঐ।
পর্জনী, স্ত্রী, দারুহরিদ্রা।
পর্জন্যা, স্ত্রী, ঐ।
পর্ণ, ক্লী, তাম্বুল, পান।
পর্ণ, পুং, পলাশবৃক্ষ।
পর্ণচোরক, পুং, চোরকনামক গন্ধদ্রব্য।
পর্ণভেদিনী, স্ত্রী, প্রিয়ঙ্গু।
পর্ণমাচাল, পুং, কর্ম্মরঙ্গ বৃক্ষ।
পর্ণলতা, স্ত্রী, নাগবল্লী।
পর্ণবল্লী, স্ত্রী, পলাশীলতা।
পর্ণসি, পুং, পদ্ম। শাক।
পর্ণাস, পুং, তুলসী।
পর্ণিনী, স্ত্রী, মাষপর্ণী।
পর্ণিনীদ্বয়, ক্লী, মুদ্গপর্ণী ও মাষপর্ণী।
পর্ণীচতুষ্টয়, ক্লী, শালপর্ণী, পৃশ্নিপর্ণী, মুদ্গপর্ণী ও মাষপর্ণী।

পর্ণীর, ক্লী, বালা।
পর্পট, পুং, ক্ষুপ বিশেষ, ক্ষেতপাপড়া।
পর্পটদ্রুম, পুং, কুম্ভীরক্ষ।
পর্পটী, স্ত্রী, সৌরাষ্ট্র মৃত্তিকা। উত্তর দেশীয় সুগন্ধি দ্রব্য বিশেষ।
পর্য্যঙ্কপাদিকা, স্ত্রী, কোলশিম্বী।
পর্ব্ব [ন্], ক্লী, দৈহিক গ্রন্থি।
পর্ব্বক, ক্লী, উরুপর্ব্ব, হাঁটু।
পর্ব্বতত্বণ, ক্লী, তৃণভেদ, হিন্দী—মগু।
পর্ব্বতমোচা, স্ত্রী, গিরিকদলী।
পর্ব্বতবাসিনী, স্ত্রী, আকাশমাংসী।
পর্ব্বপুষ্পী, স্ত্রী, রামদন্তীবৃক্ষ। নাগদন্তী।
পর্ব্বমূলা, স্ত্রী, শ্বেতা।
পর্ব্বযোনি, পুং, ইক্ষু প্রভৃতি।
পর্ব্বরুট্ [হ্], পুং, দাড়িম।
পর্ব্ববল্লী, স্ত্রী, মালাদর্ব্বা।
পর্শুকা, স্ত্রী, পার্শ্বাস্থি।
পল, ক্লী, ৮ তোলা পরিমাণ।
পলক্যা, স্ত্রী, পালঙ্কশাক।
পলঙ্কর, পুং, পিত্ত।
পলঙ্কষ, পুং, কণগুগ্‌গুলু।
পলঙ্কষা, স্ত্রী, গোক্ষুরক। রাস্না। গুগ্‌গুলু। কিংশুক। মুণ্ডীরী। লাক্ষা। ক্ষুদ্র গোক্ষুরক। মহাশ্রাবণী।
পলল, ক্লী, মাংস। পঙ্ক। তিলচূর্ণ।
পললজ্বর, পুং, পিত্ত।
পললাশয়, পুং, গণ্ডরোগ।
পলাগ্নি, পুং, পিত্ত।
পলাঙ্গ, পুং, শিশুমার।
পলাণ্ডু, পুং, মূলবিশেষ, পেঁয়াজ।
পলান্ন, ক্লী, মাংসাদি যুক্ত সিদ্ধান্ন।
পলালদোহদ, পুং, আম্রবৃক্ষ।
পলাশ, পুং, স্বনাম খ্যাত বৃক্ষ।
পলাশক, পুং, শঠী। পলাশবৃক্ষ।
পলাশপর্ণী, স্ত্রী, অশ্বগন্ধা।
পলাশাখ্য, পুং, নাড়ীহিঙ্গু।
পলাশান্তা, স্ত্রী, গন্ধপত্রা।
পলাশিকা, স্ত্রী, ভূমিকুষ্মাণ্ড।
পলাশী [ন্], পুং, ক্ষীরিবৃক্ষ।
পলাশী, স্ত্রী, লাক্ষা। লতাবিশেষ।
পলিত, ক্লী জরাহেতু কেশাদির শুক্লতা। শৈলজ। [পর্ব্ব।
পল্লব, পুং, নবপত্রাদিযুক্ত শাখাগ্র-
পল্লবদ্রু, পুং, অশোকবৃক্ষ।
পল্লিবাহ, পুং, তৃণবিশেষ।
পব, ক্লী, গোময়।
পবনাল, পুং, ধান্যবিশেষ, দেধান।
পবনেষ্ট, পুং, মহানিম্ব।
পবনোম্মজ, ক্লী, পরূষ।
পবিত, ক্লী, মরিচ।
পবিত্র, ক্লী, কুশ। তাম্র। ঘৃত। মধু।
পবিত্র, পুং, তিলবৃক্ষ। পুত্রজীববৃক্ষ।
পবিত্রক, পুং, কুশ। দমনক। অশ্বত্থ। উড়ুম্বর।
পবিত্রধান্য, ক্লী, যব। [বৃক্ষ।
পবিত্রা, স্ত্রী, তুলসী। হরিদ্রা। অশ্বত্থী-
পশুপাদল, ক্লী, কৈবর্ত্তীমুস্তক।
পশুমোহনিকা, স্ত্রী, কটুলতা।
পশুহরীতকী, স্ত্রী, আম্রাতকফল।
পস্ত্যিকা, স্ত্রী, বারিপ্রশ্নী।
পক্ষঘাত, পক্ষাঘাত, পুং, স্বনাম খ্যাত বাতরোগ বিশেষ
পক্ষসুন্দ

পাক্ষ [ন্], ক্লী, অক্ষিলোম। [লবণ।
পাংশব, পুং, লবণ বিশেষ, পাঙ্গা-
পাংশু, পুং, পর্পট। কর্পূর বিশেষ।
পাংশুকাসীস, ক্লী, কাসীস।
পাংশুচত্বর, পুং, ঘনোপল।
পাংশুজ, ক্লী, পাঙ্গালবণ। যবক্ষার।
পাংশুপত্র, ক্লী, বাস্তুক।
পাংশুরাগিণী, স্ত্রী, মহামেদা।
পাংশুল, পুং, পূতিক, কাঁটাকরঞ্জ।
পাংশুলা, স্ত্রী, কেতকী।
পাককৃষ্ণ, পুং, কৃষ্ণফলপাক, পানী-
আমলা।
পাককৃষ্ণফল, পুং, ঐ।
পাকজ, ক্লী, কাচলবণ। পরিণাম শূল।
পাকফল, পুং, ফলপাক, পানীআমলা।
পাকরঞ্জন, ক্লী, তেজপত্র।
পাকল, ক্লী, কুষ্ঠৌষধি, কুড়।
পাকলি, স্ত্রী, বৃক্ষবিশেষ।
পাকলী, স্ত্রী, কর্কটী।
পাকশুক্লা, স্ত্রী, খড়ী।
পাকারি, পুং, শ্বেতকাঞ্চন।
পাক্য, ক্লী, বিটলবণ। পাংশুলবণ।
পাক্য, পুং, যবক্ষার। সোরা।
পাচক, ক্লী, পঞ্চবিধ পিত্তান্তর্গত পিত্ত
বিশেষ।
পাচন, ক্লী, দোষপাচক কাথৌষধ।
পাচন, পুং, রক্তেরণ্ড। অম্লরস।
পাচনক, পুং, টঙ্কণ।
পাচনী, স্ত্রী, হরীতকী।
পাচী, স্ত্রী, লতাবিশেষ।
পাটদ, পুং, কার্পাস। [পুষ্প।
পাটল, ক্লী, পাটলীপুষ্প। গোলাপ-
পাটল, পুং, আশুধান্য।
পাটলদ্রুম, পুং, পুন্নাগবৃক্ষ।
পাটলা, স্ত্রী, পুষ্পবৃক্ষ বিশেষ, পারুল
রক্তলোধ্র
পাটলাপুষ্পসন্নিভ, ক্লী, পদ্মকাষ্ঠ।
পাটলি, পুং, স্ত্রী, পাটলাপুষ্পবৃক্ষ
পাটলী, স্ত্রী, কটভীবৃক্ষ। মুষ্ককবৃক্ষ
পারুল।
পাটহিকা, স্ত্রী, গুঞ্জা।
পাটী, স্ত্রী, বলাক্ষুপ।
পাট্য, ক্লী, পাটশাক।
পাঠা, স্ত্রী, লতা বিশেষ, আকনাদি
পাঠিকা, স্ত্রী, ঐ।
পাঠী [ন্], পুং চিত্রকবৃক্ষ।
পাঠীকুঠ, পুং, ঐ।
পাঠীন, পুং, গুগ্‌লু দ্রুম।
পাণি, পুং, কুলিকবৃক্ষ, কুলিয়াকড়া
পাণিতল, ক্লী, কর্ষপরিমাণ, ২তোলা
পাণিভুক্ [জ্], পুং, উড়ুম্বর বৃক্ষ।
পাণিমর্দ, পুং, করমর্দ্দ।
পাণীতল, ক্লী, কর্ষপরিমাণ।
পাণ্ডর, ক্লী, কুন্দপুষ্প। গৈরিক।
পাণ্ডর, পুং, মরুবক বৃক্ষ।
পাণ্ডরপুষ্পিকা, স্ত্রী, শীতলাবৃক্ষ।
পাণ্ডু, পুং, স্বনামখ্যাত রোগ। পাণ্ডুর
ফলী ক্ষুপ। পটোল।
পাণ্ডু, স্ত্রী, মাষপর্ণী।
পাণ্ডুকণ্টক, পুং, অপামার্গ।
পাণ্ডুতরু, পুং, ধববৃক্ষ।
পাণ্ডুনাগ, পুং, পুন্নাগ বৃক্ষ।
পাণ্ডুপত্রী, স্ত্রী, রেণুকা।
পাণ্ডুফল, পুং, পটোল।

পাণ্ডুফলা, স্ত্রী, চির্ভিটা।
পাণ্ডুমৃৎ, স্ত্রী, খটী।
পাণ্ডুর, ক্লী, শ্বিত্ররোগ। পুং কামলা রোগ। [রাঙ্গা।
পাণ্ডুরঙ্গ, পুং, ফলশাক বিশেষ, পাট
পাণ্ডুরদ্রুম, পুং, কুটজ বৃক্ষ।
পাণ্ডুরফলী, স্ত্রী, ক্ষুদ্রক্ষুপ বিশেষ।
পাণ্ডুরা, স্ত্রী, মাষপর্ণী।
পাণ্ডুরাগ, দমনকবৃক্ষ।
পাণ্ডুরেক্ষু, পুং, শ্বেতেক্ষু।
পাণ্ডুলোমশা, স্ত্রী মাষপর্ণী।
পাণ্ডুলোমা, স্ত্রী, ঐ।
পাণ্ডুশর্করা, স্ত্রী, রোগবিশেষ।
পাতাল, পুং, ঔষধপাকার্থ যন্ত্র বিশেষ।
পাতালগরুড়ী, স্ত্রী, লতাবিশেষ, হিন্দী ছেঁউড়া।
পাতালনৃপতি, পুং, সীসা। খর্পর।
পাত্র, ক্লী, আঢ়ক, ৮ সের পরিমাণ।
পাথোজ, ক্লী, পদ্ম।
পাদ, পুং, চতুর্থভাগ।
পাদগণ্ডির, পুং, শ্লীপদরোগ, গোদ।
পাদপরুহা, স্ত্রী, বন্দাক।
পাদরোহণ, পুং, বটবৃক্ষ।
পাদবল্মীক, ক্লী, শ্লীপদরোগ, গোদ।
পাদস্ফোট, পুং, একাদশ কুষ্ঠান্তর্গত তৃতীয় কুষ্ঠ, বিপাদিকা।
পানস, ক্লী, পনসভব মদ্য।
পানাত্যয় পুং, মদাত্যয় রোগ।
পানীয়, ক্লী, পানার্হ দ্রব্য বিশেষ, পানা, সরবৎ।
পানীয়পৃষ্ঠজ, পুং, কুম্ভী, পানা।
পানীয়ফল, ক্লী, মখান্ন, মাখানা।
পানীয়মূলক, ক্লী, সোমরাজী।
পানীয়ামলক, ক্লী, প্রাচীনামলক, পানিআমলা।
পানীয়ালু, পুং, কন্দবিশেষ।
পানীয়াশু, স্ত্রী, বল্বজা।
পাপঘ্ন, পুং, তিল।
পাপচেলিকা, স্ত্রী, পাঠা, আকনাদি।
পাপচেলী, স্ত্রী, ঐ।
পাপরোগ, পুং, মসূরিকা, বসন্তরোগ।
পাপশমনী, স্ত্রী, শমীবৃক্ষ।
পাম [ন্], ক্লী, বিচর্চ্চিকা রোগ।
পামঘ্ন, পুং, গন্ধক।
পামঘ্নী, স্ত্রী, কটুকা।
পামরোদ্ধারা, স্ত্রী, গুড়ূচী।
পামা [ন্], পুং, কচ্ছুরোগ, পাঁচড়া।
পামারি, পুং, গন্ধক। [পরমান্ন।
পায়স, পুং, ক্লী, শ্রীবাস, টার্পিন্।
পায়ু, পুং, মলদ্বার।
পার, পুং, পারদ।
পারক্ [জ্], পুং, সুবর্ণ।
পারত, পুং, পারদ।
পারদ, পুং, ধাতু বিশেষ, পারা।
পারাবতপদী, স্ত্রী, পারাবতাঙ্ঘ্রি, নয়াফটকী। কাকজঙ্ঘা।
পারাবতাঙ্ঘ্রি, পুং, ঐ।
পারাবতী, স্ত্রী, লবলীফল।
পারিজাত, পুং, পারিভদ্র বৃক্ষ, পালিদামাদার।
পারিজাতক, পুং, ঐ।
পারিভদ্র, পুং, পালিদামদার। নিম্ববৃক্ষ। দেবদারু। সরলবৃক্ষ।
পারিভদ্রক, ক্লী কুড়।

পারিভদ্রক, পুং, দেবদারু বৃক্ষ। নিম্ববৃক্ষ। পালিধা মাঁদার।
পারিভাব্য, ক্লী, কুষ্ঠৌষধ, কুড়।
পারিশ, পুং, বৃক্ষবিশেষ, পলাশপিপুল।
পারুষ্য, ক্লী, অগুরু।
পার্থ, পুং, অর্জুনবৃক্ষ।
পার্থিব, ক্লী, তগরপুষ্প।
পার্ব্বত, পুং, মহানিম্ব, ঘোড়ানিম।
পার্ব্বতী, স্ত্রী, সৌরাষ্ট্র মৃত্তিকা। ক্ষুদ্র পাষাণভেদা। ধাতকী। সৈংহলী।
পার্ব্বতেয়, ক্লী, সৌবীরাঞ্জন।
পার্ব্বতেয়, পুং, স্বর্ণাবর্ত্তবৃক্ষ।
পার্শ্বপিপ্পল, ক্লী, হরীতকী বিশেষ, হিন্দী—গজহড়।
পার্শ্বশূল, পুং, ক্লী, শূল রোগ বিশেষ।
পার্শ্বাস্থি, ক্লী, পঞ্জরাস্থি, পাঁজরা।
পার্ষ্ণি গুল্‌ফের অধো-ভাগ, গোড়মুড়া, গোড়ারি।
পালক, পুং, চিত্রক বৃক্ষ। [শল্লকী।
পালঙ্ক, পুং, শাকভেদ, পালংশাক।
পালঙ্কী, স্ত্রী, কুন্দুরুখোটী নামক গন্ধদ্রব্য। পালঙ্‌শাক।
পালঙ্ক্য, ক্লী, পালংশাক।
পালঙ্ক্যা, স্ত্রী, কুন্দুরু, কুন্দুরুখোটী। পালঙ্কশাক।
পালাশ, ক্লী, তমালপত্র, তেজপাত।
পালিন্দ, পুং, কুন্দুরুক।
পালিন্দী, স্ত্রী, শ্যামালতা। কৃষ্ণ-ত্রিবৃতা। ত্রিবৃতা।
পালিন্ধী, স্ত্রী, কৃষ্ণত্রিবৃতা।
পাবক, পুং, চিত্রক। ভল্লাতক। বিড়ঙ্গ। রক্তচিত্রক। কুসুম্ভ। গনিয়ারি।
পাবকারণি, পুং, অগ্নিমন্থ
পাবন, ক্লী, রুদ্রাক্ষ। কুড়। চিত্রক।
পাবন, পুং সিহ্লক। পীতভৃঙ্গরাজ।
পাবনধ্বনি, পুং, শঙ্খ।
পাবনী, স্ত্রী, হরীতকী। তুলসী।
পাশুপত, পুং, বকপুষ্প।
পাশ্চাত্যাকরসম্ভব, ক্লী, সাম্ভরীলবণ।
পাষাণগর্দ্দভ, পুং, হনুসন্ধিজ ক্ষুদ্ররোগ বিশেষ।
পাষাণজতু, ক্লী, শিলাজতু
পাষাণভেদন, পুং, বৃক্ষবিশেষ, হাথা-জুড়ি।
পাষাণভেদী [ন্], পুং, বৃক্ষবিশেষ, পাথরচুর।
পাহাত পুং, ব্রহ্মদারুবৃক্ষ।
পিকপ্রিয়া, স্ত্রী, মহাজম্বু।
পিকবন্ধু, পুং, আম্রবৃক্ষ
পিকরাগ, পুং, ঐ।
পিকবল্লভ, পুং, ঐ।
পিকাক্ষ, পুং, রোচনা।
পিকেক্ষণা, স্ত্রী, কোকিলাক্ষ
পিঙ্গ, ক্লী, হরিতাল।
পিঙ্গল, ক্লী, পিত্তল।
পিঙ্গল, পুং, স্থাবর বিষভেদ।
পিঙ্গললোহ, ক্লী, পিত্তল।
পিঙ্গলা, স্ত্রী, নাড়ীবিশেষ। শিংশপা বৃক্ষ। রাজরীতি।
পিঙ্গসার, পুং, হরিতাল।
পিঙ্গা, স্ত্রী, গোরচনা। হিঙ্গু। হরিদ্রা। নালিকা। বংশরোচনা।
পিঙ্গাশী, স্ত্রী, নালিকা
পিঙ্গী, স্ত্রী, শমীবৃক্ষ।

পিচু, পুং, কার্পাস তূল। কুষ্ঠভেদ
দুইতোলা পরিমাণ
পিচুক, পুং, মদনবৃক্ষ, ময়না।
পিচুমন্দ, পুং, নিম্ববৃক্ষ।
পিচুমর্দ, পুং, ঐ।
পিচুল, পুং, ঝাবুক। ইজ্জল।
পিচ্চট, ক্লী, সীসক। রঙ্গ।
পিচ্চট, পুং, নেত্ররোগ বিশেষ।
পিচ্ছলদলা, স্ত্রী, বদরীবৃক্ষ।
পিচ্ছা, স্ত্রী, মোচরস। পূগ। মোচা।
শিংশপাবৃক্ষ। ভক্ত সম্ভূত মণ্ড।
পিচ্ছিতিকা, স্ত্রী, শিংশপা।
পিচ্ছিল, পুং, শ্লেষ্মান্তক বৃক্ষ।
পিচ্ছিলক, পুং, ধন্বনবৃক্ষ।
পিচ্ছিলচ্ছদা, স্ত্রী, উপোদিকা।
পিচ্ছিলত্বক্ [চ্], পুং, নাগরঙ্গ বৃক্ষ
ধন্বনবৃক্ষ।
পিচ্ছিলসার, পুং, মোচরস।
পিচ্ছিলা, স্ত্রী, পোতিকা। শিংশপা।
শাল্মলী। কোকিলাক্ষ। বৃশ্চিকা-
ক্ষুপ। শূলীতৃণ। অগুরু। অ-
তসী। কচ্বী।
পিঞ্জ, পুং, কর্পূরভেদ।
পিঞ্জট, পুং, নেত্রমল। [কেশর।
পিঞ্জর, ক্লী, হরিতাল। স্বর্ণ। নাগ-
পিঞ্জরক, ক্লী, হরিতাল।
পিঞ্জল, ক্লী, কুশপত্র। হরিতাল।
পিঞ্জা, স্ত্রী, তূলা। হরিদ্রা।
পিঞ্জান, ক্লী, স্বর্ণ।
পিঞ্জূষ, পুং, কর্ণমল।
পিঞ্জেট, পুং, নেত্রমল
পিটঙ্কোকী, স্ত্রী, ইন্দ্রবারুণী।
পিঠর, ক্লী, মুস্তা।
পিড়কা, স্ত্রী, স্ফোটক বিশেষ।
পিণ্ড, পুং, বোল। সিহ্লক। ওড়্রপুষ্প।
মদনবৃক্ষ।
পিণ্ডক, ক্লী, পিণ্ডমূলক। বোল।
পিণ্ডক, পুং, সিহ্লকনামক গন্ধদ্রব্য।
পিণ্ডালু।
পিণ্ডকন্দ, পুং, পিণ্ডালু।
পিণ্ডকর্কটী, স্ত্রী, মধুকুষ্মাণ্ডী, এক্ষণে
ইহা বিলাতি কুমুড়া বলিয়া
প্রসিদ্ধ।
পিণ্ডখর্জুর, পুং, স্বনাম খ্যাত খর্জুর।
পিণ্ডখর্জুরী, স্ত্রী, ঐ।
পিণ্ডগোস, পুং, গন্ধরস।
পিণ্ডতৈলক, পুং, তুরুষ্ক।
পিণ্ডপুষ্প, ক্লী, অশোকপুষ্প। জবা-
পুষ্প। তগরপুষ্প। পদ্মপুষ্প।
পিণ্ডপুষ্পক, পুং, বাস্তূক।
পিণ্ডফল, ক্লী, লাউ।
পিণ্ডফলা, স্ত্রী, কটুতুম্বী।
পিণ্ডমুস্তা, স্ত্রী, নাগরমুস্তা
পিণ্ডমূল, ক্লী, গর্জর, গাজর।
পিণ্ডবীজক, পুং, কর্ণিকার বৃক্ষ।
পিণ্ডা, স্ত্রী, পিণ্ডায়স। কস্তূরীভেদ।
বংশপত্রী।
পিণ্ডাত, পুং, সিহ্লক।
পিণ্ডায়স, ক্লী, তীক্ষ্ণায়স, ইস্পাত।
পিণ্ডার, ক্লী, ফলশাক বিশেষ।
পিণ্ডার, পুং, বিকঙ্কতবৃক্ষ।
পিণ্ডালু, পুং, কন্দগুড়ূচী, হিন্দী-পেড়
আলু। চুবড়ী আলু।
পিণ্ডালুক, ক্লী, ঐ

পিণ্ডাহ্বা, স্ত্রী, নাড়ীহিঙ্গু।
পিণ্ডিকা, স্ত্রী, জানুর অধোবর্ত্তী মাংসল স্থান, পায়ের ডিম। শ্বেতাম্লি।
পিণ্ডিলা, স্ত্রী, গোড়ুম্বা।
পিণ্ডী, স্ত্রী, পিণ্ডীতগর। অলাবু। খর্জুর বিশেষ।
পিণ্ডীতক, পুং, মদনবৃক্ষ। তগর। ফণিজ্ঝক। পেয়ারাবৃক্ষ।
পিণ্ডীতগর, পুং, তগর বিশেষ।
পিণ্ডীতগরক, পুং, তগর।
পিণ্ডীতরু, পুং, মহাপিণ্ডীতরু।
পিণ্ডীপুষ্প, পুং, অশোকবৃক্ষ।
পিণ্ডীর, পুং, দাড়িমবৃক্ষ। হিণ্ডীর
পিণ্যা, স্ত্রী, জ্যোতিষ্মতী।
পিণ্যাক, পুং, ক্লী, সর্ষপাদির খইল। তিলকল্ক। হিঙ্গু। শিলাজতু। সরল। বাহ্লীক। সিহ্লক। কুঙ্কুম।
পিতৃপ্রিয়, পুং, ভৃঙ্গরাজ।
পিতৃভোজন, পুং, মাষ।
পিত্ত, ক্লী, শরীরস্থ ধাতু বিশেষ।
পিত্তঘ্নী, স্ত্রী, গুড়ূচী।
পিত্তদ্রাবী [ন্], পুং, মধুর জম্বীর।
পিত্তরক্ত, ক্লী, রক্তপিত্তরোগ।
পিত্তল, ক্লী, ধাতুবিশেষ, পিতল। ভূর্জপত্র।
পিত্তলা, স্ত্রী, তোয়পিপ্পলী।
পিত্তারি, পুং, পর্পট। লাক্ষা। বর্ব্বর।
পিত্র্য, ক্লী, মধু।
পিত্র্য, পুং, মাষ।
পিন্যাস, ক্লী, হিঙ্গু।
পিপ্পল, পুং, অশ্বত্থবৃক্ষ।
পিপ্পলক, ক্লী, স্তনবৃন্ত।
পিপ্পলি, স্ত্রী, পিপ্পলী।
পিপ্পলী, স্ত্রী, পিপুল।
পিপ্পলীকা, স্ত্রী, অশ্বত্থীবৃক্ষ।
পিপ্পলীমূল, ক্লী, পিপুলের মূল।
পিপ্রিকা, স্ত্রী, দন্তমল।
পিয়াল, পুং, স্বনাম খ্যাত বৃক্ষ; ইহার বীজের নাম চিরোঞ্জী।
পিলুক, পুং, পীলুবৃক্ষ।
পিলুপর্ণী, স্ত্রী, মোরটা।
পিশাচদ্রু, পুং, শাখোটবৃক্ষ।
পিশাচবৃক্ষ, পুং, ঐ।
পিশাচী, স্ত্রী, গন্ধমাংসী।
পিশিত, ক্লী, মাংস।
পিশিতা, স্ত্রী, জটামাংসী।
পিশী, স্ত্রী, ঐ।
পিশুন, ক্লী, কুঙ্কুম।
পিশুনা, স্ত্রী, পৃক্কা, পিড়িঙ্শাক।
পিষ্ট, ক্লী, সীসক। পিষ্টক।
পিষ্টক, পুং, খাদ্যবিশেষ, পিটা। নেত্ররোগ বিশেষ।
পিষ্টসৌরভ, ক্লী, চন্দন।
পিষ্টালিকা, স্ত্রী, পিঠালি বৃক্ষ।
পিষ্টাত, পুং, আবীর।
পিষ্টিক, ক্লী, তণ্ডুলোদ্ভব তবক্ষীর।
পিষ্টোড়ী, স্ত্রী, শ্বেতাম্লি।
পীড়া, স্ত্রী, রোগ। সরলদ্রু।
পীত, ক্লী, হরিতাল।
পীতক, ক্লী, হরিতাল। কুঙ্কুম। অগুরু। পদ্মকাষ্ঠ। রীতি। মাক্ষিক। নন্দীবৃক্ষ। পীতশাল। শ্যোনাক প্রভেদ। হরিদ্রু। কিংকিরাতবৃক্ষ।
পীতকদলী, স্ত্রী, স্বর্ণকদলী।

পীতকদ্রুম, পুং, হরিদ্রুবৃক্ষ।
পীতকন্দ, ক্লী, গর্জর, গাজর।
পীতকরবীরক, পুং, পীতবর্ণ করবীর-পুষ্পবৃক্ষ।
পীতকা, স্ত্রী, ঝিণ্টী। হরিদ্রা।
পীতকাবের, ক্লী, কুঙ্কুম। পিত্তল।
পীতকাষ্ঠ, ক্লী, পীতচন্দন।
পীতকীলা, স্ত্রী আবর্ত্তকীলতা।
পীতকুরুণ্ট, পুং, পীতঝিণ্টী।
পীতঘোষা, স্ত্রী, পীত পুষ্প ঘোষালতা। ঝিঙ্গা।
পীতচন্দন, ক্লী, দ্রাবিড় দেশীয় পীত-বর্ণ চন্দন।
পীতচম্পক, পুং, পীতবর্ণ চম্পক-পুষ্পবৃক্ষ।
পীততণ্ডুল, পুং, কঙ্গুনী।
পীততণ্ডুলা, স্ত্রী, ক্ষবিকাবৃক্ষ।
পীততৈলা, স্ত্রী, জ্যোতিষ্মতী লতা। মহাজ্যোতিষ্মতী।
পীতদারু, ক্লী, দেবদারু। সরল। রিদ্রু।
পীতদ্রু, পুং, সরলবৃক্ষ। দারুহরিদ্রা।
পীতন, ক্লী, কুঙ্কুম। হরিতাল। পীত-দারু
পীতন, পুং, প্লক্ষ। আম্রাতক।
পীতনক, পুং, আম্রাতক।
পীতপর্ণী, স্ত্রী, শ্বিত্রঘ্নী, বিছিটি।
পীতপুষ্প, ক্লী, আহুল্য বৃক্ষ।
পীতপুষ্প, পুং, কর্ণিকার বৃক্ষ। চম্পক। পীতঝিণ্টী। পিণ্ডীতক ভেদ।
পীতপুষ্পা, স্ত্রী, ইন্দ্রবারুণী। ঝিঞ্জি-রিষ্টাক্ষুপ। পীতবেড়েলা। আঢ়কী।
পীতপুষ্পী, স্ত্রী, শঙ্খপুষ্পী। সহদেবী। মহাকোষাতকী। ত্রপুষী। [বৃক্ষ।
পীতফল, পুং, শাখোটবৃক্ষ। কুর্ম্মার
পীতফলক, পুং, শাখোট বৃক্ষ।
পীতবালুকা, স্ত্রী, হরিদ্রা।
পীতভৃঙ্গরাজ, পুং, পীতবর্ণ ভৃঙ্গরাজ। পীত কেশুরিয়া
পীতমাক্ষিক, ক্লী, মাক্ষিক। [মুগ।
পীতমুদ্গ, পুং, মুদ্গবিশেষ, সোনা-
পীতমূলক, ক্লী, গর্জর, গাজর।
পীতযূথী, স্ত্রী, স্বর্ণযূথী।
পীতরাগ, ক্লী, কিঞ্জল্ক। শিক্থক।
পীতরোহিণী, স্ত্রী, কাশ্মরী।
পীতলক, ক্লী, পিত্তল।
পীতলোহ, ক্লী, পিত্তলভেদ।
পীতবীজা, স্ত্রী, মেথিকা।
পীতবৃক্ষ, পুং, শ্যোনাকবৃক্ষ প্রভেদ। সরলবৃক্ষ।
পীতশাল, পুং, অসনবৃক্ষ। পিয়াশাল।
পীতসার, ক্লী, পীতবর্ণ চন্দনকাষ্ঠ। হরিচন্দন।
পীতসার, পুং, মলয়জ। অঙ্কোঠবৃক্ষ তুরুষ্ক। বীজক। সালবৃক্ষ।
পীতসারক, পুং, নিম্ববৃক্ষ। অঙ্কোঠবৃক্ষ।
পীতসারি, ক্লী, স্রোতোঽঞ্জন।
পীতসালক, পুং, পীতবর্ণ শালবৃক্ষ। পেয়াশাল।
পীতা, স্ত্রী, হরিদ্রা। দারুহরিদ্রা। মহাজ্যোতিষ্মতী। কপিল শিংশপা। প্রিয়ঙ্গু। গোরোচনা। অতিবিষা। ঝিণ্টী।
পীতাঙ্গ, পুং, শ্যোনাক প্রভেদ

পীতিকা, স্ত্রী, হরিদ্রা। দারুহরিদ্রা। স্বর্ণযূথী।
পীনস, পুং, নাসিকারোগ বিশেষ।
পীনসা, স্ত্রী, কর্কটী।
পীপরি, পুং, হ্রস্ব প্লক্ষ।
পীয়ষ, ক্লী, অমৃত। দুগ্ধ।
পীলু, পুং, কোঙ্কণাদি দেশে প্রসিদ্ধ ফল বৃক্ষবিশেষ।
পীলুনী, স্ত্রী, মূর্ব্বা।
পীলুপত্র, পুং, মোরটালতা।
পীলুপর্ণী, স্ত্রী, মূর্ব্বা। বিম্বিকা, তেলা-কুচা। ওষধি বিশেষ।
পীবরা, স্ত্রী, অশ্বগন্ধা। শতাবরী।
পীবরী, স্ত্রী, শতমূলী। শালপর্ণী।
পুংসবন, ক্লী, দুগ্ধ।
পুংস্ত্ব, ক্লী, শুক্র। পুরুষত্ব।
পুংস্ত্ববিগ্রহ, পুং, ভূতৃণ।
পুক্বগী, স্ত্রী, নীলী।
পুঙ্গব, পুং, ঔষধভেদ। ঋষভৌষধ।
পুচ্ছদা, স্ত্রী, লক্ষ্মণাকন্দ।
পুচ্ছী [ন্], পুং, অর্কবৃক্ষ।
পুট, ক্লী, গজপুট প্রভৃতি। জাতীফল।
পুটক, ক্লী, পদ্ম।
পুটকন্দ, পুং, কোলকন্দ।
পুটকিনী, স্ত্রী, পদ্মলতা।
পুটপাক, পুং, পুটাভ্যন্তরস্থ ঔষধের [পাক।
পুটালু, পুং, কোলকন্দ।
পুটিকা, স্ত্রী, এলা।
পুটোদক, পুং, নারিকেল।
পুণ্ডরী [ন্], পুং, শালপর্ণী পত্রতুল্য পত্রবিশিষ্ট বৃক্ষ বিশেষ, পুণ্ডরিয়া। পদ্মকাষ্ঠ।

পুণ্ডরীক, ক্লী, শুক্লপদ্ম। পদ্মমাত্র।
পুণ্ডরীক, পুং, সহকার। দমনকবৃক্ষ কুষ্ঠরোগ বিশেষ
পুণ্ডরীকাক্ষ, ক্লী, পুণ্ডর্য্য, পুণ্ডরিয়া।
পুণ্ডরীয়ক, ক্লী, স্থলপদ্ম। প্রপৌণ্ডরীক।
পুণ্ডর্য্য, ক্লী, প্রপৌণ্ডরীক, পুণ্ডরিয়া।
পুণ্ড্র, পুং, ইক্ষুভেদ, পুঁড়ি আক্। অতিমুক্তক। পুণ্ডরাক। হ্রস্বপ্লক্ষ। তিলকবৃক্ষ।
পুণ্ড্রক, পুং মাধবীলতা। তিলকবৃক্ষ। পুঁড়ি আক।
পুণ্যগন্ধ, পুং চম্পক।
পুণ্যতৃণ, ক্লী, শ্বেতকুশ।
পুণ্যা, স্ত্রী, তুলসী।
পুত্রক, পুং, বৃক্ষবিশেষ।
পুত্রকন্দা, স্ত্রী, লক্ষ্মণাকন্দ।
পুত্রজাব, পুং, বৃক্ষবিশেষ, জিয়াপুতা।
পুত্রঞ্জীবক, পুং, ঐ।
পুত্রদা, স্ত্রী, বন্ধ্যাকর্কোটকী। লক্ষ্মণা-কন্দ। গর্ভদাত্রী ক্ষুপ।
পুত্রদাত্রী, স্ত্রী, মালবে প্রসিদ্ধ লতা বিশেষ।
পুত্রপ্রদা, স্ত্রী, ক্ষবিকা।
পুত্রভদ্রা, স্ত্রী, বৃহজ্জীবন্তী।
পুত্রশৃঙ্গী, স্ত্রী, অজশৃঙ্গী।
পুত্রশ্রেণী, স্ত্রী, মূষিকপর্ণী।
পুত্রী, স্ত্রী, বৃক্ষবিশেষ।
পুনর্নবা, স্ত্রী, স্বনামখ্যাত শাকবিশেষ।
পুনর্ভব, পুং, রক্তপুনর্নবা।
পুন্নাগ, পুং, স্বনামখ্যাত বৃহৎ পুষ্প-বৃক্ষ বিশেষ।
পুন্নাট, পুন্নাড়, পুং, চক্রমর্দ্দ

পুপ্ফুস, পুং, বক্ষোঽভ্যন্তরস্থ কোষ্ঠ-বিশেষ, ফুষ্ফুস্।
পুর, ক্লী, নাগরমুস্তা।
পুর, পুং, গুগ্গুলু। পীতঝিণ্টী।
পুরট, ক্লী, সুবর্ণ।
পুরন্দর, ক্লী, চবিক।
পুরশ্ছদ, পুং, তৃণ বিশেষ, উলু।
পুরা, স্ত্রী, সুগন্ধি দ্রব্য বিশেষ।
পুরাসিনী, স্ত্রী, সহদেবীলতা।
পুরীমোহ, পুং, ধুস্তূর।
পুরীষ, ক্লী, বিষ্ঠা।
পুরীষম, পুং, মাষ।
পুরুষ, পুং, পুন্নাগবৃক্ষ। স্বর্ণ।
পুরুষদন্তিকা, স্ত্রী, মেদা।
পুরোদ্ভবা, স্ত্রী, মহামেদা।
পুলক, ক্লী, কঙ্কুষ্ঠ। পুং, হরিতাল।
পুলকী [ন্], পুং, ধারাকদম্ব।
পুষা, স্ত্রী, লাঙ্গলিকীবৃক্ষ।
পুষ্কর, ক্লী, পদ্ম। কুড়।
পুষ্কর, পুং, রোগবিশেষ।
পুষ্করকর্ণিকা, পুষ্করনাড়ী, স্ত্রী, স্থল-পদ্মিনী।
পুষ্করমূল, ক্লী, পুষ্করদেশীয় ঔষধি বিশেষ, ইহার পরিবর্ত্তে কুড় ব্যবহৃত হইয়া থাকে।
পুষ্করমূলক, ক্লী, কুষ্ঠবৃক্ষের মূল।
পুষ্করশিফা, স্ত্রী, পুষ্করজটা, পুষ্করমূল।
পুষ্করাহ্বয়, ক্লী, ঐ।
পুষ্করিণী, স্ত্রী, স্থলপদ্মিনী। পুষ্করমূল।
পুষ্টি, স্ত্রী, অশ্বগন্ধা।
পুষ্টিকা, স্ত্রী, জলশুক্তি।
পুষ্টিদা, স্ত্রী, অশ্বগন্ধা।

পুষ্প, ক্লী, স্ত্রীরজঃ। নেত্ররোগ বিশেষ, ফুল্লি। নাগকেশর।
পুষ্পক, ক্লী, নেত্ররোগ বিশেষ। রসাঞ্জন। কাসীস। লোহকাংস্য।
পুষ্পকাসীস, ক্লী, পীতবর্ণ কাসীস।
পুষ্পচামর, পুং, মদনবৃক্ষ। কেতকবৃক্ষ।
পুষ্পপথ, পুং, যোনি।
পুষ্পপ্রিয়ক, পুং, পিয়াশালবৃক্ষ।
পুষ্পফল, পুং, কপিত্থ। কুষ্মাণ্ড।
পুষ্পরক্ত, পুং, সূর্য্যমণি বৃক্ষ।
পুষ্পরস, পুং, মধু।
পুষ্পরসাহ্বয়, ক্লী, ঐ।
পুষ্পরাগ, পুং, পোকরাজমণি।
পুষ্পরোচন, পুং, নাগকেশর।
পুষ্পশূন্য, পুং, উড়ুম্বর।
পুষ্পশ্রেণী, স্ত্রী, ইন্দুরকানি। দন্তী।
পুষ্পসৌরভা, স্ত্রী, কলিকারীবৃক্ষ।
পুষ্পহীনা, স্ত্রী, উড়ুম্বরবৃক্ষ।
পুষ্পাঞ্জন, ক্লী, অঞ্জনভেদ।
পুষ্পাসব, ক্লী, মধু।
পুষ্পাহ্বা, স্ত্রী, শতপুষ্পা।
পুষ্পিকা, স্ত্রী, দন্তমল। লিঙ্গমল।
পুষ্যলক, পুং, গন্ধমৃগ।
পূগ, ক্লী, গুবাকফল।
পূগ, পুং, গুবাকবৃক্ষ। কণ্টকিবৃক্ষ।
পূগফল, ক্লী, গুবাক ফল।
পূগরোট, পুং, হিন্তালবৃক্ষ। [বৃক্ষ।
পূত, পুং, শঙ্খ। শ্বেতকুশ। বিকঙ্কত-
পূতগন্ধ, পুং, বর্ব্বর, বাবুই।
পূততৃণ, পুং, শ্বেতকুশ।
পূতদ্রু, পুং, পলাশবৃক্ষ।

পূতধান্য, ক্লী, তিল।
পূতনা, স্ত্রী, হরীতকী। হরীতকীভেদ। গন্ধমাংসী। বাল রোগবিশেষ।
পূতফল, পুং, পনস।
পূতা, স্ত্রী, দূর্ব্বা
পূতি, ক্লী, রোহিষতৃণ।
পূতি, স্ত্রী, খট্টাশমুক্ক, খাটাশি
পূতিক, পুং, পূতিকরঞ্জ, ডহরকরঞ্জ লাটাকরঞ্জ।
পূতিকরজ, পুং, ঐ।
পূতিকরঞ্জ, পুং, ঐ।
পূতিকর্ণ, পূতিকর্ণক, পুং, কর্ণরোগ-বিশেষ।
পূতিকা, স্ত্রী, লতাশাক বিশেষ, পুঁই। নাটাকরঞ্জ। গাঁদাল। খাটাসী।
পূতিকাষ্ঠ, ক্লী, দেবদারু। সরলবৃক্ষ।
পূতিকাষ্ঠক, ক্লী, সরলবৃক্ষ।
পূতিগন্ধ, ক্লী, রঙ্গ।
পূতিগন্ধ, পুং, গন্ধক। ইঙ্গুদীবৃক্ষ।
পূতিগন্ধিকা, স্ত্রী, বাকুচী। [ফট্‌কী।
পূতিতৈলা, স্ত্রী, জ্যোতিষ্মতী, লতা-
পূতিনস্য, পুং, নাসারোগ বিশেষ।
পূতিপত্র, পুং, শ্যোনাক প্রভেদ
পূতিপুষ্প, পুং, ইঙ্গুদীবৃক্ষ। [লেবু।
পূতিপুষ্পিকা, স্ত্রী, মাতুলুঙ্গা, মৌটাবা-
পূতিফলা, স্ত্রী, সোমরাজী।
পূতিফলী, স্ত্রী, ঐ।
পূতিময়ূরিকা, স্ত্রী, অজগন্ধা।
পূতিমেদ, পুং, অরিমেদ।
পূতিবাত, পুং, বিল্ববৃক্ষ।
পূতিবৃক্ষ, পুং, শ্যোনাক।
পূতিশারিজা, স্ত্রী, খট্টাশী।
পতীক, পুং, পূতিকরঞ্জ। গন্ধমার্জার।

পূতীকরঞ্জ, পুং, নাটাকরঞ্জ।
পূতীকা, স্ত্রী, পুঁই।
পূয, ক্লী, পক্কব্রণাদি সম্ভূত ঘনীভূত শুক্লবর্ণ বিকৃত রক্ত, পুঁজ।
পূয়রক্ত, পুং, নাসারোগ বিশেষ।
পূয়ারি, পুং, নিম্ববৃক্ষ।
পূয়ালস, পুং, সন্ধিগত রোগ বিশেষ।
পূর, ক্লী, দাহাগুরু।
পূরক, পুং, বীজপূর।
পূরণ, ক্লী, কুটন্নট।
পূরণী, স্ত্রী, শাল্মলীবৃক্ষ
পূরাম্ল, ক্লী, বৃক্ষাম্ল।
পূরিকা, স্ত্রী, কচুরী। লুচি।
পূর্ণকোষ্ঠা, স্ত্রী, নাগরমুস্তা।
পূর্ণবীজ, পুং, বীজপূর।
পূর্ব্বরূপ, ক্লী, ভাবিব্যাধিবোধক চিহ্ন।
পূষ, পূষক, পুং, ব্রহ্মদারুবৃক্ষ, তুত।
পৃক্কা, স্ত্রী, পিড়িংশাক।
পৃথক্‌চক্ষুঃ [স্], পুং, আনারস।
পৃথক্‌ত্বচা, স্ত্রী, মূর্ব্বা।
পৃথক্‌পর্ণী, স্ত্রী, চাকুলা।
পৃথগ্বীজ, পুং, ভল্লাতক।
পৃথাজ, পুং, অর্জুনবৃক্ষ
পৃথিবীপতি, পুং, ঋষভক।
পৃথু, স্ত্রী, কৃষ্ণজীরক। ত্বক্‌পর্ণী। হিঙ্গুপত্রী। অহিফেন।
পৃথুক, পুং, ক্লী, চিপিটক, চিঁড়া।
পৃথুকা, স্ত্রী, হিঙ্গুপত্রী। [কুল।
পৃথুকোল, পুং, রাজবদর, নারিকুলে-
পৃথুচ্ছদ, পুং, হরিদর্ভ।
পৃথুপত্র, পুং, রক্তলশুন।
পৃথুপলাশিকা, স্ত্রী, শটী।

পৃথুলা, স্ত্রী, হিঙ্গুপত্রী।
পৃথুশিম্ব, পুং, শ্যোনাক প্রভেদ।
পৃথ্বী, স্ত্রী, হিঙ্গুপত্রী। কৃষ্ণজীরক
পুনর্নবা। স্থূলৈলা।
পৃথ্বীকা, স্ত্রী, বৃহদেলা। সূক্ষ্মৈলা।
কৃষ্ণজীরক। হিঙ্গুপত্রী।
পৃথ্বীকুরবক, পুং, শ্বেতমন্দারক।
পৃথ্বীজ, ক্লী, গড়লবণ, পাংশুলবণ।
পৃশ্নিকা, স্ত্রী, কুম্ভিকা। [লিয়া।
পৃশ্নিপর্ণী, স্ত্রী, লতাবিশেষ, চাকু-
পৃশ্নী, স্ত্রী, কুম্ভিকা।
পৃষ্ঠ, ক্লী, শরীরের পশ্চাদ্ভাগ, পিঠ।
পৃষ্ঠবংশ, পুং, পৃষ্ঠাস্থি, পিঠের দাঁড়া
পেচূলী, স্ত্রী, শাকভেদ, কচু।
পেটিকা, স্ত্রী, বৃক্ষবিশেষ, পেটারি।
পেয়, ক্লী, জল। দুগ্ধ
পেয়া, স্ত্রী, সিক্থকযুক্ত পেয় দ্রব্য।
পেশী, স্ত্রী, জটামাংসী। মাংসপিণ্ডী।
পেষণ, ক্লী, শতগুপ্তা, কেঁকাটাসিজ।
পৈষ্টিক. ক্লী, বিবিধধান্য বিকারজ মদ্য।
পৈষ্টী, স্ত্রী, ঐ।
পোটগল, পুং, নলবৃক্ষ। খাগড়া। কাশ।
পোতকী, স্ত্রী, পুঁইশাক।
পোতিকা, স্ত্রী, পুতিকা। শতপুষ্পা
মূলপোতী।
প্যোতাস, পুং, কর্পূরবিশেষ।
পোষ্টা, পুং, পূতীক, কাঁটাকরঞ্জ।
পৌণ্ডরীক, ক্লী, প্রপৌণ্ডরীক।
পৌণ্ডর্য্য, ক্লী, পুণ্ডর্য্য।
পৌণ্ড্র, পুং, ইক্ষুবিশেষ, পুঁড়িআক্।
পৌণ্ড্রক, পুং, ঐ।
পৌণ্ড্রিক, পুং, ঐ।

পৌত্তিক, ক্লী, মধু বিশেষ।
পৌর, ক্লী, রোহিষতৃণ, রামকর্পূর
পৌষ্কর, ক্লী, পুষ্করমূল। কুড়।
পৌষ্করমূল, ক্লী, ঐ।
পৌষ্পক, ক্লী, কুসুমাঞ্জন
প্রকর, ক্লী, অগুরু।
প্রকাশ, ক্লী, কাংস্য।
প্রকীর্ণ, পুং, পূতিকরঞ্জ।
প্রকীর্য্য, পুং, নাটাকরঞ্জ। ঘৃতকরঞ্জ।
রীঠাকরঞ্জ।
প্রকুঞ্চ, পুং, আটতোলা পরিমাণ।
প্রকোষ্ঠ, পুং, কফোণি অবধি মণিবন্ধ-
পর্য্যন্ত হস্তভাগ।
প্রগন্ধ, পুং, পর্পট
প্রগ্রহ, পুং, কর্ণিকারবৃক্ষ। সোঁদাল।
প্রচণ্ড, পুং, শ্বেতকরবীর
প্রচণ্ডমূর্ত্তি, স্ত্রী, বরুণবৃক্ষ।
প্রচণ্ডা, স্ত্রী, শ্বেতদূর্ব্বা।
প্রচেতসী, স্ত্রী, কট্ফল।
প্রচেল, ক্লী, পীতচন্দন।
প্রচোদনী, স্ত্রী, কণ্টকারী
প্রচ্ছর্দ্দিকা, স্ত্রী, বমি।
প্রজাদা, স্ত্রী, গর্ভদাত্রীক্ষুপ
প্রজাদান, ক্লী, রজত।
প্রণাদ, পুং, কর্ণনাদ রোগ।
প্রতান, পুং, অপতানক নামক বায়-
রোগবিশেষ।
প্রতাপস, পুং. শুক্লার্কবৃক্ষ। [জিব্।
প্রতিজিহ্বা, স্ত্রী, অলিজিহ্বিকা, আল-
প্রতিপত্রফলা, স্ত্রী, ক্ষুদ্রকারবেল্লী।
প্রতিপর্ণশিফা, স্ত্রী, দ্রবন্তী।
প্রতিফলা, স্ত্রী, সোমরাজী।

প্রতিবিষা, স্ত্রী, আতইচ।
প্রতিবিষ্ণুক, পুং, মুচুকুন্দবৃক্ষ।
প্রতিশ্যায়, পুং, পীনসরোগ, সর্দ্দি
প্রতিসোমা, স্ত্রী, মহিষবল্লী।
প্রতিহাস, পুং, করবীর।
প্রতীহাস, পুং, ঐ।
প্রতুদ, পুং, গৃধ্রাদিপক্ষী।
প্রত্যক্‌পর্ণী, স্ত্রী, অপামার্গ। দ্রবন্তী।
প্রত্যক্‌পুষ্পী, স্ত্রী, অপামার্গ।
প্রত্যক্‌শ্রেণী, স্ত্রী, দন্তীবৃক্ষ। মূষিকপর্ণী। থুলকুড়ি।
প্রত্যঙ্গ, ক্লী, অবয়ব বিশেষ, কর্ণ নাসিকা প্রভৃতি।
প্রত্যঙ্গিরা, স্ত্রী, শিরীষপুষ্প।
প্রত্যশ্ম [ন্], ক্লী, গৈরিক।
প্রত্যাধ্মান, পুং, বাতব্যাধি বিশেষ।
প্রদর, পুং, স্ত্রীরোগ বিশেষ।
প্রদীপন, পুং, স্থাবর বিষভেদ।
প্রদেশনী. প্রদেশিনী, স্ত্রী, তর্জ্জনী-অঙ্গুলি।
প্রদেহ, পুং, প্রলেপ।
প্রপথ্যা, স্ত্রী, হরীতকী।
প্রপন্নাড়, পুং, চক্রমর্দ্দ, চাকুন্দে।
প্রপুনাড়, প্রপুন্নড়, পুং, ঐ।
প্রপুন্নাট, পুং, ঐ।
প্রপুন্নাড়, পুং, ঐ।
প্রপুন্নাল, পুং, ঐ।
প্রপুরিকা, স্ত্রী, কণ্টকারী।
প্রপৌণ্ডরীক, ক্লী, শালপর্ণী পত্রতুল্য পত্রবিশিষ্ট বৃক্ষবিশেষ, পুণ্ডরিয়া।
প্রবলা, স্ত্রী, প্রসারণী।
প্রবাল, পুং, স্বনামখ্যাত রত্ন, পলা।
প্রবালিক, পুং, জীবশাক।
প্রবালফল, ক্লী, রক্তচন্দন।
প্রবোধনী, স্ত্রী, দুরালভা।
প্রবোধিনী স্ত্রী, ঐ।
প্রভদ্র, পুং, নিম্ব।
প্রভদ্রা, স্ত্রী, প্রসারণী।
প্রভাকর, পুং, অর্কবৃক্ষ।
প্রভাঞ্জন, পুং, শোভাঞ্জন।
প্রভু, পুং, পারদ।
প্রমথা, স্ত্রী, হরীতকী।
প্রমথিত, ক্লী, নির্জ্জল তক্র।
প্রমদ, পুং, ধুস্তূরফল।
প্রমীলা, স্ত্রী, তন্দ্রা।
প্রমুখ, পুং, পুন্নাগবৃক্ষ।
প্রমেহ, পুং, স্বনামপ্রসিদ্ধ রোগ।
প্রমোচনী, স্ত্রী, গবাক্ষী। গোডুম্বা।
প্রমোদিনী, স্ত্রী, জিঙ্গিনীবৃক্ষ।
প্রলম্ব, পুং, শশা। তালাঙ্কুর।
প্রলাপ, পুং, রোগের উপসর্গ বিশেষ, অনর্থক বাক্যোচ্চারণ।
প্রলাপহা [ন্], পুং, কুলথাঞ্জন।
প্রবর, ক্লী, অগুরু।
প্রবাহিকা, স্ত্রী, আমাশয়পীড়া। গ্রহণী।
প্রবির, পুং, পীতকাষ্ঠ।
প্রবিষা, স্ত্রী, অতিবিষা।
প্রবেট, পুং, যব।
প্রবেল, পুং, পীতমুদ্গ।
প্রব্রজিতা, স্ত্রী, মাংসী। মুণ্ডিরী।
প্রশ্নী, স্ত্রী, কুম্ভিকা।
প্রসঙ্গ, পুং, মৈথুন।
প্রসন্না, স্ত্রী, মদ্যের উপরিস্থ স্বচ্ছাংশ। দ্বিতীয়বার পরিস্রুত সুরা। সুরা।

প্রসন্নেরা, স্ত্রী, মদিরা।
প্রসরা, স্ত্রী, গন্ধভাদুলে।
প্রসব, পুং, গর্ভমোচন।
প্রসবক, পুং, পিয়ালবৃক্ষ।
প্রসহ, পুং, কাকাদি পক্ষী।
প্রসহা, স্ত্রী, বৃহতী।
প্রসাতিকা, স্ত্রী, অণুব্রীহি, সূক্ষ্মধান্য।
প্রসাদন, ক্লী, অন্ন।
প্রসাধিকা, স্ত্রী, নীবার।
প্রসারণী, স্ত্রী, গন্ধভাদুল্যা। [ভাদুলে।
প্রসারিণী, স্ত্রী, লজ্জালুলতা। গন্ধ-
প্রসিত, ক্লী, পূয়, পূঁজ।
প্রসূ, স্ত্রী, কদলী।
প্রসূকা, স্ত্রী, বাজিনী, অশ্বগন্ধা।
প্রসৃত, ক্লী, ২ পল পরিমাণ।
প্রস্তরিণী, স্ত্রী, গোলোমিকা
প্রস্তার্য্যর্ম্ম [ন], ক্লী, নেত্ররোগবিশেষ।
প্রস্থ, পুং, দুইসের পরিমাণ।
প্রস্থপুষ্প, পুং, মরুবক। স্বল্পপত্র তুলসী।
জম্বীরভেদ। জম্বীরমাত্র।
প্রস্থিকা, স্ত্রী, অম্বষ্ঠা।
প্রস্বেদ, পুং, অতিশয় ঘর্ম্ম নির্গম।
প্রহরকুটুম্বী, স্ত্রী, কুটুম্বিনীক্ষুপ।
প্রহর্ষণী, স্ত্রী, হরিদ্রা।
প্রহসন্তী, স্ত্রী, যূথী। বাসন্তী।
প্রহারবল্লী, স্ত্রী, মাংসরোহিণী।
প্রক্ষেপ, পুং, পাককালে ঔষধাদিতে
ক্ষেপনীয় দ্রব্য।
প্রাক্‌ফল, পুং, পনস
প্রাগ্রাট, ক্লী, অঘনদধি।
প্রাচীনপনস, পুং, বিল্ব। [রাস্না।
প্রাচীনা, স্ত্রী, বনতিক্তিকা, আকনাদি।
প্রাচীনামলক, ক্লী, পানীয়ামলক, পানী-
আমলা।
প্রাণক, পুং, জীবকদ্রুম।
প্রাণদ, ক্লী, জল। রক্ত।
প্রাণদ, পুং, জীবকবৃক্ষ।
প্রাণদা, স্ত্রী, ঋদ্ধিবৃক্ষ। হরীতকী।
প্রাণন্ত, পুং, রসাঞ্জন।
প্রাণপ্রদা, স্ত্রী, ঋদ্ধি।
প্রাণহারক, ক্লী, বৎসনাভ।
প্রাণিমাতা, স্ত্রী, গর্ভদাত্রীক্ষুপ।
প্রাক্তিকা, স্ত্রী, জবা।
প্রাবট, পুং, যব।
প্রাবৃষায়ণী, স্ত্রী, কপিকচ্ছু, আলকুশী।
পুনর্নবা। [ধারাকদম্ব।
প্রাবৃষেণ্য, পুং, কদম্ববৃক্ষ। কুটজবৃক্ষ।
প্রাবৃষেণ্যা, স্ত্রী, কপিকচ্ছু। রক্তপুনর্নবা।
প্রাবৃষা, পুং, কুটজ। ধারাকদম্ব।
বিকণ্টক।
প্রিয়, পুং, ঋদ্ধি। জীবক।
প্রিয়ক, পুং, নীপ। পীতশাল। প্রিয়ঙ্গু।
কুঙ্কুম। ধারাকদম্ব। অশনবৃক্ষ।
প্রিয়ঙ্করী, স্ত্রী, বৃহজ্জীবন্তী। শ্বেতকণ্ট-
কারী। অশ্বগন্ধা।
প্রিয়ঙ্গু পুং, স্বনামখ্যাত বৃক্ষ। রাজিকা
পিপ্পলী। কঙ্গু। কটুকী।
প্রিয়জীব, পুং, শ্যোনাকবৃক্ষ।
প্রিয়তম, পুং, ময়ূরশিখা বৃক্ষ।
প্রিয়দর্শন, পুং, ক্ষীরিকাবৃক্ষ।
প্রিয়বর্ণী, স্ত্রী, প্রিয়ঙ্গু।
প্রিয়বল্লী, স্ত্রী, ঐ
প্রিয়সখ, পুং, খদির।
প্রিয়সন্দেশ, পুং, চম্পকবৃক্ষ।

প্রিয়সালক, পুং, অসনবৃক্ষ, পেয়াশাল।
প্রিয়া, স্ত্রী, এলা। মল্লিকা। মদিরা।
প্রিয়ঙ্গু
প্রিয়াম্বু, পুং, আম্রবৃক্ষ।
প্রিয়াল, পুং, বৃক্ষভেদ, পিয়াল।
প্রিয়ালা, স্ত্রী, দ্রাক্ষা।
প্রেতরাক্ষসী, স্ত্রী, তুলসী।
প্রোৎফল, পুং, বৃক্ষবিশেষ।
প্লব, ক্লী, কৈবর্ত্তীমুস্তক। গন্ধতৃণ।
প্লব, পুং, পর্কটীবৃক্ষ, পাকুড় গাছ।
প্লবক, পুং, ঐ।
প্লবগ, পুং, শিরীষবৃক্ষ।
প্লবঙ্গ, পুং, প্লক্ষবৃক্ষ।
প্লক্ষ, পুং, বৃক্ষবিশেষ, পাকুড়। কন্দরালবৃক্ষ। অশ্বত্থবৃক্ষ।
প্লাক্ষ, ক্লী, প্লক্ষবৃক্ষের ফল, পাকুড়ফল।
প্লিহা [ন্], পুং, প্লীহা।
প্লীহন্, পুং, রোহিতকবৃক্ষ, রোড়া।
প্লীহশত্রু, পুং, ঐ।
প্লীহা, স্ত্রী, প্লীহা [ন্], পুং, কুক্ষির-বামপার্শ্বস্থ মাংসখণ্ড, পীলা।
প্লীহারি, পুং, অশ্বত্থবৃক্ষ।
প্লীহাশত্রু, পুং, রোহিতক, রোড়া।

ফ

ফঞ্জিকা, স্ত্রী, ব্রাহ্মণযষ্টিকা। দেবতাড়। তুরালভা।
ফঞ্জিপত্রিকা, স্ত্রী, আখুপর্ণী।
ফঞ্জী, স্ত্রী, ভার্গী।
ফণিকেসর, ক্লী, নাগকেসর।
ফণিজিহ্বা, স্ত্রী, মহাশতাবরী। মহাসমঙ্গা।
ফণিজ্ঝ, ফণিজ্ঝক, পুং, ক্ষুদ্রপত্র তুলসী। জম্বীরভেদ। জম্বীরমাত্র।
ফণিফেন, পুং, অহিফেন, আফিঙ্।
ফণিবল্লী, স্ত্রী, নাগবল্লী।
ফণিহন্ত্রী, স্ত্রী, গন্ধনাকুলী।
ফণিহৃৎ, স্ত্রী, ক্ষুদ্রদুরালভা।
ফণী [ন্], পুং, সর্পিণী ওষধি।
ফল, ক্লী, জাতীফল। ত্রিফলা। কক্কোল মদনফল। আর্ত্তব। মুষ্ক।
ফল, পুং, কুটজবৃক্ষ। মদনবৃক্ষ।
ফলক, ক্লী, জায়ফল।
ফলক, পুং, নাগকেশর। অস্থিখণ্ড।
ফলকর্কশা, স্ত্রী, বনকোলি।
ফলকৃষ্ণ, পুং, পানীয়ামলক।
ফলকেশর, পুং, নারিকেলবৃক্ষ।
ফলকোষ, পুং, অণ্ডকোষ।
ফলকোষক, পুং, ঐ।
ফলচোরক, পুং, চোরনামক গন্ধদ্রব্য।
ফলত্রয়, ক্লী, ত্রিফলা। পরূষফল, কাশ্মর্য্য ও দ্রাক্ষা।
ফলত্রিক, ক্লী, ত্রিফলা। ত্রিকটু।
ফলপাক, পুং, করমর্দ্দক। পানীয়ামলক।
ফলপাকী [ন্], পুং, গর্দ্দভাণ্ড।
ফলপুচ্ছ, পুং, এরণ্ডবৃক্ষ।
ফলপুষ্পা, স্ত্রী, পিণ্ডখর্জ্জুরী।
ফলপূর, পুং, বীজপূর
ফলপূরক, পুং, ঐ।
ফলপ্রিয়া, স্ত্রী, প্রিয়ঙ্গু।
ফলমুখ্যা, স্ত্রী, অজমোদা।
ফলমুদ্গরিকা, স্ত্রী, পিণ্ডখর্জ্জুর।
ফলবর্ত্তুল, ক্লী, কালিঙ্গ।
ফলবৃক্ষক, পুং, পনস।

ফলশাক, ক্লী, ষড়্বিধ শাকান্তর্গত ফলরূপ শাক।
ফলশাড়ব, পুং, দাড়িম।
ফলশৈশির, পুং, বদরবৃক্ষ।
ফলশ্রেষ্ঠ, পুং, আম্রবৃক্ষ।
ফলস, পুং, পনসবৃক্ষ।
ফলস্নেহ, পুং, আখোটবৃক্ষ।
ফলা, স্ত্রী, ঝিঙ্কিরিষ্টাক্ষুপ। প্রিয়ঙ্গু।
ফলাঢ্যা স্ত্রী, কাষ্ঠকদলী।
ফলাধ্যক্ষ, ক্লী, রাজাদনবৃক্ষ।
ফলান্ত, পুং, বংশ।
ফলাম্বু, ক্লী, ত্রিফলার জল।
ফলাম্ল, ক্লী, বৃক্ষাম্ল।
ফলাম্ল, পুং, অম্লবেতস।
ফলিকা, স্ত্রী, নিষ্পাবী।
ফলিন, পুং, পনস। [বৃক্ষ।
ফলিনী, স্ত্রী, প্রিয়ঙ্গুবৃক্ষ। অগ্নিশিখা-
ফলী, স্ত্রী, প্রিয়ঙ্গুবৃক্ষ।
ফলূষ, পুং, লতাবিশেষ।
ফলেন্দ্র, পুং, রাজজম্বু। [গুমা।
ফলেপুষ্পা, স্ত্রী, ক্ষুদ্রক্ষুপবিশেষ, হিন্দি-
ফলেরুহা, স্ত্রী, পাটলিবৃক্ষ।
ফলোত্তমা, স্ত্রী, কাকলীদ্রাক্ষা।
ফলোৎপত্তি, পুং, আম্রবৃক্ষ।
ফল্গু, স্ত্রী, কাকোডুম্বরিকা। রেণুভেদ, আবীর।
ফল্গুনী, স্ত্রী, কাকোডুম্বরিকা।
ফল্গুবাটিকা, স্ত্রী, ঐ।
ফল্গুবৃন্তাক, পুং, শ্যোনাক প্রভেদ।
ফাটকী, স্ত্রী, স্ফটী। [ফেণী।
ফাণিত, ক্লী, অর্দ্ধাবর্ত্তিত ইক্ষুরস,
ফাণ্ট, পুং,ক্লী, কষায়বিশেষ, কুট্টিতদ্রব্য উষ্ণজলে নিক্ষেপ করিয়া সেইজল ছাঁকিয়া লইলে ফাণ্ট প্রস্তুত হয়।
ফালিনী, স্ত্রী, অগ্নিশিখাবৃক্ষ।
ফাল্গুন, পুং, নদীজবৃক্ষ। অর্জুনবৃক্ষ।
ফিরঙ্গরোগ, পুং, মেঢ্ররোগ বিশেষ, গরমির পীড়া। [পাঁউরুটী।
ফিরঙ্গরোটী, স্ত্রী, রোটিকা বিশেষ,
ফুপ্ফুস, পুং, বক্ষোভ্যন্তরস্থ কোষ্ঠ-বিশেষ, ফুলকা, ফ্যাপড়া, ফুস্ফুস্
ফেণ, পুং, হিণ্ডীর, সমুদ্রফেন।
ফেন, পুং, ঐ।
ফেনক, পুং, ঐ।
ফেনদুগ্ধা, স্ত্রী, দুগ্ধফেনীক্ষুপ।
ফেনা, স্ত্রী, সাতলাক্ষুপ।
ফেনাশ্মভস্ম [ন্], ক্লী, শঙ্খবিষ, শেঁকো।
ফেনিকা, স্ত্রী, পক্কান্নবিশেষ, খাজা।
ফেনিল, ক্লী, কোলিফল। মদনফল।
ফেনিল, পুং, অরিষ্টবৃক্ষ, ঈটাগাছ। বদরবৃক্ষ।

ব

বণিগ্বন্ধু, পুং, নীলীবৃক্ষ।
বদর, ক্লী, সেবিফল, হিন্দী-সেউ। কর্প্পাস-ফল। কোলি বিশেষ, শেয়াকুল। অষ্টমাষক পরিমাণ। কোলিমাত্র। নারিকুলেকুল। [কার্পাস বীজ।
বদর, পুং, কোলিবৃক্ষ। দেবসর্ষপ বৃক্ষ।
বদরফলী, বদরবল্লী, স্ত্রী, ভূবদরী।
বদরা, স্ত্রী, বরাহক্রান্তাবৃক্ষ। কার্পাসী বৃক্ষ। এলাপর্ণী। বিষ্ণুক্রান্তা।
বদরামলক, ক্লী, প্রাচীনামলক।
বদরি, স্ত্রী, কোলিবৃক্ষ।

বদরী, স্ত্রী, কোলিবৃক্ষ। কার্পাস।
কপিকচ্ছু।
বদরীচ্ছদা, স্ত্রী, হস্তিকোলিবৃক্ষ।
শঙ্খনখী।
বদরীপত্র, পুং, নখীনামক গন্ধদ্রব্য।
বদরীপত্রক, ক্লী, ঐ।
বদরীফলা, স্ত্রী, নীলশেফালিকা।
বদ্ধগুদ, ক্লী, উদররোগ বিশেষ।
বদ্ধফল, পুং, করঞ্জ বৃক্ষ।
বদ্ধরসাল, পুং, ত্রিবিধ রাজাম্রান্তর্গত
শ্রেষ্ঠ আম্র। [শটী।
বধূ, স্ত্রী, পৃক্কা, পিড়িংশাক। শারিবা।
বধূ, ক্লী, সীসক।
বপ্র, ক্লী, ঐ।
বন্ধুক, পুং, বন্ধুকবৃক্ষ।
বন্ধুজীব, পুং, ঐ।
বন্ধুজীবক, পুং, ঐ। [বিড়ঙ্গ। ঋষভক।
বন্ধুর, পুং, স্ত্রীচিহ্ন। তিলকস্ক। বন্ধুক।
বন্ধুল, পুং, বন্ধুকবৃক্ষ।
বন্ধুক, পুং, পীতশাল। পুষ্পবৃক্ষ
বিশেষ, বান্ধুলী।
বন্ধূকপুষ্প, পুং, পীতশাল। বীজক।
বন্ধূলি, পুং, বন্ধূকবৃক্ষ।
বন্ধ্যা, স্ত্রী, যোনিরোগ বিশেষ। বন্ধ্যা
কর্কোটকী। বালাখ্য গন্ধদ্রব্য।
বন্ধ্যাকর্কোটকী, স্ত্রী, তিক্তকর্কোটকী।
বভ্রু, পুং, সিতাবরশাক।
বভ্রুধাতু, পুং, সুবর্ণ গৈরিক।
বর, ক্লী, কুঙ্কুম। গুড়ত্বক্। বালা।
আর্দ্রক।
বরা, স্ত্রী, ত্রিফলা। গুড়ূচী। মেদা।
ব্রাহ্মী। বিড়ঙ্গ। পাঠা। হরিদ্রা।
বরী, স্ত্রী, শতাবরী।
বর্ব্বট, পুং, রাজমাষ, বর্ব্বটী।
বর্ব্বটী, স্ত্রী, ঐ।
বর্হ, ক্লী, ময়ূরপিচ্ছ। [রক্ত।
বল, ক্লী, গন্ধরস। শুক্র। পল্লব।
বল, পুং, বরুণবৃক্ষ।
বলজা, স্ত্রী, যূথী।
বলদ, পুং, জীবক।
বলদা, স্ত্রী, অশ্বগন্ধা।
বলদেবা, স্ত্রী, ত্রায়মাণা।
বলভদ্র, পুং, লোধ।
বলভদ্রা, স্ত্রী, ত্রায়মাণা। ঘৃতকুমারী।
বলভদ্রিকা, স্ত্রী, ত্রায়মাণা।
বলবর্দ্ধিনী, স্ত্রী, জীবক।
বলহা [ন্], পুং, শ্লেষ্মা।
বলা, স্ত্রী, ক্ষুপবিশেষ, বেড়েলা।
বলাট, পুং, মুদ্গ।
বলাত্মিকা, স্ত্রী, হস্তিশুণ্ডীবৃক্ষ।
বলাদ্যা, স্ত্রী, বলা।
বলামোটা, স্ত্রী, নাগদমনী।
বলায়, পুং, বরুণবৃক্ষ।
বলালিক, পুং, পানীয়ামলক।
বলাশ, পুং, শ্লেষ্মা।
বলাহক, পুং, মুস্তক।
বলাহ্বকন্দ, পুং, গুলঞ্চকন্দ।
বলি, পুং, গন্ধক।
বলি, স্ত্রী, গুদাঙ্কুর, অর্শোবলি।
জরাহেতু চর্ম্মের শ্লথতা। মলাশয়ের
প্রান্ত।
বলিকা, স্ত্রী, অতিবলা।
বলিনী, স্ত্রী, বাট্যালক।
বলিপোদকী, স্ত্রী, উপোদকী।

বলিপ্রিয়, পুং, লোধ্রবৃক্ষ।
বলী [ন্], পুং, কুন্দবৃক্ষ। মাষ।
বল্য, ক্লী, প্রধানধাতু, শুক্র।
বল্যা, স্ত্রী, অতিবলা। অশ্বগন্ধা। শিগ্রীড়ীক্ষুপ। প্রসারণী।
বহুকণ্টক, পুং, ক্ষুদ্রগোক্ষুর। যবাস। হিন্তাল।
বহুকণ্টকা, স্ত্রী, অগ্নিদমনী
বহুকণ্টা, স্ত্রী, কণ্টকারী।
বহুকন্দ, পুং, শূরণ
বহুকন্দা, স্ত্রী, কর্কটী।
বহুকর্ণিকা, স্ত্রী, আখুকর্ণী।
বহুকূর্চ্চ, পুং, মধুনারিকেল।
বহুগন্ধ, ক্লী, গুড়ত্বক্।
বহুগন্ধ, পুং, কুন্দরুক।
বহুগন্ধদা, স্ত্রী, কস্তূরী।
বহুগন্ধা, স্ত্রী, যূথিকা। কৃষ্ণজীরক
বহুগ্রন্থি, পুং, ঝাবুক।
বহুচ্ছিন্না, স্ত্রী, কন্দগুড়ূচী।
বহুতরকনিশ, পুং, রাগীধান্য।
বহুতিক্তা, স্ত্রী, কাকমাচী।
বহুত্বক্ [চ্], পুং, ভূর্জবৃক্ষ।
বহুত্বক্ক, পুং, ঐ।
বহুদুগ্ধ, পুং, গোধূম।
বহুদুগ্ধিকা, স্ত্রী, স্নুহীবৃক্ষ।
বহুধার, ক্লী, বজ্র, হীরক।
বহুনাদ, পুং, শঙ্খ।
বহুপত্র, ক্লী, অভ্র।
বহুপত্র, পুং, পলাণ্ডু।
বহুপত্রা, স্ত্রী, তরুণীপুষ্প।
বহুপত্রিকা, স্ত্রী, ভূম্যামলকী। মেথিকা মহাশতাবরী।
বহুপত্রী, স্ত্রী, লিঙ্গিনী। ঘৃতকুমারী। তুলসী। জতুকা। বৃহতী। গোরক্ষ-দুগ্ধা।
বহুপর্ণ, পুং, সপ্তচ্ছদবৃক্ষ।
বহুপর্ণিকা, স্ত্রী, আখুকর্ণী।
বহুপর্ণী, স্ত্রী, মেথিকা।
বহুপাৎ [দ্], পুং, বটবৃক্ষ।
বহুপাদ, পুং, ঐ।
বহুপুত্র, পুং, সপ্তপর্ণ।
বহুপুত্রী, স্ত্রী, শতমূলী।
বহুপুষ্প, পুং, পারিভদ্রবৃক্ষ।
বহুপুষ্পিকা, স্ত্রী, ধাতকী।
বহুপ্রজ, পুং, মুঞ্জতৃণ। [তেজঃফল।
বহুফল, পুং, কদম্ববৃক্ষ। বিকঙ্কত।
বহুফলা, স্ত্রী, ক্ষবিকা। মাষপর্ণী। কাক-মাচী। এপুসী। শশাণ্ডুলী। ক্ষুদ্র-কারবেল্লী। ভূম্যামলকী।
বহুফলিকা, স্ত্রী, ভূবদরী।
বহুফলী, স্ত্রী, সর্কোরু। আমলকী।
বহুফেনা, স্ত্রী, সাতলা।
বহুমঞ্জরী, স্ত্রী, তুলসী।
বহুমল, পুং, সীসক।
বহুমূর্ত্তি, স্ত্রী, বনকার্পাস।
বহুমূল, পুং, ইক্কট। শিগ্রু। স্থূল-শর, ওকড়া।
বহুমূলক, ক্লী, উশীর।
বহুমূলক, পুং, ইক্কট।
বহুমূলা, স্ত্রী, শতাবরী।
বহুমূলী, স্ত্রী, মাকন্দী।
বহুরন্ধ্রিকা, স্ত্রী, মেদা।
বহুরসা, স্ত্রী, মহাজ্যোতিষ্মতী।
বহুরুহা, স্ত্রী, কন্দগুড়ূচী।

বহুরূপ, পুং, সর্জরস।
বহুল, ক্লী, শ্বেতমরিচ।
বহুলগন্ধা, স্ত্রী, এলা।
বহুলচ্ছদ, পুং, রক্তশিগ্রু।
বহুলবণ, ক্লী, ঔষরক, খাড়িলবণ।
বহুলা, স্ত্রী, নীলিকা। এলা।
বহুবল্ক, পুং, পিয়াল।
বহুবল্লী, স্ত্রী, ডোড়িক্ষুপ।
বহুবার, বহুবারক, পুং, বৃক্ষ বিশেষ, বহুয়ার। আতাবৃক্ষ।
বহুবিস্তীর্ণা, স্ত্রী, কুচিকাবৃক্ষ, কুচই।
বহুবীজ, ক্লী, গণ্ডগাত্র, আতা।
বহুবীর্য্য, পুং, বিভীতক। তণ্ডুলীয়শাক। শাল্মলীবৃক্ষ। মরুব।
বহুবীর্য্যা, স্ত্রী, ভূম্যামলকী।
বহুশল্য, পুং, রক্তখদির।
বহুশাল, পুং, স্নুহী।
বহুশিখা, স্ত্রী, জলপিপ্পলী।
বহুসন্ততি, পুং, ব্রহ্মযষ্টি, বেড়বাঁশ।
বহুসম্পুট, পুং, বিষ্ণুকন্দ।
বহুসার, পুং, খদির।
বহুসুতা, স্ত্রী, শতমূলী।
বহুস্রবা, স্ত্রী, শল্লকীবৃক্ষ।
বাড়িঙ্গন, পুং, বার্ত্তাকু।
বাণা, স্ত্রী, পুং, নীলঝিণ্টী।
বাদর, পুং, কার্পাসবৃক্ষ।
বাদরা, স্ত্রী, ঐ।
বাধক, পুং, স্ত্রীরোগ বিশেষ।
বাধির্য্য, ক্লী, শ্রবণশক্তি নাশক কর্ণরোগ, বধিরতা।
বার্ব্বটীর, পুং, ত্রপু। আম্রাস্থি।
বাল, ক্লী, পুং, গন্ধদ্রব্য বিশেষ, বালা।
বাল, পুং, নারিকেল। কেশ।
বালক, ক্লী, পুং, হ্রীবের।
বালকপ্রিয়া, স্ত্রী, ইন্দ্রবারুণী। কদলী।
বালতনয়, পুং, খদিরবৃক্ষ।
বালদলক, পুং, ঐ।
বালপত্র, পুং, খদিরবৃক্ষ। যবাস।
বালপত্রক, পুং, খদির বৃক্ষ।
বালপুষ্পিকা, স্ত্রী, যূথী।
বালপুষ্পী, স্ত্রী, ঐ।
বালভদ্রক, পুং, বিষভেদ।
বালভৈষজ্য, ক্লী, রসাঞ্জন।
বালভোজ্য, পুং, চণক।
বালরোগ, পুং, বাল্যাবস্থায় জাত কতিপয় বিশেষ রোগ।
বালা, স্ত্রী, নারিকেল। হরিদ্রা। মল্লিকাভেদ। ঘৃতকুমারী। হ্রীবের। অম্বষ্ঠা। নীলঝিণ্টী।
বালাক্ষী, স্ত্রী, কেশপুষ্টা বৃক্ষ।
বালিকা, স্ত্রী, এলা।
বালীশ, পুং, মূত্রকৃচ্ছ্র রোগ।
বালু, স্ত্রী, এলবালুক নামক গন্ধদ্রব্য।
বালুক, ক্লী, এলবালুক।
বালুক, পুং, পানীয়ালু।
বালুকা, স্ত্রী, রেণুবিশেষ, বালি। কর্পূর। কর্কটী।
বালুকাত্মিকা, স্ত্রী, শর্করা। [বিশেষ।
বালুকাযন্ত্র, ক্লী, ঔষধ পাকার্থ যন্ত্র
বালুকাস্বেদ, পুং, তপ্ত বালুকাদ্বারা স্বেদ ক্রিয়া।
বালুকী, স্ত্রী, কর্কটীভেদ। খেঁড়ো।
বালুঙ্কী, স্ত্রী, কর্কটী।
বালুঙ্গিকা, বালুঙ্গী, স্ত্রী, ঐ।

বালূক, পুং, বিষভেদ। [মূলক।
বালেয়, পুং, অঙ্গারবল্লরী। চাণক্য-
বালেয়শাক, পুং, ব্রাহ্মণযষ্টিকা।
বালেষ্ট, পুং, বদর।
বাহু, পুং, কক্ষাবধি অঙ্গুলির অগ্র-
ভাগ পর্য্যন্ত অবয়ব।
বাহুমূল, ক্লী, কক্ষ, বগল।
বুক্ক, ত্রি, বক্ষোভ্যন্তরস্থ মাংস বিশেষ,
অগ্রমাংস।
বুক্কাগ্রমাংস, ক্লী, হৃদয়।
বুধা, স্ত্রী, জটামাংসী।
বোকড়ী, স্ত্রী, বন্তান্ত্রী।
বোধনী, স্ত্রী, পিপ্পলী।
বোধি, পুং, অশ্বত্থ বৃক্ষ।
বোধিতরু, পুং, ঐ।
বোধিদ্রুম, পুং, ঐ।
বোধিবৃক্ষ, পুং, ঐ।
ব্রধ্ন, পুং, অর্কবৃক্ষ। রোগবিশেষ,
কুঁচকি।
ব্রহ্মকন্যকা, স্ত্রী, ব্রাহ্মী।
ব্রহ্মকোশী, স্ত্রী, অজমোদা।
ব্রহ্মগর্ভা, স্ত্রী, আদিত্যভক্তা।
ব্রহ্মঘ্নী, স্ত্রী, ঘৃতকুমারী।
ব্রহ্মচারণী, স্ত্রী, ভার্গী।
ব্রহ্মচারিণী, স্ত্রী, ব্রহ্মীশাক। করুণীবৃক্ষ।
ব্রহ্মজটা, স্ত্রী, দমনকবৃক্ষ।
ব্রহ্মণ্য, পুং, ব্রহ্মদারু বৃক্ষ। মুঞ্জতৃণ।
তূলবৃক্ষ।
ব্রহ্মতীর্থ, ক্লী, পুষ্করমূল।
ব্রহ্মদণ্ড, পুং, ব্রাহ্মণযষ্টিকা।
ব্রহ্মদণ্ডী, স্ত্রী, ক্ষুদ্র ক্ষুপবিশেষ।
ব্রহ্মদর্ভা, স্ত্রী, যমানিকা।

ব্রহ্মদারু, ক্লী, স্বনামখ্যাত অশ্বত্থাকার
বৃক্ষবিশেষ, গয়াশ্বত্থ। তুতবৃক্ষ,
হিন্দী-পলাশপিপল।
ব্রহ্মপত্র, ক্লী, পলাশপত্র।
ব্রহ্মপর্ণী, স্ত্রী, পৃশ্নিপর্ণী।
ব্রহ্মপবিত্র, পুং, কুশ।
ব্রহ্মপাদপ, পুং, পলাশবৃক্ষ।
ব্রহ্মপুত্র, পুং, বিষভেদ।
ব্রহ্মপুত্রী, স্ত্রী, বারাহীকন্দ।
ব্রহ্মভূমিজা, স্ত্রী, সিংহলী।
ব্রহ্মমেখল, পুং, মুঞ্জ।
ব্রহ্মযষ্টি, স্ত্রী, ভার্গী।
ব্রহ্মরীতি, স্ত্রী, পিত্তলভেদ, বেঙ্গাপিত্তল।
ব্রহ্মবর্দ্ধন, ক্লী, তাম্র।
ব্রহ্মবীজ, ক্লী, পলাশবীজ।
ব্রহ্মবৃক্ষ, পুং, পলাশবৃক্ষ। উড়ুম্বর।
ব্রহ্মশল্য, পুং, সোমবল্ক, বাবলা।
ব্রহ্মাণী, স্ত্রী, রেণুকানামক গন্ধদ্রব্য।
রাজরীতি।
ব্রহ্মাদনী, স্ত্রী, হংসপদী।
ব্রহ্মী স্ত্রী, ফঞ্জিকাবৃক্ষ। শাকভেদ,
ব্রহ্মী।
ব্রহ্মোপনেতা [ঋ], পুং, পলাশবৃক্ষ।
ব্রাহ্মণযষ্টিকা, স্ত্রী, বামুনহাটী।
ব্রাহ্মণযষ্টী, স্ত্রী, ঐ।
ব্রাহ্মণী, স্ত্রী, ফঞ্জিকা। পৃক্কা।
ব্রাহ্মিকা, স্ত্রী, ব্রহ্মযষ্টিকা।
ব্রাহ্মী, স্ত্রী, ব্রহ্মীশাক। বামুনহাটী।
সোমলতা। মহাজ্যোতিষ্মতী। মৎ-
স্যাক্ষী। বারাহীকন্দ। হিলমোচিকা।
ব্রাহ্মীকন্দ, পুং, বারাহীকন্দ।

ভ

ভক্ত, ক্লী, অন্ন, ভাত, পঞ্চগুণ জলে সিদ্ধ তণ্ডুল। [মাড়।
ভক্তমণ্ড, পুং, ক্লী, অন্নাগ্ররস, ভাতের-
ভগ, ক্লী, পুং, স্ত্রীচিহ্ন, যোনি।
ভগন্দর, পুং, অপানদেশজ ব্রণরোগ বিশেষ।
ভগ্ন, ক্লী, রোগ বিশেষ।
ভগ্নসন্ধি, পুং, রোগ বিশেষ।
ভগ্নসন্ধিক, ক্লী, ঘোল।
ভঙ্গ, পুং, রোগ বিশেষ। রোগমাত্র।
ভঙ্গবাসা, স্ত্রী, হরিদ্রা।
ভঙ্গা, স্ত্রী, বৃক্ষবিশেষ। শণাখ্যশস্য। ত্রিবৃতা। সিদ্ধি।
ভঙ্গুরা, স্ত্রী, অতিবিষা। প্রিয়ঙ্গু।
ভঞ্জনক পুং, মুখরোগ বিশেষ।
ভটা, স্ত্রী, ইন্দ্রবারুণী, রাখালসসা।
ভটিত্র, ক্লী, শূলপক মাংসাদি, কাবাব।
ভণ্টাকী, স্ত্রী, বার্ত্তাকী। বৃহতী। কণ্টকারী।
ভণ্টুক, পুং, শ্যোনাকবৃক্ষ।
ভণ্ডিকা, স্ত্রী, মঞ্জিষ্ঠা।
ভণ্ডির, পুং, শিরীষবৃক্ষ।
ভণ্ডিল, পুং, ঐ।
ভণ্ডী, স্ত্রী, মঞ্জিষ্ঠা। শিরীষবৃক্ষ।
ভণ্ডীতকী, স্ত্রী, মঞ্জিষ্ঠা।
ভণ্ডীর, পুং, সমষ্ঠিলক্ষুপ। তণ্ডুলীয়-শাক। শিরীষবৃক্ষ।
ভণ্ডীরলতিকা, স্ত্রী, মঞ্জিষ্ঠা।
ভণ্ডীরী, স্ত্রী, ঐ।
ভণ্ডুল, পুং, ঐ।
ভণ্ডুক, ভণ্ডূক, পুং, শ্যোনাক বৃক্ষ।
ভদ্র, ক্লী, মুস্ত। কাঞ্চন।
ভদ্র, পুং, কদম্ব। স্নুহী।
ভদ্রক, ক্লী, ভদ্রমুস্তক।
ভদ্রক, পুং, দেবদারু।
ভদ্রকণ্ট, পুং, গোক্ষুর।
ভদ্রকালী, স্ত্রী, গন্ধোলী।
ভদ্রকাশী, স্ত্রী, ভদ্রমুস্তা।
ভদ্রগন্ধিকা, স্ত্রী, মুস্তক।
ভদ্রচূড়, পুং, লঙ্কাস্থায়ী, লঙ্কাসিজ।
ভদ্রজ, পুং, ইন্দ্রযব।
ভদ্রতরুণী, স্ত্রী, কুব্জকবৃক্ষ।
ভদ্রতিক্তা, স্ত্রী, মহাতিক্তা, মিস্‌মিতিতা।
ভদ্রদন্তিকা, স্ত্রী, দন্তীবৃক্ষভেদ, ভদ্রদন্তী।
ভদ্রদারু, ক্লী, পুং, দেবদারু। সরলকাষ্ঠ।
ভদ্রদার্ব্বাদিক, পুং, ঔষধগণ বিশেষ। যথা, দেবদারু, কুড়, হরিদ্রা, বরুণ, মেষশৃঙ্গী, বেড়েলা, পীতবেড়েলা, নীলাঝিণ্টী, আলকুশী, সল্লকীবৃক্ষ (এইবৃক্ষের নির্য্যাস শিলারস), পারুল, অর্জ্জুনবৃক্ষ, ঝিণ্টী, গণিয়ারি, গুলঞ্চ, এরণ্ড, পাষাণভেদী, শ্বেতআকন্দ, আকন্দ, শতমূলী, পুনর্নবা, বাস্তুক, গজপিপ্পলী, কাঞ্চন বৃক্ষ, বামুনহাটী, কার্পাস, বিছাটী, শালিঞ্চাশাক, বদর (কুল বিশেষ), যব, কুল, কুলথ এই সমস্ত দ্রব্য ভদ্রদার্ব্বাদিগণ নামে প্রসিদ্ধ।
ভদ্রনামিকা, স্ত্রী, ত্রায়ন্তীবৃক্ষ।
ভদ্রপর্ণা, স্ত্রী, কটম্ভরাবৃক্ষ।
ভদ্রপর্ণী, স্ত্রী, গাম্ভারী। প্রসারিণী।

ভদ্রমল্লিকা, স্ত্রী, গবাক্ষী। মল্লিকা বিশেষ, বেলফুল।
ভদ্রমুঞ্জ, পুং, মুঞ্জভেদ, রামশর।
ভদ্রমুস্তক, পুং, নাগমুস্তক।
ভদ্রমুস্তা, স্ত্রী, ঐ।
ভদ্রযব, ক্লী, ইন্দ্রযব।
ভদ্রবৎ, ক্লী, দেবদারু
ভদ্রবতী, স্ত্রী, ভদ্রপর্ণী।
ভদ্রবর্ম্মা [ন্], পুং, নবমল্লিকা।
ভদ্রবলা, স্ত্রী, লতাবিশেষ, গন্ধভাদুলিয়া। বলা।
ভদ্রবল্লিকা, স্ত্রী, গোপবল্লী, অনন্তমূল।
ভদ্রবল্লী, স্ত্রী, মল্লিকা। মাধবীলতা। মদনমালী, হাপরমালী।
ভদ্রশ্রয়, ক্লী, চন্দন।
ভদ্রশ্রী, পুং, চন্দনবৃক্ষ।
ভদ্রা, স্ত্রী, রাস্না। পিপ্পলী। প্রসারিণী। কট্ফল। অপরাজিতা। অনন্তা। জীবন্তী। নীলী। বলা। শমী বচা। দন্তী। হরিদ্রা। শ্বেতদূর্ব্বা কাশ্মরী। শারিবা বিশেষ। কাকোডুম্বরিকা। [লিঁয়া।
ভদ্রালপত্রিকা, স্ত্রী, গন্ধালী, গন্ধভাদু-
ভদ্রালী, স্ত্রী, ঐ।
ভদ্রাবতী, স্ত্রী, কট্ফলবৃক্ষ।
ভদ্রাশ্রয়, পুং, চন্দন।
ভদ্রৈলা, স্ত্রী, স্থূলৈলা।
ভদ্রোৎকট, পুং, গন্ধভাদুলিয়া।
ভদ্রোদনী, স্ত্রী, বলা। নাগবলা।
ভয়, ক্লী, কুব্জকপুষ্প।
ভয়নাশিনী, স্ত্রী, ত্রায়মাণালতা।
ভরণী, স্ত্রী, ঘোষকলতা।
ভরণ্যাহ্বা, স্ত্রী, পর্ব্বপুষ্পী, রামদূতী
ভরু, পুং, স্বর্ণ।
ভৎসপত্রিকা, স্ত্রী, মহানীলী।
ভর্ম্ম, ক্লী, স্বর্ণ।
ভর্ম্ম [ন্], ক্লী, স্বর্ণ। ধুস্তুর।
ভলতা, স্ত্রী, রাজবলা। [তণ্ডুলা।
ভল্লপুচ্ছী, স্ত্রী, গবেশকা, গোরক্ষ
ভল্লাত, পুং, ভল্লাতকবৃক্ষ, ভেলাগাছ।
ভল্লাতক, পুং, ঐ।
ভল্লাতকী, স্ত্রী, ঐ।
ভল্লিকা, স্ত্রী, ঐ।
ভল্লী, স্ত্রী, ঐ।
ভল্লূক, পুং, শ্যোনাক প্রভেদ।
ভব, ক্লী, ভব্যফল, চালিতা।
ভবদারু, ক্লী, দেবদারু।
ভববীজ, ক্লী, পারদ।
ভবাভীষ্ট, পুং, গুগ্গুলু।
ভব্য, ক্লী, ফলবিশেষ, চালিতা। অস্থি।
ভব্য, পুং, কর্ম্মরঙ্গ বৃক্ষ।
ভব্যা, স্ত্রী, গজপিপ্পলী।
ভষা, স্ত্রী, স্বর্ণক্ষীরী।
ভস্ম [ন্] ক্লী, অশ্মরী বিকার।
ভস্মক ক্লী, রোগবিশেষ, ভস্মকীট নামে খ্যাত। বিড়ঙ্গ। স্বর্ণ। রৌপ্য।
ভস্মগন্ধা, স্ত্রী, রেণুকা।
ভস্মগন্ধিকা, ভস্মগন্ধিনী, স্ত্রী, ঐ।
ভস্মগর্ভ, পুং, তিনিশবৃক্ষ।
ভস্মগর্ভা, স্ত্রী, কপিলশিংশপা, রেণুকা। নামক গন্ধদ্রব্য।
ভস্মরোহা, স্ত্রী, দগ্ধাবৃক্ষ।
ভস্মবেধক, পুং, কর্পূর।
ভস্মাহ্বয়, পুং, ঐ।

ভক্ষটক, পুং, ক্ষুদ্রগোক্ষুর।
ভক্ষপত্রা, স্ত্রী, নাগবল্লী।
ভক্ষ্যালাবু, স্ত্রী, রাজালাবু, লাউ।
ভাজন, ক্লী, আটসের পরিমাণ।
ভাণ্ড, পুং, গর্দ্দভাণ্ড বৃক্ষ।
ভাণ্ডীর পুং, বটবৃক্ষ।
ভানু, পুং, অর্কবৃক্ষ।
ভানুফলা, স্ত্রী, কদলী।
ভার, পুং, বিংশতি তুলাপরিমাণ, ২৫০ [সের।
ভারতী, স্ত্রী, ব্রাহ্মী।
ভারদ্বাজী, স্ত্রী, বনকার্পাসী।
ভারবাহী, স্ত্রী, নীলী।
ভারবৃক্ষ, পুং, কাক্ষীনামক গন্ধদ্রব্য।
ভার্গবপ্রিয়, পুং, হীরক।
ভার্গবী, স্ত্রী, দূর্ব্বা। নীলদূর্ব্বা। শ্বেত দূর্ব্বা।
ভাগী, স্ত্রী, বামুনহাটী।
ভার্দ্বাজী, স্ত্রী, বনকার্পাসী।
ভার্য্যাবৃক্ষ, পুং, পত্তঙ্গবৃক্ষ।
ভাল, ক্লী, ভ্রূদ্বয়ের ঊর্দ্ধভাগ, কপাল।
ভালদর্শন, ক্লী, সিন্দূর।
ভালাঙ্ক, পুং, শাক ভেদ।
ভাবন, ক্লী, ভব্যফল, চালিতা।
ভাসুর, ক্লী, কুষ্ঠৌষধ। পুং, স্ফটিক।
ভাসুরপুষ্পা, স্ত্রী, বৃশ্চিকালী।
ভাস্কর, ক্লী, স্বর্ণ।
ভাস্কর, পুং, অর্কবৃক্ষ।
ভাস্করেষ্টা, স্ত্রী, আদিত্যভক্তা।
ভাস্বর, ক্লী, কুষ্ঠৌষধ।
ভাস্বান্ [ৎ], পুং, অর্কবৃক্ষ।
ভিণ্ড, পুং, ভিণ্ডাক্ষুপ।
ভিণ্ডক, পুং, ঐ।
ভিণ্ডা, স্ত্রী, ক্ষুপবিশেষ, ভিণ্ডী।
ভিণ্ডীতক, পুং, ঐ।
ভিদা, স্ত্রী, ধন্যাক।
ভিদুর, পুং, প্লক্ষবৃক্ষ।
ভিন্ন, ক্লী, ক্ষতরোগ বিশেষ।
ভিন্নগাত্রিকা, স্ত্রী, কর্কটী।
ভিন্নভিন্নাত্মা [ন্], পুং, চণক।
ভিন্নযোজনী, স্ত্রী, পাষাণভেদক বৃক্ষ।
ভিরিণ্টিকা, স্ত্রী, শ্বেতগুঞ্জা।
ভিল্লতরু, পুং, লোধ্র।
ভিল্লী, স্ত্রী, ঐ।
ভিষক্প্রিয়া, স্ত্রী, গুড়ূচী।
ভিষগ্‌জিত, ক্লী, ঔষধ।
ভিষগ্‌ভদ্রা, স্ত্রী, ভদ্রদন্তিকা।
ভিষঙ্‌মাতা [ঋ], স্ত্রী, বাসক।
ভিক্ষু, পুং, শ্রাবণীক্ষুপ। কোকিলাক্ষ।
ভীমা, স্ত্রী, রোচনাখ্য গন্ধদ্রব্য।
ভীরু, স্ত্রী, শতাবরী। কণ্টকারী।
ভীরু, পুং, ইক্ষুবিশেষ।
ভীরুক, পুং, ইক্ষুভেদ, হিন্দী-ভোররী।
ভীরুপত্রী, স্ত্রী, শতমূলী।
ভীলভূষণা, স্ত্রী, গুঞ্জা।
ভীষণ, পুং, কুন্দুরুক। হিন্তাল। শল্লকী।
ভুক্তিপ্রদ, পুং, মুদগ।
ভুজঙ্গঘাতিনী, স্ত্রী, বৃক্ষবিশেষ, কঙ্কালিকা।
ভুজঙ্গজিহ্বা, স্ত্রী, মহাসমঙ্গা।
ভুজঙ্গম, ক্লী, সীসক।
ভুজঙ্গলতা, স্ত্রী, নাগবল্লী।
ভুজঙ্গবল্লী, স্ত্রী, ঐ।
ভুজঙ্গাখ্য, পুং, নাগকেশর।

ভূজঙ্গাক্ষী, স্ত্রী, রাস্না।

ভূকদম্ব, পুং, অলম্বুষা, ভুঁইকদম। থুলকুড়ি। কুকসিমা।

ভূকদম্বক, পুং, যবানী।

ভূকন্দ, পুং, মহাশ্রাবণিকা, থুলকুড়ি। বাসক। কুক্‌সিমা।

ভূকর্বুদারক, পুং, বৃক্ষবিশেষ, হিন্দী- ছোটালসোড়া।

ভূকুষ্টী, স্ত্রী, ভূপাটলী।

ভূকুষ্মাণ্ডী, স্ত্রী, বিদারী।

ভূকেশ, পুং, শৈবাল। বট।

ভূকেশী, স্ত্রী, অবল্গুজ।

ভূখর্জূরী, স্ত্রী, ক্ষুদ্রখর্জূরী।

ভূগর, ক্লী, বিষ। [ভূমিজম্বূ।

ভূজম্বূ, স্ত্রী, গোধূম। বিকঙ্কতফল।

ভূতকেশ, পুং, স্বনামখ্যাত তৃণ, গোলোমী।

ভূতকেশী, স্ত্রী, ভূতকেশ। শেফালিকা। নীলসিন্দুবার।

ভূতগন্ধা, স্ত্রী, মুরানামকগন্ধদ্রব্য

ভূতঘ্ন, পুং, রসুন। ভূর্জবৃক্ষ।

ভূতঘ্নী, স্ত্রী, তুলসী। মুণ্ডিতিকা।

ভূতজটা, স্ত্রী, জটামাংসী। গন্ধমাংসী।

ভূতদ্রাবী [ন্], পুং, ভূতাঙ্কুশবৃক্ষ। রক্ত- করবীর।

ভূতদ্রুম, পুং, শ্লেষ্মান্তকবৃক্ষ।

ভূতনাশন, ক্লী, রুদ্রাক্ষ।

ভূতনাশন, পুং, ভল্লাতক। সর্ষপ।

ভূতপত্রী, স্ত্রী, তুলসী।

ভূতপুষ্প, পুং, শ্যোনাকবৃক্ষ।

ভূতমারী, স্ত্রী, চীড়ানামক গন্ধদ্রব্য।

ভূতলিকা, স্ত্রী, পৃক্কা।

ভূতবাস, পুং, কলিদ্রুম, বহেড়া গাছ।

ভূতবিক্রিয়া, স্ত্রী, অপস্মার রোগ।

ভূতবৃক্ষ, পুং, শাখোটবৃক্ষ। শ্যোনা- কবৃক্ষ।

ভূতবেশী, স্ত্রী, শ্বেতশেফালিকা।

ভূতসঞ্চার, পুং, ভূতোন্মাদরোগ।

ভূতসার, পুং, শ্যোনাকপ্রভেদ।

ভূতহন্ত্রী, স্ত্রী, নীলদূর্ব্বা। বন্ধ্যাক- র্কোটকী।

ভূতহর, পুং, গুগ্‌গুলু।

ভূতহারি [ন্], ক্লী, দেবদারু।

ভূতাঙ্কুশ, পুং, স্বনামখ্যাত বৃক্ষ।

ভূতারি, ক্লী, হিঙ্গু।

ভূতালী, স্ত্রী, ভূপাটলী। মুষলী।

ভূতাবাস, পুং, বিভীতকবৃক্ষ।

ভূতি, স্ত্রী, বৃদ্ধিঔষধ। রোহিষতৃণ।

ভূতিক, ক্লী, ভূনিম্ব। কত্তৃণ। কট্‌- ফল। যমানী। কর্পূর।

ভূতিক, পুং, যমানী।

ভূতীক, ক্লী, ভূনিম্ব। যমানী। ভূস্তৃণ। কত্তৃণ।

ভূতৃণ, ক্লী. গন্ধতৃণ, গন্ধখড়, রাম- কর্পূর, শরবাণ।

ভূতৃণ, পুং, ভূস্তৃণ। সুগন্ধরোহিষ।

ভূত্তম, ক্লী, সুবর্ণ।

ভূদরীভবা, স্ত্রী, আখুকর্ণী।

ভূধাত্রী, স্ত্রী, ভূম্যামলকী।

ভূনাগ, পুং, উপরসবিশেষ, রক্তভুণ্ডক।

ভূনিম্ব, পুং, চিরাতা।

ভূনিম্বাদিগণ, পুং, চিরাতা, মুতা, গু- লঞ্চ ও শুঁঠ।

ভূনীপ, পুং, ভূমিকদম্ব।
ভূপতি, পুং, ঋষভক।
ভূপদী, স্ত্রী, মল্লিকা।
ভূপলাশ, পুং, বৃক্ষভেদ, বিশালী।
ভূপাটলী, স্ত্রী, বৃক্ষবিশেষ, হিন্দী-ভূয়াতনী।
ভূপেষ্ট, পুং, রাজাদনীবৃক্ষ।
ভূমিকদম্ব, পুং, ভুঁইকদম।
ভূমিকুষ্মাণ্ড, পুং, স্বনামখ্যাত গুল্ম, ভূঁইকুমড়া।
ভূমিখর্জ্জুরিকা, স্ত্রী, ক্ষুদ্রখর্জ্জুরী। [খেজুর।
ভূমিখর্জুরী, স্ত্রী, ঐ।
ভূমিচম্পক, পুং, পুষ্পবৃক্ষবিশেষ, ভুঁইচাঁপা।
ভূমিজ, ক্লী, গৌরসুবর্ণ।
ভূমিজ, পুং, ভূমিকদম্ব।
ভূমিজগুগ্‌গুলু, পুং, আশাপুরগুগ্‌গুলু।
ভূমিজম্বু, স্ত্রী, ক্ষুদ্রজম্বু। বনজাম। কালজাম।
ভূমিজম্বূ, স্ত্রী, ঐ।
ভূমিজম্বূকা, স্ত্রী, ঐ।
ভূমিপিশাচ, পুং, তালবৃক্ষ।
ভূমিমণ্ড, পুং, অষ্টপাদিকা, হাপরমালী।
ভূমিমণ্ডপভূষণা, স্ত্রী, মাধবীলতা।
ভূমীসহ, পুং, বৃক্ষবিশেষ, হিন্দী-ভূংরসহ।
ভূম্যামলকী, স্ত্রী, ক্ষুপবিশেষ, ভূঁই-আমলা।
ভূম্যামলী, স্ত্রী, ঐ।
ভূম্যাহল্য, ক্লী, ক্ষুপবিশেষ, হিন্দী-ভুঞিংখড়।
ভূযুক্তা, স্ত্রী, ভূমিখর্জূরী।
ভূরি, ক্লী, স্বর্ণ।
ভূরিগন্ধা, স্ত্রী, পুরানামক গন্ধদ্রব্য।
ভূরিদুগ্ধা, স্ত্রী, বৃশ্চিকালী।
ভূরিপত্র, পুং, উখর্ব্বলতৃণ।
ভূরিপলিতদা, স্ত্রী, পাণ্ডুরফলী।
ভূরিপুষ্পা, স্ত্রী, শতপুষ্পা।
ভূরিফেনা, স্ত্রী, সপ্তলাবৃক্ষ, চামারকষা।
ভূরিমল্লী, স্ত্রী, অম্বষ্ঠা।
ভূরিবলা, স্ত্রী, অতিবলা।
ভূরুণ্ডী, স্ত্রী, শ্রীহস্তিনীবৃক্ষ, হাতিশুঁড়া।
ভূর্জ, পুং, স্বনামখ্যাত বৃক্ষ।
ভূর্জপত্র, পুং, ঐ।
ভূলগ্না, স্ত্রী, শঙ্খপুষ্পী।
ভূবদরী, স্ত্রী, ক্ষুদ্রকোলী, হিন্দী-ঝড়বের। [বের।
ভূশেলু, পুং, ভূকর্ব্বুদারক।
ভূস্তৃণ, ক্লী, ভুঁতৃণ।
ভৃঙ্গ, স্ত্রী, গুড়ত্বক্। অভ্র।
ভৃঙ্গ, পুং, ভৃঙ্গরাজ।
ভৃঙ্গজ, ক্লী, অগুরু।
ভৃঙ্গজা, স্ত্রী, ভার্গী।
ভৃঙ্গপর্ণিকা, স্ত্রী, সূক্ষ্মৈলা।
ভৃঙ্গপ্রিয়া, স্ত্রী, মাধবীলতা।
ভৃঙ্গমূলিকা, স্ত্রী, ভ্রমরচ্ছল্লী।
ভৃঙ্গরজ, পুং, ভৃঙ্গরাজ।
ভৃঙ্গরজাঃ [স্], পুং, ঐ। [কেশুরিয়া।
ভৃঙ্গরাজ, পুং, ক্ষুপবিশেষ, ভীমরাজ।
ভৃঙ্গবল্লভ, পুং, ধারাকদম্ব। ভুমিকদম্ব।
ভৃঙ্গবল্লভা, স্ত্রী, ভুমিজম্বু।
ভৃঙ্গসোদর, পুং, কেশরাজ।
ভৃঙ্গানন্দা, স্ত্রী, যূথিকা।
ভৃঙ্গাভীষ্ট, পুং, আম্রবৃক্ষ।
ভৃঙ্গার, ক্লী, লবঙ্গ। সুবর্ণ।
ভৃঙ্গার, পুং, ভৃঙ্গরাজ।
ভৃঙ্গারি, স্ত্রী, কেবিকাপুষ্প।

ভৃঙ্গাহ্ব, পুং, জীবক। ভৃঙ্গরাজ।
ভৃঙ্গাহ্বা, স্ত্রী, ভ্রমরচ্ছল্লী।
ভৃঙ্গিনী, স্ত্রী, বটীবৃক্ষ।
ভৃঙ্গী, স্ত্রী, অতিবিষা।
ভৃঙ্গী [ন্], পুং, বটবৃক্ষ।
ভৃঙ্গীফল, পুং, আম্রাতকবৃক্ষ।
ভৃঙ্গেষ্টা, স্ত্রী, ঘৃতকুমারী। ভার্গী
তরুণী। কাকজম্বু।
ভেকপর্ণী, স্ত্রী, মণ্ডূকপর্ণী।
ভেকী, স্ত্রী, ঐ।
ভেদক, ত্রি, বিরেচক ঔষধাদি।
ভেদন, ক্লী, হিঙ্গু।
ভেদন, পুং, অম্লবেতস।
ভেদী [ন্], পুং, ঐ।
ভেষজ, ক্লী, ঔষধ।
ভেষজাঙ্গ, ক্লী, অনুপান।
ভৈষজ্য, ক্লী, ঔষধ।
ভোগিবল্লভ, ক্লী, চন্দন।
ভোজ্যসম্ভব, পুং, শরীরস্থ রসধাতু।
ভৌক্তিক, ক্লী, মুক্তা।
ভৌম, পুং, রক্তপুনর্নবা।
ভৌমরত্ন, ক্লী, প্রবাল।
ভ্রমরচ্ছল্লী, স্ত্রী, লতাবিশেষ।
ভ্রমরপ্রিয়, পুং, ধারাকদম্ব।
ভ্রমরমারী, স্ত্রী, মালবদেশপ্রসিদ্ধ পুষ্প-
বৃক্ষবিশেষ।
ভ্রমরা, স্ত্রী, ভ্রমরচ্ছল্লী।
ভ্রমরাতিথি, পুং, চম্পক।
ভ্রমরানন্দ, পুং, বকুল। অতিমুক্তক।
রক্তাম্লান।
ভ্রমরী, স্ত্রী, জতুকা। পুত্রদাত্রী।
ভ্রমরেষ্ট, পুং, শ্যোনাকভেদ।
ভ্রমরেষ্টা, স্ত্রী, ভার্গী। ভূমিজম্বু।
ভ্রমরোৎসবা, স্ত্রী, মাধবীলতা।
ভ্রাজক, ক্লী, পিত্তবিশেষ।
ভ্রান্ত, পুং, রাজধুস্তূর।
ভ্রামক, পুং, চুম্বকপ্রস্তর।
ভ্রামর, ক্লী, ভ্রমরজাত মধু।

ম

ম, পুং, বিষ।
মকরন্দ, পুং, পুষ্পরস, মধু। কুন্দপুষ্প-
[বৃক্ষ।
মকরন্দবতী, স্ত্রী, পাটলাপুষ্প।
মকরাকার, পুং, ষড়্‌গ্রন্থ, কাঁটাকরঞ্জ।
মকুর, পুং, বকুল।
মকুল, পুং, ক্লী, বকুল। মুকুল।
মকুষ্টক, পুং, বনজাত মুদ্‌গ, মুগানি।
মকুষ্ঠ, পুং, ব্রীহিভেদ।
মকুষ্ঠক, পুং, বনমুদ্‌গ।
মকূলক, পুং, দন্তীবৃক্ষ।
মক্কল্ল, পুং, সূতিকাবস্থায় হৃদয়াদিতে
বেদনা বিশেষ।
মক্কুল, ক্লী, শিলাজতু।
মক্কোল, পুং, খটিকা।
মখান্ন, ক্লী, খাদ্যবীজভেদ, মাখ্‌না।
মগধা, মগধোদ্ভবা, স্ত্রী, পিপ্‌পলী।
মগী, স্ত্রী, ধান্যভেদ, মগাইধান।
মঙ্গলচ্ছায়, পুং, প্লক্ষবৃক্ষ।
মঙ্গলপ্রদা, স্ত্রী, হরিদ্রা।
মঙ্গলা, স্ত্রী, শুক্লদূর্ব্বা। করঞ্জভেদ।
হরিদ্রা। নীলদূর্ব্বা।
মঙ্গলাগুরু, ক্লী, অগুরু বিশেষ।
মঙ্গল্য, ক্লী, দধি। চন্দন। মঙ্গল্যা-
গুরু। স্বর্ণ। সিন্দূর।

মঙ্গল্য, পুং, ত্রায়মাণা। অশ্বথ। বিল্ব। মসূরক। জীবক। নারিকেল। কপিত্থ। রিঠাকরঞ্জ।
মঙ্গল্যক, পুং, মসূর।
মঙ্গল্যকুসুমা, স্ত্রী, শঙ্খপুষ্পী।
মঙ্গল্যনামধেয়া, স্ত্রী, জীবন্তী।
মঙ্গল্যা, স্ত্রী, মল্লিকার ন্যায় গন্ধযুক্ত-অগুরু। শমী। অধঃপুষ্পী। মিসী। শুক্লবচা। রোচনা। প্রিয়ঙ্গু। শঙ্খ-পুষ্পী। মাষপর্ণী। জীবন্তী। ঋদ্ধি। বচা। হরিদ্রা। চীড়া। দূর্ব্বা।
মজ্জফল, ক্লী, মাজুফল।
মজ্জসমুদ্ভব, ক্লী, শুক্র। [বিশেষ।
মজ্জা [ন্], পুং, অস্থিমধ্যস্থ স্নেহ
মজ্জা, স্ত্রী, ঐ।
মজ্জাজ, পুং, ভূমিজ গুগ্গুলু।
মজ্জাসার, ক্লী, জাতীফল।
মঞ্জর, ক্লী, মুক্তা। তিলকবৃক্ষ।
মঞ্জরী, স্ত্রী, মুক্তা। তিলকবৃক্ষ। তুলসী।
মঞ্জরীনম্র, পুং, বেতসবৃক্ষ।
মঞ্জিফলা, স্ত্রী, কদলী।
মঞ্জিষ্ঠা, স্ত্রী, স্বনামখ্যাত রক্তবর্ণ লতা।
মঞ্জূষা, স্ত্রী, ঐ।
মড়ক, পুং, শস্যভেদ, মেড়ুয়া।
মণি, পুং, স্ত্রী, মুক্তাদি। মেঢ্রাগ্র। যোন্যগ্রভাগ। মণিবন্ধ।
মণিচ্ছিদ্রা স্ত্রী, মেদানামক ওষধি। ঋষভৌষধি। [কব্জা।
মণিবন্ধ, পুং, প্রকোষ্ঠ ও হস্তের সন্ধি
মণিমন্থ, ক্লী, সৈন্ধবলবণ।
মণিরাগ, ক্লী, হিঙ্গুল।
মণিবীজ, পুং, দাড়িমবৃক্ষ।
মণীচক, ক্লী, চন্দ্রবর্ণ রূপ্য।
মণ্টপী, স্ত্রী, ক্ষুদ্রোপোদকী।
মণ্ড, ক্লী, পুং, মস্ত, মাত, মাড়। সার। পিচ্ছ।
মণ্ড, পুং, এরণ্ডবৃক্ষ। শাকভেদ।
শিরোরুজা, স্ত্রী, সপ্তপর্ণবৃক্ষ। [পীড়া।
শিরোরোগ, পুং, শিরঃপীড়া, মাতার-
শিরোবৃত্ত, ক্লী, মরিচ।
শিরোবৃত্তফল, পুং, রক্তাপামার্গ।
শিরোহস্থি, ক্লী, করোটি, মাতার খুলি
শিলগর্ভজ, পুং, পাষাণভেদন।
শিলা, স্ত্রী, মনঃশিলা। কর্পূর।
শিলাকর্ণী, স্ত্রী, শল্লকীবৃক্ষ।
শিলাজ, ক্লী, শৈলেয়। লৌহ।
শিলাজতু, ক্লী, স্বনামখ্যাত উপধাতু
শিলাঞ্জনী, স্ত্রী, কালাঞ্জনী বৃক্ষ।
শিলাত্মজ, ক্লী, লৌহ।
শিলাদদ্রু, পুং, শৈলেয়।

শিলাধাতু, পুং, সিতোপল, খড়ী। পীতগৈরিক।
শিলাপুষ্প, ক্লী, শৈলেয়।
শিলাভব, ক্লী, ঐ।
শিলাভেদ, পুং, পাষাণভেদী বৃক্ষ।
শিলারম্ভা, স্ত্রী, কাষ্ঠকদলী।
শিলাবল্কা, স্ত্রী, ঔষধ দ্রব্য বিশেষ, হিন্দী—শিলারাক্।
শিলাব্যাধি, পুং, শিলাজতু।
শিলাসন, ক্লী, শৈলেয়।
শিলাসার, ক্লী, লৌহ।
শিলাহ্ব, ক্লী, শিলাজতু।
শিলি, পুং, ভূর্জপত্রবৃক্ষ।
শিলীন্ধ্র, ক্লী, কদলীপুষ্প। ত্রিপুটা।
শিলীন্ধ্র, পুং, বৃক্ষ বিশেষ।
শিলীন্ধ্রক, ক্লী, গোময়চ্ছত্রিকা, ব্যাঙের ছাতা।
শিলীপদ, পুং, শ্লীপদরোগ, গোদ।
শিলেয়, ক্লী, শৈলজ।
শিলোত্থ, ক্লী, ঐ।
শিলোদ্ভব, ক্লী, শৈলেয়। চন্দনবিশেষ।
শিলোদ্ভেদ, পুং, পাষাণভেদী।
শিল্পিকা, স্ত্রী, তৃণ বিশেষ, হিন্দী—লহানসিপী।
শিব, ক্লী, সৈন্ধব। শ্বেতটঙ্কণ। সামুদ্র লবণ।
শিব, পুং, গুগ্‌গুলু। কৃষ্ণধুস্তুর। পারদ। পুণ্ডরীকদ্রুম।
শিবদারু, ক্লী, দেবদারুবৃক্ষ।
শিবদ্রুম, পুং, বিল্ববৃক্ষ।
শিবদ্বিষ্টা, স্ত্রী, কেতকী।
শিবধাতু, পুং, পারদ।
শিবপ্রিয়, ক্লী, রুদ্রাক্ষ।
শিবপ্রিয়, পুং, বকবৃক্ষ। স্ফটিক। ধুস্তুর।
শিবমল্লক, পুং, অর্জুনবৃক্ষ।
শিবমল্লিকা, স্ত্রী, বন্ধুক।
শিবমল্লী, স্ত্রী, বকবৃক্ষ।
শিববল্লভা, স্ত্রী, শতপত্রী।
শিববল্লিকা, স্ত্রী, লিঙ্গিনী।
শিববল্লী, স্ত্রী, লিঙ্গিনী। শ্রীবল্লী।
শিববীজ, ক্লী, পারদ।
শিবশেখর, পুং, বকবৃক্ষ। ধুস্তুর।
শিবা, স্ত্রী, শমীবৃক্ষ। হরীতকী। ভূম্যামলকী। আমলকী। হরিদ্রা। দূর্ব্বা। গোরোচনা।
শিবাটিকা, স্ত্রী, বংশপত্রী।
শিবাঙ্ক, ক্লী, সৈন্ধব।
শিবানী, স্ত্রী, জয়ন্তীবৃক্ষ।
শিবাপীড়, পুং, বকবৃক্ষ।
শিবাফলা, স্ত্রী, শমীবৃক্ষ।
শিবালয়, পুং, রক্ততুলসী।
শিবাহ্বাদি, স্ত্রী, জয়ন্তী বৃক্ষ।
শিবাহ্লাদ, পুং, বকবৃক্ষ।
শিবাহ্বা, স্ত্রী, রুদ্রজটা।
শিবাক্ষ, ক্লী, রুদ্রাক্ষ।
শিবি, পুং, ভূর্জবৃক্ষ।
শিবেষ্ট, পুং, বকবৃক্ষ।
শিবেষ্টা, স্ত্রী, দূর্ব্বা।
শিশুক, পুং, শিশুবৃক্ষ।
শিশুগন্ধা, স্ত্রী, মল্লিকাবিশেষ।
শিশুপালক, পুং, কেলিকদম্ব বৃক্ষ।
শিশ্ন, পুং, মেঢ্র।
শিহ্ল, পুং, শিহ্লক।

শিহ্লক, পুং, গন্ধদ্রব্য বিশেষ, শিলা-রস, লোবান।
শিক্কা, স্ত্রী, শ্যোনাকবৃক্ষ।
শীকর, ক্লী, শরলদ্রব।
শীভ্র, ক্লী, লামজ্জক।
শীভ্রজন্মা [ন্], পুং, কাঁটাকরঞ্জ।
শীভ্রপুষ্প, পুং, অগস্ত্য বৃক্ষ।
শীভ্রা, স্ত্রী, দন্তীবৃক্ষ।
শীত, ক্লী, গুড়ত্বক্।
শীত, পুং, বেতসবৃক্ষ। অশনপর্ণী। বহুবারক বৃক্ষ। পর্প্পট। নিম্ব। কর্পূর।
শীতক, পুং, অশনপর্ণী।
শীতকষায়, পুং, হিমকষায়, একপল পরিমিত ঔষধ দ্রব্য ৬ পল জলে ভিজাইয়া সমস্ত রাত্রি তদবস্থায় রাখিয়া প্রাতে ছাঁকিয়া লইতে হয়, ইহার নাম শীতকষায়।
শীতকুম্ভ, পুং, করবীর
শীতকুম্ভী, স্ত্রী, জলজবৃক্ষ বিশেষ, শীউলী ছোপ।
শীতগন্ধ, ক্লী, শ্বেতচন্দন।
শীতপর্ণী, স্ত্রী, অর্কপুষ্পিকা, অর্কহুলী।
শীতপল্লবা, স্ত্রী, ভূমিজম্বু। সমঙ্গা।
শীতপাকিনী, স্ত্রী, কাকোলী। মহা-
শীতপাকী, স্ত্রী, বাট্যালক। কাকোলী। গুঞ্জা।
শীতপুষ্প, ক্লী, কৈবর্ত্তমুস্তক।
শীতপুষ্প, পুং, শিরীষবৃক্ষ।
শীতপুষ্পক, ক্লী, শৈলেয়।
শীতপুষ্পক, পুং, অর্কবৃক্ষ।
শীতপুষ্পা, স্ত্রী, অতিবলা।
শীতপ্রভ, পুং, কর্পূর।
শীতপ্রিয়, পুং, পর্প্পট।
শীতফল, পুং, উড়ুম্বর। শেলু।
শীতবলা, স্ত্রী, মহাসমঙ্গা।
শীতভীরু, স্ত্রী, মল্লিকা।
শীতমঞ্জরী, স্ত্রী, শেফালী।
শীতময়ূখ, পুং, কর্পূর।
শীতমরীচি, পুং, ঐ।
শীতমূলক, ক্লী, উশীর।
শীতরশ্মি, পুং, কর্পূর।
শীতল, ক্লী, পুষ্পকাসীস। শৈলজ। শ্বেতচন্দন। পদ্মক। মৌক্তিক। বীরণমূল।
শীতল, পুং, অশনপর্ণী। বহুবারবৃক্ষ। চম্পক। কর্পূরভেদ। রাল।
শীতলক, ক্লী, সিতোৎপল।
শীতলক, পুং, মরুবক।
শীতলচ্ছদ, পুং, চম্পক।
শীতলজল, ক্লী, উৎপল।
শীতলপ্রদ, পুং, চন্দন।
শীতলবাতক, পুং, অশনপর্ণী।
শীতলা, স্ত্রী, শীতলাবৃক্ষ। কুট্টিনী। আরামশীতলা।
শীতলী, স্ত্রী, শিউলী ছোপ, পান শি-উলী।
শীতবল্ক, পুং, উড়ুম্বর।
শীতবার্ষিক, পুং, [illegible]বৃক্ষ।
শীতশিব, ক্লী, সৈন্ধবলবণ। শৈলেয় নামক গন্ধ দ্রব্য। [বৃক্ষ।
শীতশিব, পুং, মধুরিকা। শক্তুফলা
শীতশিবা, স্ত্রী, শমীবৃক্ষ। মিশ্রেয়া।

শীতশূক, পুং, যব।
শীতসহ, পুং, পীলুবৃক্ষ।
শীতসহা, স্ত্রী, নীলসিন্ধুবার। বাসন্তী।
শীতক্ষার, ক্লী, শ্বেতটঙ্কণ।
শীতা, স্ত্রী, অতিবলা। কটুম্বিনী। দূর্ব্বা। শিল্পিকা তৃণ।
শীতাংশু, পুং, কর্পূর।
শীতাংশুতৈল, ক্লী, কর্পূর তৈল।
শীতাঙ্গ, স্ত্রী, হংসপদীবৃক্ষ।
শীতাদ, পুং, দন্তরোগ বিশেষ।
শীতাবলা, স্ত্রী, মহাসমঙ্গা।
শীধু, পুং, ক্লী, মদ্যবিশেষ, পক্ব ইক্ষু রস জাত মদ্য।
শীধুগন্ধ, পুং, বকুলবৃক্ষ।
শীফালিকা, স্ত্রী, শেফালিকা।
শীর [ন্], পুং, হরিদর্ভ।
শীর্ণ, ক্লী, স্থৌণেয়ক।
শীর্ণমালা, স্ত্রী, পৃশ্নিপর্ণী।
শীর্ণপত্র, পুং, কর্ণিকার বৃক্ষ। পট্টিকালোধ্র। নিম্ব।
শীর্ণপর্ণ, পুং, নিম্ববৃক্ষ।
শীর্ণপুষ্পিকা, স্ত্রী, অধঃপুষ্পী।
শীর্ণবৃন্ত, ক্লী, বৃহদ্‌গোল, তরমুজ।
শীর্ষ, ক্লী, কৃষ্ণাগুরু।
শীবল, ক্লী, শৈলেয়। শৈবাল।
শুক, ক্লী, গ্রন্থিপর্ণ। শোনকবৃক্ষ।
শুক, পুং, শিরীষবৃক্ষ। শেয়ালকাঁটাগাছ।
শুকচ্ছদ, ক্লী, গ্রন্থিপর্ণ।
শুকজিহ্বা, স্ত্রী, বৃক্ষবিশেষ, শুয়াঠোঁটি
শুকতরু, পুং, শিরীষবৃক্ষ।
শুকদ্রুম, পুং, ঐ।
শুকনামা, স্ত্রী, শুকজিহ্বা।
শুকনাশন, পুং, দদ্রুঘ্ন।
শুকনাস, পুং, শ্যোনাকবৃক্ষ।
শুকনাসিকা, স্ত্রী, ঐ।
শুকপিণ্ডি, স্ত্রী, শূকশিম্বী।
শুকপুচ্ছ, পুং, গন্ধক।
শুকপুচ্ছক, ক্লী, স্থৌণেয়।
শুকপুষ্প, ক্লী, ঐ।
শুকপুষ্প, পুং, শিরীষবৃক্ষ।
শুকপ্রিয, পুং, ঐ।
শুকপ্রিযা, স্ত্রী, জম্বু।
শুকফল, পুং, অর্কবৃক্ষ।
শুকবর্হ, ক্লী, গেঁঠেলা।
শুকবল্লভ, পুং, দাড়িম।
শুকশিম্বা, শুকশিম্বি, স্ত্রী, কপিকচ্ছু।
শুকাখ্যা, স্ত্রী, বৃক্ষবিশেষ, শুয়াঠুঁটী।
শুকাদন, পুং, দাড়িম।
শুকাননা, স্ত্রী, শুকাখ্যা বৃক্ষ, শুয়াঠুঁটি।
শুকোদর, ক্লী, তালীশপত্র।
শুক্ত, ক্লী, মাংস। কাঞ্জিক। দ্রবদ্রব্যবিশেষ।
শুক্ত, ত্রি, অম্ল।
শুক্তা, স্ত্রী, চুক্রিকা।
শুক্তি, স্ত্রী, জলজন্তু বিশেষ, ঝিনুক। শঙ্খ। শঙ্খনখ। নখী। অর্শোরোগ। নেত্ররোগ বিশেষ। চারিতোলা পরিমাণ।
শুক্তিকা, স্ত্রী, মুক্তাস্ফোট। চুক্রিকা।
শুক্তিজ, ক্লী, মুক্তা।
শুক্তিবীজ, ক্লী, ঐ।
শুক্র, ক্লী, মজ্জসম্ভূত ধাতু, বীর্য্য। নেত্ররোগ বিশেষ।
শুক্র, পুং, চিত্রক বৃক্ষ।

শুক্ল, ক্লী, রজত। নবনীত। নেত্ররোগ বিশেষ। [ভেরেন্দা।
শুক্ল, পুং, শ্বেতৈরণ্ড। কানৈরণ্ড, বাগ্
শুক্লকন্দ, পুং, মহিষকন্দ।
শুক্লকন্দা, স্ত্রী, অতিবিষা।
শুক্লকুষ্ঠ, ক্লী, শ্বেতবর্ণ কুষ্ঠরোগ।
শুক্লদুগ্ধ, পুং, শৃঙ্গাটক।
শুক্লধাতু, পুং, কঠিনী। [বৃক্ষ। মরুবক।
শুক্লপুষ্প, পুং, ছত্রকবৃক্ষ। কন্দপুষ্প
শুক্লপুষ্পা, স্ত্রী, নাগদন্তী। শীতকুম্ভী।
শুক্লপুষ্পী, স্ত্রী, নাগদন্তী।
শুক্লপৃষ্ঠক, পুং, সিন্ধুকবৃক্ষ।
শুক্লমণ্ডল, ক্লী, নেত্রের শ্বেতাংশ।
শুক্লরোহিত, পুং, শ্বেত রোহিতবৃক্ষ।
শুক্ললা, স্ত্রী, উচ্চটা। [নিম্ব।
শুক্লশাল, পুং, শ্বেতশালবৃক্ষ। গিরি-
শুক্লক্ষীরা, স্ত্রী, কাকোলী।
শুক্লা, স্ত্রী, শর্করা। কাকোলী। বিদারী। স্নুহী।
শুক্লাঙ্গী, স্ত্রী, শেফালিকা।
শুক্লাম্ল, ক্লী, অম্লশাক।
শুক্লার্ম্ম [ন্], ক্লী, নেত্ররোগ বিশেষ।
শুক্লোপলা, স্ত্রী, শর্করা, চিনি।
শুঙ্গ, পুং, বটবৃক্ষ। আম্রাতক বৃক্ষ।
শুঙ্গা, স্ত্রী, পর্কটীবৃক্ষ।
শুঙ্গী [ন্], পুং, প্লক্ষবৃক্ষ। বটবৃক্ষ।
শুচি, পুং, চিত্রকবৃক্ষ
শুচিদ্রুম, পুং, অশ্বত্থবৃক্ষ।
শুচিমল্লিকা, স্ত্রী, নবমালিকা।
শুণ্ঠি, শুণ্ঠী, স্ত্রী, শুষ্কাদ্রক, শুঁঠ
শুণ্ঠ্য, ক্লী, ঐ।
শুণ্ডরোহ, পুং, ভূতৃণ।

শুণ্ডা, স্ত্রী, সুরা। নলিনী।
শুণ্ডী, স্ত্রী, হস্তিশুণ্ডী বৃক্ষ।
শুদ্ধ ক্লী, সৈন্ধব। মরিচ।
শুদ্ধবল্লিকা, স্ত্রী, গুড়ূচী।
শুনকচঞ্চুকা, স্ত্রী, ক্ষুদ্রচঞ্চু ক্ষুপ।
শুনকচিল্লী, স্ত্রী, শাকভেদ।
শুনী, স্ত্রী, কুষ্মাণ্ডী।
শুভ, ক্লী, পদ্মকাষ্ঠ।
শুভগন্ধক, ক্লী, বোল।
শুভদ, পুং, অশ্বত্থবৃক্ষ।
শুভপত্রিকা, স্ত্রী, শালপর্ণী।
শুভা, স্ত্রী, বংশলোচনা। গোরোচনা। শমী। প্রিয়ঙ্গু। শ্বেতদূর্ব্বা।
শুভাঞ্জন, পুং, শোভাঞ্জন বৃক্ষ।
শুভ্র, ক্লী, অভ্র। রৌপ্য। কাসীস গড়লবণ।
শুভ্র, পুং, চন্দন
শুভ্রাংশু, পুং, কর্পূর।
শুভ্রালু, পুং, মহিষকন্দ।
শুল্ল, শুল্ব, ক্লী, তাম্র।
শুল্বারি, পুং, গন্ধক। [নালুকা।
শুষিরা, স্ত্রী, নলীনামক গন্ধ দ্রব্য,
শুষ্কপত্র, ক্লী, আতপাদি দ্বারা শোষিত পট্টশাক; নালিতা। চা পত্র।
শুষ্কমূলাদিগণ, পুং, শুষ্কমূলা, পুনর্নবা, দেবদারু, রাস্না, শুঁঠ, মঞ্জিষ্ঠা, মরিচ ও কুড়।
শুষ্কবৃক্ষ, পুং, ধববৃক্ষ।
শুষ্কাঙ্গ, পুং, ঐ।
শুষ্কাদ্র, ক্লী, শুণ্ঠী।
শুষ্মা [ন্], পুং, চিত্রকবৃক্ষ। [শূকড়ী।
শূকতৃণ, ক্লী, তৃণবিশেষ, হিন্দী -

শূকধান্য, ক্লী, শুঙ্গা যুক্ত শস্য, যবাদি।
শূকপিণ্ডি, শূকপিণ্ডী, স্ত্রী, শূকশিম্বি।
শূকরকন্দ, পুং, বারাহীকন্দ।
শূকরদংষ্ট্র, পুং, ক্ষুদ্ররোগ বিশেষ।
শূকরপাদিকা, স্ত্রী, কোলশিম্বী।
শূকরাক্রান্তা, স্ত্রী, বরাহক্রান্তা।
শূকরী, স্ত্রী, বরাহক্রান্তা। বারাহীকন্দ।
শূকরেষ্ট, পুং কশেরু
শূকবতী, স্ত্রী, কপিকচ্ছু, আলকুশী।
শূকশিম্বা, স্ত্রী, ঐ।
শূকশিম্বি, স্ত্রী, ঐ।
শূকশিম্বিকা, স্ত্রী, ঐ।
শূকশিম্বী, স্ত্রী, ঐ।
শূকা, স্ত্রী, ঐ।
শূক্তিপর্ণ, পুং, আরগ্বধ।
শূদ্রপ্রিয়, পুং, পলাণ্ডু।
শূদ্রার্ত্তা, স্ত্রী, প্রিয়ঙ্গুবৃক্ষ।
শূন্যগর্ভ, পুং, স্বর্পপত্র, পেঁপিয়াগাছ।
শূন্যমধ্য, পুং, নল। [ফণিমনসা।
শূন্যা, স্ত্রী, নলী। মহাকণ্টকিনী,
শূর, পুং, চিত্রক। শাল। লকুচ।
মসূর। [প্লক্ষ।
শূরণ, পুং, মূল বিশেষ, ওল। শ্যোনাক
শূর্প, পুং, ক্লী, দ্রোণদ্বয় পরিমাণ, ৬৪ সের।
শূর্পপর্ণী, স্ত্রী, মুগানী।
শূর্পপর্ণীদ্বয়, ক্লী, মুগানী ও মাষানি।
শূল, পুং, ক্লী, স্বনামখ্যাত রোগ।
শূলগ্রন্থি, স্ত্রী, মালাদূর্ব্বা।
শূলঘাতন, ক্লী, মণ্ডূর।
শূলঘ্ন, পুং, তুম্বুরুবৃক্ষ, তম্বুল
শূলদ্বিট্ [ষ্], পুং, হিঙ্গু।
শূলনাশন, ক্লী, সৌবর্চ্চল লবণ।
শূলধাত্রী, স্ত্রী, শূলীতৃণ।
শূলশত্রু, পুং, এরণ্ডবৃক্ষ।
শূলহন্ত্রী, স্ত্রী, যবানী।
শূলহৃৎ, পুং, হিঙ্গু।
শূলিন, পুং, ভাণ্ডীরবৃক্ষ।
শূলী, স্ত্রী, তৃণবিশেষ।
শূলোৎখা, স্ত্রী, সোমরাজী।
শূল্যপাক, পুং, শূল্যবিদ্ধ অঙ্গারপক্ক মাংসাদি, কাবাব।
শৃগালকণ্টক, পুং, শেয়ালকাঁটা।
শৃগালকোলি, পুং, ক্ষুদ্রকোলি বৃক্ষ, শেয়াকুল।
শৃগালঘণ্টী, স্ত্রী, কোকিলাক্ষ।
শৃগালজম্বু, স্ত্রী, গোড়ুম্ব। ঘোণ্টাফল।
শৃগালবিন্না, স্ত্রী, পৃশ্নিপর্ণী।
শৃগালিকা, স্ত্রী, ভূমিকুষ্মাণ্ড।
শৃগালী, স্ত্রী, কোকিলাক্ষ। বিদারী।
শৃঙ্খলী, স্ত্রী, কোকিলাক্ষ।
শৃঙ্গ, ক্লী, পদ্ম।
শৃঙ্গ, পুং, কূর্চ্চশীর্ষকবৃক্ষ।
শৃঙ্গক, পুং, জীবকবৃক্ষ।
শৃঙ্গকন্দ, পুং, শৃঙ্গাটক।
শৃঙ্গজ, ক্লী, অগুরু।
শৃঙ্গমূল, পুং, শৃঙ্গাটক।
শৃঙ্গমোহী [ন্], পুং, চম্পকবৃক্ষ।
শৃঙ্গলা, স্ত্রী, অজশৃঙ্গী।
শৃঙ্গবের, ক্লী, আর্দক। শুণ্ঠী।
শৃঙ্গবেরক, ক্লী, ঐ।
শৃঙ্গবেরাভমূলক, পুং, এরকা তৃণ।
শৃঙ্গাট, পুং, জলকণ্টক, পানিফল। স্বাদুকণ্টক।

শৃঙ্গাটক, ক্লী, পুং, পানিফল, শিঙ্গাড়া।
শৃঙ্গার, ক্লী, লবঙ্গ। সিন্দূর। আর্দ্রক। কালাগুরু।
শৃঙ্গারক, ক্লী, সিন্দূর।
শৃঙ্গারভূষণ, ক্লী, ঐ।
শৃঙ্গারী [ন্], পুং, পূগ।
শৃঙ্গিক, ক্লী, বিষভেদ।
শৃঙ্গিকা, স্ত্রী, প্রতিবিষা।
শৃঙ্গিণী, স্ত্রী, শ্লেষ্মঘ্নীবৃক্ষ। মল্লিকাবৃক্ষ। জ্যোতিষ্মতী বৃক্ষ।
শৃঙ্গী, স্ত্রী, আতইচ। কাঁকড়াশৃঙ্গী। ঋষভক। প্লক্ষ। বট। বিষ। স্বনাম খ্যাত বিষ।
শৃত, ত্রি, কথিত, সিদ্ধ।
শেখর, ক্লী, লবঙ্গ। শিগ্রুমূল।
শেখরী, স্ত্রী, বন্দা।
শেপাল, পুং, শৈবাল।
শেফঃ [স্], ক্লী, শিশ্ন।
শেফালি, স্ত্রী, শেফালিকা।
শেফালিকা, স্ত্রী, পুষ্পবৃক্ষ বিশেষ, শিউলী গাছ। [বার।
শেফালী, স্ত্রী, শেফালিকা। নীল সিন্ধু-
শেলু, পুং, বহুবারক বৃক্ষ।
শেবল, ক্লী, শৈবাল।
শেবাল, ক্লী ঐ।
শেবালী, স্ত্রী, আকাশমাংসী।
শৈখরিক, পুং, অপামার্গ।
শৈখরেয়, পুং, ঐ।
শৈত্যবীজ, ক্লী, ইসবগুল।
শৈরীয়ক, পুং, নীলঝিণ্টী।
শৈরেয়ক, পুং, ঐ। [শিলাজতু
শৈল, ক্লী, শৈলেয়। তার্ক্ষ্যশৈল
শৈলক, ক্লী, শৈলজ।
শৈলগন্ধ, ক্লী, শাবরচন্দন।
শৈলগর্ভাহ্বা, স্ত্রী, শিলাবল্কা।
শৈলজ, ক্লী, স্বনাম প্রসিদ্ধ সুগন্ধি দ্রব্য বিশেষ।
শৈলজা, স্ত্রী, সৈংহলী। গর্জা ।
শৈলনির্য্যাস, ক্লী, শৈলেয়।
শৈলপত্র, পুং, বিল্বৃবৃক্ষ।
শৈলমলী, স্ত্রী, হিমালয় প্রদেশোৎপন্ন মূলকবৎ মূল বিশেষ, কালকারি, দণ্ডিয়ল, হিন্দী—তিবাজড়ী।
শৈলবল্কলা, স্ত্রী, শিলাবল্কলা।
শৈলবীজ, পুং, ভল্লাতক বৃক্ষ।
শৈলসুতা, স্ত্রী, জ্যোতিষ্মতী।
শৈলাখ্য, ক্লী, শৈলজ।
শৈলাহ্ব, ক্লী, ঐ।
শৈলূষ, পুং, বিল্ববৃক্ষ।
শৈলেন্দ্রস্থ, পুং, ভূর্জবৃক্ষ।
শৈলেয়, ক্লী, শৈলজাখ্য গন্ধদ্র্য। তালপর্ণী। সৈন্ধব।
শৈলেয়ক, ক্লী, ঐ।
শৈলোদ্ভবা, স্ত্রী, ক্ষুদ্র পাষাণভেদী।
শৈব, ক্লী, শৈবাল।
শৈব, পুং, বস্তুক। ধুস্তূর।
শৈবল, ক্লী, পদ্মকাষ্ঠ।
শৈবল, পুং, শৈবাল। [য়ালা।
শৈবাল, ক্লী, জলজ দ্রব্য বিশেষ, শে-
শোকনাশ, পুং, অশোক বৃক্ষ।
শোকহারী, স্ত্রী, বনবর্ব্বরিকা।
শোকারি, পুং, কদম্ব বৃক্ষ।
শোচিষ্কেশ, পুং, চিত্রকবৃক্ষ।
শোণ, ক্লী, সিন্দূর। শোণিত।

শোণ, পুং, শ্যোনাক বৃক্ষ। শ্যোনাক-প্রভেদ। রক্তেক্ষু। [প্রভেদ।
শোণক, পুং, শ্যোনাকবৃক্ষ। শ্যোনাক-
শোণঝিণ্টিকা, স্ত্রী, রক্তসৈরেয়।
শোণঝিণ্টী, স্ত্রী, কুরুবক। কণ্টকিনী।
শোণপত্র, পুং, রক্তপুনর্নবা।
শোণপদ্মক, ক্লী, রক্তকমল।
শোণপুষ্পক, পুং, কোবিদার।
শোণপুষ্পী, স্ত্রী, সিন্দূরপুষ্পী।
শোণাক, পুং, বৃক্ষ বিশেষ, শোণা।
শোণিত, ক্লী, কুঙ্কুম। হিঙ্গুল। তাম্র। রক্ত।
শোণিতচন্দন, ক্লী, রক্তচন্দন।
শোণিতাহ্বয়, ক্লী, কুঙ্কুম।
শোণিতোৎপল, ক্লী, রক্তোৎপল।
শোথ, পুং, স্বনামখ্যাত রোগ, ফুলা।
শোথঘ্নী, স্ত্রী, পুনর্নবা। শালপর্ণী।
শোথজিৎ, পুং, ভল্লাতক।
শোথজিহ্ম, পুং, পুনর্নবা।
শোথহৃৎ, পুং, ভল্লাতক।
শোধক, ক্লী, কঙ্কুষ্ঠ।
শোধন, ক্লী, কাসীস।
শোধন, পুং, নিম্বূক।
শোধনী, স্ত্রী, তাম্রবল্লী। নীলী।
শোধনীবীজ, ক্লী, জয়পাল।
শোফ, পুং, শোথ। [পুনর্নবা।
শোফঘ্নী, স্ত্রী, শালপর্ণী। রক্তপুনর্নবা
শোফনাশন, পুং, নীলবৃক্ষ।
শোফহৃৎ, পুং, ভল্লাতক।
শোভন, ক্লী, পদ্ম।
শোভনক, পুং, শোভাঞ্জন বৃক্ষ।
শোভনা, স্ত্রী, হরিদ্রা। গোরোচনা।
শোভা, স্ত্রী, হরিদ্রা। গোরোচনা।
শোভাঞ্জন, পুং, বৃক্ষ বিশেষ, সজিনা।
শোলী, স্ত্রী, বনহরিদ্রা।
শোষ, পুং, যক্ষ্মরোগ।
শোষণ, ক্লী, শুণ্ঠী।
শোষণ, পুং, শ্যোনাকবৃক্ষ।
শোষসম্ভব, ক্লী, পিপ্পলীমূল।
শোষাপহা, স্ত্রী, ক্লীতনক।
শৌক্তিকেয়, শৌক্তেয়, ক্লী, মুক্তা।
শৌণ্ডী, স্ত্রী, পিপ্পলী। চব্য।
শৌণ্ডিকা, স্ত্রী, রক্তকঙ্গু।
শৌভ, পুং, গুবাক।
শৌভাঞ্জন, পুং, শোভাঞ্জনবৃক্ষ।
শৌল্কিকেয়, পুং, বিষভেদ।
শৌল্ক, ক্লী, শুল্ফাশাক।
শ্যাম, ক্লী, মরিচ। সিন্ধুলবণ।
শ্যাম, পুং, বৃদ্ধদারক। ধুস্তুর। পীলুবৃক্ষ। দমনকবৃক্ষ। গন্ধতৃণ। শ্যামাক।
শ্যামক, ক্লী, রোহিষ তৃণ।
শ্যামক, পুং, শ্যামাক।
শ্যামকন্দা, স্ত্রী, অতিবিষা
শ্যামকাণ্ডা, স্ত্রী, গণ্ডদূর্ব্বা
শ্যামগ্রন্থি, স্ত্রী, ঐ।
শ্যামপত্র, পুং, তমালবৃক্ষ।
শ্যামল, পুং, অশ্বত্থবৃক্ষ।
শ্যামচূড়া, স্ত্রী, গুঞ্জা।
শ্যামলতা, স্ত্রী, শ্যামালতা।
শ্যামলবীজ, ক্লী, কালাদানা। [কস্তূরী।
শ্যামলা, স্ত্রী, অশ্বগন্ধা। কটভী। জম্বু।
শ্যামলিকা, স্ত্রী, নীলী।
শ্যামেক্ষু, পুং, কৃষ্ণেক্ষু।

শ্যামা, স্ত্রী, শ্যামালতা। অনন্তমূল। প্রিয়ঙ্গু। বাগুজি। কৃষ্ণত্রিবৃতিকা। নীলিকা। গুগ্‌গুলু। সোমলতা। গুঞ্জা। গুড়ূচী। বন্দা। কস্তূরী। বটপত্রী। পিপ্পলী। হরিদ্রা। নীলদূর্ব্বা। তুলসী। পদ্মবীজ। নীলপুনর্নবা। বৃদ্ধদারক। কৃষ্ণসারিবা। শিংশপা।

শ্যামাক, পুং, তৃণধান্যভেদ, শ্যামাঘাস।

শ্যামাম্লা, স্ত্রী, নীলাম্লী।

শ্যোনঘণ্টা, স্ত্রী, দন্তীবৃক্ষ।

শ্যোনাক, পুং, বৃক্ষবিশেষ, শোনাগাছ।

শ্রপিতা, স্ত্রী, কাঞ্জিক।

শ্রমণা, স্ত্রী, সুদর্শনা। মাংসী। মুণ্ডীরী।

শ্রবণশীর্ষিকা, স্ত্রী, শ্রাবণীবৃক্ষ।

শ্রবণা, স্ত্রী, মুণ্ডিরী।

শ্রাদ্ধশাক, ক্লী, কালশাক।

শ্রাবণা, স্ত্রী, দগ্ধ্যালীবৃক্ষ।

শ্রাবণী, স্ত্রী, মুণ্ডী, থুলকুড়ি।

শ্রী, স্ত্রী, লবঙ্গ। সরলবৃক্ষ। পদ্ম। বিল্ব বৃক্ষ। বৃদ্ধি নামক ঔষধ।

শ্রীকন্দা, স্ত্রী, বন্ধ্যাকর্কোটকী।

শ্রীকর, ক্লী, রক্তোৎপল।

শ্রীখণ্ড, পুং, ক্লী, চন্দন। [বিশেষ।

শ্রীতাল, পুং, তালবৃক্ষ সদৃশ বৃক্ষ

শ্রীপর্ণ, ক্লী, পদ্ম। অগ্নিমন্থবৃক্ষ।

শ্রীপর্ণিকা, স্ত্রী, কট্‌ফল বৃক্ষ।

শ্রীপর্ণী, স্ত্রী, গাম্ভারী বৃক্ষ। কট্‌ফল বৃক্ষ। শাল্মলী। হঠবৃক্ষ। অগ্নিমন্থবৃক্ষ।

শ্রীপিষ্ট, পুং, সরলবৃক্ষ রস।

শ্রীপুষ্প, ক্লী, লবঙ্গ। পদ্মকাষ্ঠ।

শ্রীফল, পুং, বিল্ববৃক্ষ। রাজাদনী।

শ্রীফলা, স্ত্রী, নীলী। ক্ষুদ্রকারবেল্লী।

শ্রীফলিকা, স্ত্রী, ক্ষুদ্রকারবেল্লী। মহানীলী বৃক্ষ।

শ্রীফলী, স্ত্রী, আমলকী। নীলী।

শ্রীভদ্রা, স্ত্রী, ভদ্রমুস্তক।

শ্রীমলাপহা, স্ত্রী, ধূম্রপত্রা।

শ্রীমস্তক, পুং, রসোন।

শ্রীমান্ [৲], তিলক বৃক্ষ। অশ্বত্থবৃক্ষ।

শ্রীরস, পুং, শ্রীবেষ্ট।

শ্রীলতা, স্ত্রী, মহাজ্যোতিষ্মতী।

শ্রীবল্লী, স্ত্রী, কণ্টকবৃক্ষভেদ।

শ্রীবাটী, স্ত্রী, নাগবল্লীভেদ।

শ্রীবারক, পুং, সিতাবর শাক।

শ্রীবাস, পুং, সরলবৃক্ষ রস, টারপীন্। লবণখোটি। শ্বেতচন্দন।

শ্রীবাসচ্ছদ, পুং, সরলকাষ্ঠ। শ্বেত চন্দন। পদ্মকাষ্ঠ।

শ্রীবাসঃ [স্], পুং, সরলদ্রব।

শ্রীবেষ্ট, পুং, ঐ।

শ্রীবেষ্টক, ক্লী, সরলকাষ্ঠ। কুন্দখোটী।

শ্রীসংজ্ঞ, ক্লী, লবঙ্গ।

শ্রীহস্তিনী, স্ত্রী, বৃক্ষবিশেষ, হাতিশুঁড়া।

শ্রুগ্দারু, পুং, বিকঙ্কত বৃক্ষ।

শ্রুগ্নিকা, স্ত্রী, সর্জ্জিকাক্ষার।

শ্রুতশ্রেণী, স্ত্রী, দ্রবন্তী।

শ্রুতিস্ফোটা, স্ত্রী, কর্ণস্ফোটালতা।

শ্রুবা, স্ত্রী, মূর্ব্বা। শিমুলবৃক্ষ।

শ্রুবাবৃক্ষ, পুং, বিকঙ্কতবৃক্ষ।

শ্রেয়সী, স্ত্রী, হরীতকী। পাঠা। গজপিপ্পলী। রাস্না।

শ্রেষ্ঠ, ক্লী, গোদুগ্ধ।

শ্রেষ্ঠকাষ্ঠ, পুং, শাকবৃক্ষ, সেগুন।
শ্রেষ্ঠা, স্ত্রী, স্থলপদ্মিনী। মেদা।
শ্রেষ্ঠাম্ল, ক্লী, বৃক্ষাম্ল।
শ্রোণা, স্ত্রী, কাঞ্জিক।
শ্রোণি, স্ত্রী, কটি।
শ্রোণিফলক, ক্লী, কটিপার্শ্ব।
শ্রোণী, স্ত্রী, কটি।
শ্র্যাহ্ব, ক্লী, পদ্ম।
শ্লক্ষ্ণক, ক্লী, পূগফল।
শ্লক্ষ্ণত্বক্ [চ্], পুং, অশ্মন্তক বৃক্ষ।
শ্লীপদ, ক্লী, পাদরোগ বিশেষ, গোদ।
শ্লীপদপ্রভব, পুং, আম্রবৃক্ষ।
শ্লীপদাপহ, পুং, পুং, পুত্রজীব বৃক্ষ।
শ্লীপদারি, পুং, ক্যৈকিবৃক্ষ।
শ্লেষ্মঘ্না, স্ত্রী, মল্লিকা। কেতকী।
শ্লেষ্মঘ্নী, স্ত্রী, জ্যোতিষ্মতী। মল্লিকা। ত্রিকটু।
শ্লেষ্মণা, স্ত্রী, বৃক্ষ বিশেষ।
শ্লেষ্মল, পুং, বৃক্ষবিশেষ, বহুয়ারবৃক্ষ।
শ্লেষ্মহ, পুং, কট্‌ফল বৃক্ষ। বৃক্ষবিশেষ, চা বৃক্ষ।
শ্লেষ্মা [ন্], পুং, স্বনামখ্যাত ধাতু, কফ।
শ্লেষ্মাত, শ্লেষ্মাতক, পুং, বহুবার বৃক্ষ।
শ্লেষ্মান্তক, পুং, ঐ।
শ্লেষ্মারি, পুং, চা বৃক্ষ।
শ্বদংষ্ট্রক, পুং, গোক্ষুর।
শ্বদংষ্ট্রা, স্ত্রী, ঐ।
শ্বফল, পুং, বীজপূর।
শ্বয়থু, পুং, শোথ।
শ্বসন, পুং, মদনবৃক্ষ।
শ্বসনেশ্বর, পুং, অর্জুনবৃক্ষ।
শ্বসুন, পুং, ক্ষতঘ্নবৃক্ষ, কুকুরসোঁকা।
শ্বানচিল্লিকা স্ত্রী, শাক বিশেষ, শুনক-চিল্লী।
শ্বান্নতি, স্ত্রী, ব্রাহ্মণ যষ্টিকা।
শ্বাস, পুং, স্বনামখ্যাত রোগ, হাঁপানি।
শ্বাসারি, পুং, পুষ্করমূল।
শ্বিত্র, ক্লী, শ্বেতকুষ্ঠ, ধবল।
শ্বিত্রঘ্নী, স্ত্রী, পীতপর্ণী, বিচুটী।
শ্বেত, ক্লী রূপ্য। [জীবক।
শ্বেত, পুং, কপর্দ্দক। শ্বেতাভ্র। শঙ্খ।
শ্বেতক, ক্লী, রূপ্য। পুং, বরাটক।
শ্বেতকণ্টকারী, স্ত্রী, শুক্ল কণ্টকারী, হিন্দী—শ্বেতরেঙ্গনী।
শ্বেতকন্দা, স্ত্রী, অতিবিষা।
শ্বেতকিণিহী, স্ত্রী, গিরিকর্ণিকা বৃক্ষ।
শ্বেতকুশ, পুং, তৃণবিশেষ।
শ্বেতকেশ, পুং, রক্তশিগ্রু।
শ্বেতখদির, পুং, শুক্লখদির।
শ্বেতগুঞ্জা, স্ত্রী, সাদাকুঁচ।
শ্বেতচন্দন, ক্লী, শুক্লচন্দন।
শ্বেতচিল্লী, স্ত্রী, শাকভেদ।
শ্বেতচ্ছদ, পুং, গন্ধপত্র, বাবুইতুলসী।
শ্বেতচ্ছদবীজ, ক্লী, বাবুইতুলসীর বীজ, তখ্‌বলঙ্গ।
শ্বেতজীরক, পুং, শুভ্র জীরা।
শ্বেতটঙ্কক, ক্লী, শ্বেতটঙ্কণ।
শ্বেতটঙ্কণ, ক্লী, ক্ষার বিশেষ, সাদা সোহাগা।
শ্বেতদূর্ব্বা, স্ত্রী, শুক্লদূর্ব্বা।
শ্বেতধাতু, পুং, খটিকা।
শ্বেতধামা [ন্], পুং, কর্পূর। সমুদ্র ফেন।
শ্বেতপদ্ম, ক্লী, শ্বেতবর্ণ পদ্ম।

শ্বেতপর্ণ্যা, স্ত্রী, বারিপর্ণী, পানা।

শ্বেতপর্ণাস, পুং, শ্বেততুলসী।

শ্বেতপলাণ্ডু, পুং, শার্দ্দূলকন্দ, বন-পেঁয়াজ।

শ্বেতপাটলা, স্ত্রী, শুক্লপাটলাবৃক্ষ।

শ্বেতপিণ্ডীতক, পুং, মহাপিণ্ডীতরু।

শ্বেতপুষ্প, পুং, সিন্ধুবার বৃক্ষ।

শ্বেতপুষ্পক, পুং, করবীর বৃক্ষ।

শ্বেতপুষ্পা, স্ত্রী, শ্বেত ঘোষা। নাগদন্তী। মৃগের্ব্বারু।

শ্বেতপুষ্পিকা, স্ত্রী, মহাশণপুষ্পিকা। পুত্রদাত্রী।

শ্বেতপ্রসূনক, পুং, বৃক্ষ বিশেষ।

শ্বেতফল, পুং, পেয়ারাবৃক্ষ।

শ্বেতভণ্ডা, স্ত্রী, শ্বেতাপরাজিতা।

শ্বেতমন্দারক, পুং, বৃক্ষবিশেষ, হিন্দী—শ্বেতআক।

শ্বেতমরিচ, ক্লী, শোভাঞ্জনবীজ। শুক্লবর্ণ মরিচ।

শ্বেতমূলী, স্ত্রী, মূল বিশেষ, আস্গঁদ।

শ্বেতরঞ্জন, ক্লী, সীসক।

শ্বেতরাজী, স্ত্রী, চচেণ্ডা।

শ্বেতরোহিত, পুং বৃক্ষবিশেষ, হিন্দী—শ্বেতরোহিড়।

শ্বেতলোধ্র, পুং, পট্টিকালোধ্র।

শ্বেতবচা, স্ত্রী, অতিবিষা। শুক্লবচা, সাদাবচ।

শ্বেতবল্কল, পুং, উড়ুম্বর বৃক্ষ।

শ্বেতবুহ্না, স্ত্রী, বনতিক্তা।

শ্বেতবৃহতী, স্ত্রী, শুক্ল ক্ষুদ্রবার্ত্তাকী, থলোবেগুন।

শ্বেতবৃক্ষ, পুং, বরুণবৃক্ষ।

শ্বেতশরপুঙ্খা, স্ত্রী, ক্ষুপবিশেষ, হিন্দী—শ্বেতশরফোঁকা।

শ্বেতশিগ্রু, পুং, শুক্লশোভাঞ্জন।

শ্বেতশিংশপা, স্ত্রী, শুক্ল শিংশপা বৃক্ষ।

শ্বেতশুঙ্গ, পুং, যব।

শ্বেতশূরণ, পুং, বনশূরণ।

শ্বেতসর্প, পুং, বরুণবৃক্ষ।

শ্বেতসার, পুং, খদির। শস্যাদির পুষ্টিকর উপাদান বিশেষ।

শ্বেতসুরসা, স্ত্রী, শুক্ল শেফালিকা।

শ্বেতস্পন্দা, স্ত্রী, অপরাজিতা।

শ্বেতা, স্ত্রী, বরাটিকা। কাষ্ঠপাটলা। শঙ্খিনী। অতিবিষা। অপরাজিতা। শ্বেতবৃহতী। শ্বেতকণ্টকারী। শ্বেত দূর্ব্বা। পাষাণভেদী। বংশলোচনা। পুনর্নবা। শ্বেতঅপরাজিতা। শিলাবল্কা। স্ফটী। শর্করা। বৃক্ষ বিশেষ, হিন্দী—কেনা, কন্নে।

শ্বেতাত্রিবৃৎ, স্ত্রী, শুক্লতেউড়ী।

শ্বেতাম্লি, স্ত্রী, ক্ষুপবিশেষ, অম্লিকা।

শ্বেতার্ক, পুং, সাদা আকন্দ।

শ্বেতাবর, পুং, সিতাবর শাক।

শ্বেতাহ্বা, স্ত্রী, সিতপাটলা।

শ্বেতেক্ষু, পুং, শুক্লবর্ণ ইক্ষু, সাদা আক।

শ্বৈতেলা, স্ত্রী, গুজরাটী এলাইচ।

ষ

ষট্পদপ্রিয়, পুং, নাগকেশর বৃক্ষ।

ষট্পদাতিথি, পুং, আম্রবৃক্ষ। চম্পক

ষট্পদানন্দবর্দ্ধন, পুং, কিংকিরাতবৃক্ষ

ষট্পদামোদ, ক্লী, বাবুনাপুষ্প।

ষট্পদেষ্ট, পুং, কদম্ববৃক্ষ।

ষড়ঙ্গ, পুং, ক্ষুদ্র গোক্ষুরক।
ষড়ূষণ, ক্লী, মিলিত শুঁঠ, পিপুল, মরিচ, পিপুলমূল, চিতামূল ও চই।
ষড়্গ্রন্থা, স্ত্রী, বচা। শ্বেতবচা। শটী। মহাকরঞ্জ।
ষড়্গ্রন্থি, ক্লী, পিপ্পলীমূল।
ষড়্গ্রন্থিকা, স্ত্রী, শটী।
ষড়্গ্রন্থী, স্ত্রী, বচা।
ষড়্ভুজা, স্ত্রী ফললতাবিশেষ, খরমুজ।
ষড়্রেখা, স্ত্রী, ঐ।
ষণ্মুখা, স্ত্রী, ঐ।
ষষ্টিক, পুং, যাটিধান্য।
ষষ্টিকা, স্ত্রী, ঐ।
ষষ্টিলতা, স্ত্রী, ভ্রমরমারী।
ষোড়শাবর্ত্ত, পুং, শঙ্খ।
ষোড়শিকাম্র, ক্লী, পল পরিমাণ।

স

সংগ্রাহী [ন্], পুং, কুটজবৃক্ষ।
সংজ্ঞ, ক্লী, পীতকাষ্ঠ।
সংন্যাস, পুং, মূর্চ্ছারোগ বিশেষ।
সংবর্ত্ত, পুং, বহেড়া বৃক্ষ।
সংবাটিকা, স্ত্রী, শৃঙ্গাটক।
সংবিষা, স্ত্রী, অতিবিষা।
সংস্পর্শা, স্ত্রী, জনীনামক গন্ধদ্রব্য।
সংহিতপুষ্পিকা, স্ত্রী, মিশ্রেয়া।
সকট, পুং, শাখোটবৃক্ষ।
সকণ্টক, পুং, শৈবাল। নাটাকরঞ্জ।
সকুরুণ্ড, পুং, সাকুরুণ্ড বৃক্ষ।
সকৃৎফলা, স্ত্রী, কদলী।
সকৃদ্বীর, পুং, একবীরবৃক্ষ।
সক্তু, পুং, ভৃষ্টযবাদি চূর্ণ, ছাতু।
সক্তুক, পুং, বিষভেদ।
সক্তুফলা, স্ত্রী, শমীবৃক্ষ।
সক্তুফলী, স্ত্রী, ঐ।
সক্থি, ক্লী, উরু।
সঙ্কটাক্ষ, পুং, ধববৃক্ষ।
সঙ্কোচ, ক্লী, কুঙ্কুম।
সঙ্কোচনী, স্ত্রী, লজ্জালু লতা।
সঙ্কোচপিশুন, ক্লী, কুঙ্কুম।
সঙ্গনির্য্যাস, পুং, বিবেচক নির্য্যাস বিশেষ, হিন্দী—সকমোনিয়া
সঙ্গর, ক্লী, শমীবৃক্ষের ফল। পুং, বিষ।
সংগ্রহণী, স্ত্রী, গ্রহণীরোগ।
সঙ্গ্রাহী [ন্], পুং, কুটজবৃক্ষ।
সজ্জপুষ্পী, স্ত্রী, ধাতকী।
সংজ্ঞবাটিকা, স্ত্রী, জলকণ্টক।
সজ্ঞাতপত্রিকা, স্ত্রী, শতপুষ্পা।
সচিব, পুং, কৃষ্ণধুস্তূর।
সচিবাময়, পুং, বীসর্পরোগ।
সচেষ্ট, পুং, আম।
সচ্চারা, স্ত্রী, হরিদ্রা।
সঞ্চারিণী, স্ত্রী, হংসপদী।
সঞ্চালী, স্ত্রী, গুঞ্জা।
সচ্ছিত্রা, স্ত্রী, মূষীকর্ণী।
সটি, স্ত্রী, শঠী।
সটিকা, স্ত্রী, গন্ধপত্রা। সটী।
সটী, স্ত্রী, গন্ধদ্রব্য বিশেষ, বনআদা, অম্লহরিদ্রা।
সঠী, স্ত্রী, ঐ।
সতী, স্ত্রী, সৌরাষ্ট্র মৃত্তিকা।
সতীন, পুং, বংশ। সতীলক।
সতীনক, পুং, সতীলক।
সতীল, পুং, বংশ। মটর।

সতীলক, পুং, মটরকলায়।
সতীলা, স্ত্রী, কলায় বিশেষ, তেওড়া।
সৎকদম্ব, পুং, কেলিকদম্ব।
সৎকাঞ্চনার, পুং, রক্তকাঞ্চন।
সৎফল, পুং, দাড়িমবৃক্ষ।
সত্যফল, পুং, বিল্ববৃক্ষ।
সৎসার, পুং, স্বনামখ্যাত বৃক্ষ।
সদঞ্জন, ক্লী, কুসুমাঞ্জন।
সদাতোয়া, স্ত্রী, এলাপর্ণী।
সদাপুষ্প, পুং, নারিকেল বৃক্ষ।
সদাপুষ্পী, স্ত্রী, রক্তার্কবৃক্ষ।
সদাপ্রসূন, পুং, রোহিতক। অর্ক। কুন্দ। [বিল্ব।
সদাফল, পুং, নারিকেল। উড়ুম্বর।
সদাফলা, স্ত্রী, ত্রিসন্ধিপুষ্প। বার্ত্তাকু বিশেষ, কুলীবেগুন।
সদাভদ্রা, স্ত্রী, গম্ভারীবৃক্ষ।
সদাশোথা, স্ত্রী, কপিকচ্ছু।
সন, পুং, ঘণ্টাপাটলিবৃক্ষ।
সনপর্ণী, স্ত্রী, অসনপর্ণী।
সনামক, পুং, শোভাঞ্জন।
সন্তর্পণ, ক্লী, দ্রাক্ষা, দাড়িম, খর্জ্জুর, কদলী, শর্করা, লাজচূর্ণ, মধু ও ঘৃত সংমিশ্রিত পানায়াদি।
সন্তান, পুং, বংশ।
সন্তানিকা, স্ত্রী, ক্ষীর রস।
সন্দানিকা, স্ত্রী, অরিখদির।
সন্দীপ্য, পুং, ময়ূরশিখাবৃক্ষ
সন্ধান, ক্লী, মদ্য সজ্জীকরণ, অভিষব কাঞ্জিক।
সন্ধিবন্ধ, পুং, ভূমিচম্পক।
সন্ধ্যাপুষ্পী, স্ত্রী, জাতী।
সন্ধ্যাভ্র, ক্লী, সুবর্ণগৈরিক
সন্ধ্যারাগ, ক্লী, সিন্দূর।
সন্ন, পুং, পিয়ালবৃক্ষ।
সন্নকদ্রু, পুং, ঐ
সন্নিপাতজ্বর, পুং, ত্রিদোষজ জ্বর।
সন্নিপাতনুৎ, পুং, নেপালনিম্ব।
সন্নিরুদ্ধগুদ, পুং, গুহ্যদ্বারোদ্ভব রোগবিশেষ।
সন্ন্যাস, পুং, জটামাংসী। সন্ন্যাসরোগ।
সপত্নারি, পুং, বংশবিশেষ, বেউড়বাঁশ।
সপীতক, পুং, রাজকোষাতকী।
সপীতিকা, স্ত্রী, হস্তিঘোষা।
সপ্তচ্ছদ, পুং, ছাতিমগাছ।
সপ্তদল, পুং, ঐ।
সপ্তধাতু, পুং, শরীরস্থ সপ্ত সংখ্যক ধাতু, যথা রস, রক্ত, মাংস, মেদ, অস্থি, মজ্জা ও শুক্র।
সপ্তনামা, স্ত্রী, আদিত্যভক্তা।
সপ্তপত্র, পুং, মুদ্গরবৃক্ষ।
সপ্তপর্ণ, পুং, ছাতিমবৃক্ষ।
সপ্তপর্ণাখ্য, পুং, ঐ।
সপ্তপর্ণী, স্ত্রী, লজ্জালুলতা।
সপ্তভদ্র, পুং, শিরীষবৃক্ষ।
সপ্তলা, স্ত্রী, নবমালিকা। চর্ম্মকষা। পাটলা। গুঞ্জা।
সপ্তশিরা, স্ত্রী, নাগবল্লী।
সপ্তার্চ্চিঃ [স্], পুং, চিত্রকবৃক্ষ।
সপ্তাশ্ব, পুং, অর্কবৃক্ষ।
সপ্তাহ্ব, পুং, ছাতিম।
সমগন্ধিক, ক্লী, উশীর।
সমঙ্গা, স্ত্রী, মঞ্জিষ্ঠা। লজ্জালুলতা। বালা। বরাহক্রান্তা।

সমত্রয়, স্ত্রী, মিলিত সমভাগ হরীতকী শুণ্ঠী ও গুড়।
সমন্তদুগ্ধা, স্ত্রী, স্নুহীবৃক্ষ।
সমষ্ঠিল, পুং, ক্ষুপবিশেষ, হিন্দী— কোকুআঁ।
সমষ্ঠিলা, সমষ্ঠীলা, স্ত্রী, গণ্ডীর।
সমালম্বী [ন্], পুং, ভূতৃণ।
সমাসবান্ [ৎ], পুং, তুন্নবৃক্ষ।
সমাহ্বা, স্ত্রী, গোজিহ্বাবৃক্ষ।
সমিতা, স্ত্রী, গোধূমচূর্ণ, ময়দা।
সমীর, পুং, শমীবৃক্ষ।
সমীরণ, পুং, মরুবক।
সমুদ্রকফ, পুং, সমুদ্রফেন।
সমুদ্রকান্তা, স্ত্রী, পৃক্কা।
সমুদ্রফেন, পুং, ক্লী, স্বনামখ্যাত দ্রব্য।
সমুদ্রলবণ, ক্লী, সমুদ্র জল জাত লবণ, করকচ লবণ।
সমুদ্রশোষ, পুং, হিজল বীজ।
সমুদ্রা, স্ত্রী, শটী। শমী।
সমুদ্রান্ত, ক্লী, জাতিফল।
সমুদ্রান্তা, স্ত্রী, দুরালভা। কার্পাসী। পৃক্কা। যবাস।
সম্পাক, পুং, আরগ্বধবৃক্ষ।
সম্পুট, পুং, কুরুবক। [থুলকুড়ি।
সম্বরী, স্ত্রী, শতাবরী। মূষিকপর্ণী।
সম্বিদা, স্ত্রী, সিদ্ধি, ভাঙ্।
সম্বিদামঞ্জরী, স্ত্রী, গঞ্জা, গাঁজা।
সম্বিদাসার, পুং, সম্বিদানির্য্যাস, চরস।
সম্ভব্য, পুং, কপিত্থ।
সরজ, ক্লী, নবনীত। হৈয়ঙ্গবীন।
সরণ, ক্লী, লৌহমল। [উড়ী।
সরণা, স্ত্রী, প্রসারণী, গন্ধভাদুলে। তে-
সরণি, সরণী, স্ত্রী, প্রসারণী।
সরপত্রিকা, স্ত্রী, পদ্মপত্র।
সরল, পুং, স্বনামখ্যাত বৃক্ষ।
সরলদ্রব, পুং, সরলবৃক্ষ রস, টারপিন।
সরলা, স্ত্রী, ত্রিপুটা।
সরলাঙ্গ, পুং, শ্রীবেষ্ট। [সিজ।
সরসম্প্রত, ক্লী, ত্রিকণ্টবৃক্ষ, তেকাঁটা-
সরসা, স্ত্রী, শ্বেতত্রিবৃতা।
সরসিজ, ক্লী, পদ্ম।
সরসীরুহ, ক্লী, ঐ। [সোমলতা।
সরস্বতী, স্ত্রী, জ্যোতিষ্মতী। ব্রাহ্মী।
সরা, স্ত্রী, প্রসারিণী।
সরাব, পুং, শরাব।
সরিকা, স্ত্রী, হিঙ্গুপত্রী।
সরিষপ, পুং, সর্ষপ।
সরোজ, ক্লী, পদ্ম।
সরোজন্ম [ন্], ক্লী, ঐ।
সরোজিনী, স্ত্রী, ঐ।
সরোরুট্ [হ্], ক্লী, ঐ।
সরোরুহ, ক্লী, ঐ। [শাল।
সর্জ্জ, পুং, শালবৃক্ষ। সর্জরস। পীত-
সর্জ্জক, পুং, পীতশাল। শাল।
সর্জ্জগন্ধা, স্ত্রী, রাস্না।
সর্জ্জনির্য্যাসক, পুং, রাল, ধুনা।
সর্জ্জমণি, সর্জ্জরস পুং, ঐ।
সর্জ্জি, স্ত্রী, সর্জ্জিকাক্ষার। সাজিমাটী।
সর্জ্জিকা, স্ত্রী, সাজিকাক্ষার। সোহাগা।
সর্জ্জিকাক্ষার, পুং, স্বনামখ্যাত ক্ষার বিশেষ। সাজিমাটী।
সর্জ্জিক্ষার, পুং, ঐ।
সর্জ্জী, স্ত্রী, ঐ।
সর্জ্জ্য, পুং, সর্জ্জরস।

সর্প, পুং, নাগকেশর।
সর্পকঙ্কালিকা, স্ত্রী, বৃক্ষবিশেষ।
সর্পকঙ্কালী, স্ত্রী, ঐ।
সর্পগন্ধা, স্ত্রী, বৃক্ষ বিশেষ।
সর্পঘাতিনী, স্ত্রী, সর্পকঙ্কালীভেদ।
সর্পদংষ্ট্র, পুং, দন্তীবৃক্ষ।
সর্পদংষ্ট্রা, স্ত্রী, বিছাটী।
সর্পদংষ্ট্রিকা, স্ত্রী, অজশৃঙ্গী।
সর্পদণ্ডা, স্ত্রী, সৈংহলী।
সর্পদণ্ডী, স্ত্রী, গোরক্ষী।
সর্পদন্তী, স্ত্রী, নাগদন্তী।
সর্পদমনী, স্ত্রী. বন্ধ্যাকর্কোটকী।
সর্পনামা, স্ত্রী, সর্পকঙ্কালিকাভেদ।
সর্পপুষ্পী, স্ত্রী. নাগদন্তী।
সর্পমালা, স্ত্রী, সর্পকঙ্কালীভেদ।
সর্পলতা, স্ত্রী, নাগবল্লী।
সর্পসহা, স্ত্রী, সর্পকাঙ্কালিকাভেদ।
সর্পাখ্য, পুং, নাগকেশর। মহিষকন্দ ভেদ। [সৈংহলী।
সর্পাঙ্গী, স্ত্রী, সর্পকঙ্কালিকা ভেদ।
সর্পাদনী, স্ত্রী, নাকুলী।
সর্পাবাস, ক্লী, চন্দন।
সর্পাক্ষ, ক্লী, রুদ্রাক্ষ।
সর্পাক্ষী, স্ত্রী, গন্ধনাকুলী। রক্তসাক্ষি। বৃক্ষ বিশেষ, হিন্দী—সরহচা, গণ্ডিনী।
সর্পিঃ [স্], ক্লী, ঘৃত।
সর্পিণী, স্ত্রী, ক্ষুদ্রক্ষুপ বিশেষ।
সর্পেষ্ট, ক্লী, শ্রীখণ্ডচন্দন।
সর্পেষ্ট, ক্লী, ঐ।
সর্ব্ব, পুং, পারদ।
সর্ব্বগন্ধ, ক্লী, গুড়ত্বক্, এলাইচ, তেজপত্র, নাগেশ্বর, কাঁকলা, লবঙ্গ, অগুরু ও শিলারস। অথবা গুড়ত্বক্, এলাইচ, তেজপত্র, নাগেশ্বর, কর্পূর, কাঁকলা, অগুরু, কুঙ্কুম ও লবঙ্গ এই সমস্ত গন্ধদ্রব্য।
সর্ব্বগা, স্ত্রী, প্রিয়ঙ্গুবৃক্ষ।
সর্ব্বগ্রন্থি, পুং, পিপ্পলীমূল।
সর্ব্বগ্রন্থিক, ক্লী, ঐ।
সর্ব্বতঃশুভা, স্ত্রী, প্রিয়ঙ্গুবৃক্ষ।
সর্ব্বতিক্তা, স্ত্রী, কাকমাচী।
সর্ব্বতোভদ্র, পুং, নিম্ব। গাম্ভারী।
সর্ব্বতোভদ্রা, স্ত্রী, গাম্ভারী।
সর্ব্বমূল্য, ক্লী, কপর্দ্দক।
সর্ব্বরস, পুং, ধুনক। লবণরস।
সর্ব্বরসোত্তম, পুং, লবণরস।
সর্ব্ববর্ণিকা, স্ত্রী, গাম্ভারী বৃক্ষ।
সর্ব্বসম্মত, পুং, ষষ্টিক ধান্য।
সর্ব্বসংসর্গলবণ, ক্লী, ঔষরক।
সর্ব্বসহ, পুং, গুগ্‌গুলু।
সর্ব্বসিদ্ধি, পুং, শ্রীফল।
সর্ব্বহিত, ক্লী, মরিচ।
সর্ব্বক্ষার, পুং, ক্ষারভেদ, সাবান।
সর্ব্বানুকারিণী, স্ত্রী, শালপর্ণী।
সর্ব্বানুভূতি, স্ত্রী, শ্বেতত্রিবৃতা।
সর্ব্বৌষধি, পুং, ঔষধিবর্গ বিশেষ, যথা—কুড়, জটামাংসী, হরিদ্রা, বচ, শৈলজ, চন্দন, মুরামাংসী রক্তচন্দন, কর্পূর ও মুস্তক।
সর্ব্বৌষধিগণ, পুং, মুরামাংসী, জটামাংসী, বচ, কুড়, শৈলজ, হরিদ্রা, দারুহরিদ্রা, শটী, চম্পক ও মুস্তা
সর্ষপ, পুং, স্বনামখ্যাত শস্য, সরিষা

সলিলকুন্তল, পুং, শৈবাল।
সলিলজ, ক্লী, পদ্ম।
সল্লকী, স্ত্রী, স্বনামখ্যাত বৃক্ষ, ইহার নির্য্যাস শিলারস।
সবহা, স্ত্রী, ত্রিবৃতা।
সবিতা [ঋ], পুং, অর্কবৃক্ষ।
সশস্যা, স্ত্রী, নাগদন্তী।
সস্যসংবর, পুং, স্যলবৃক্ষ।
সস্যসংবরণ, পুং, অশ্বকর্ণবৃক্ষ।
সহ, ক্লী, পাংশুলবণ। [আম্র।
সহকার, পুং, অতিশয় সৌরভযুক্ত
সহচর, পুং,স্ত্রী, পীতঝিণ্টী। নীলঝিণ্টী।
সহচর, পুং, ঝিণ্টী।
সহচরী, স্ত্রী, পীতঝিণ্টী।
সহদেব, পুং, বেড়েলা।
সহদেবা, স্ত্রী, বেড়েলা। দণ্ডোৎপল। শারিরৌষধি।
সহদেবী, স্ত্রী, সর্পাক্ষী। পীতদণ্ডোৎপলা। বলাপ্রভেদ, মহাবলা।
সহরসা, স্ত্রী, মুদ্গপর্ণী।
সহস্রকাণ্ডা, স্ত্রী, শ্বেতদূর্ব্বা।
সহস্রপত্র, ক্লী, পদ্ম।
সহস্রমূলী, স্ত্রী, দ্রবন্তী।
সহস্রবীর্য্যা, স্ত্রী, দূর্ব্বা। মহাশতাবরী।
সহস্রবেধ, ক্লী, চুক্র। কাঞ্জিকভেদ।
সহস্রবেধি, ক্লী, হিঙ্গু।
সহস্রবেধী [ন্], পুং, অম্লবেতস। কস্তুরী।
সহস্রা, স্ত্রী, অম্বষ্ঠা।
সহা, স্ত্রী, ঘৃতকুমারী। মুদ্গপর্ণী। দণ্ডোৎপলা। শুক্লঝিণ্টী। সর্পকঙ্কালী। রাস্না। স্বর্ণক্ষীরী। পীতদণ্ডোৎপলা। তরণীপুষ্প।

সহাচর, পুং, পীতঝিণ্টী।
সহার, পুং, আম্রবৃক্ষ।
সহাসার, পুং, মুসব্বর।
সাকুরুণ্ড, পুং, বৃক্ষবিশেষ।
সাক্তুক, পুং, যব।
সাগরগামিনী, স্ত্রী, সূক্ষ্মৈলা।
সাগরোত্থ, ক্লী, সমুদ্রলবণ।
সাচিবাটিকা, স্ত্রী, শ্বেতপুনর্নবা।
সাতলা, স্ত্রী, চর্ম্মকষা। সেহুণ্ডভেদ।
সাদনী, স্ত্রী, কটুকী।
সাধুপুষ্প, ক্লী, স্থলপদ্ম।
সাধুবৃক্ষ, পুং, কদম্ববৃক্ষ। বরুণবৃক্ষ।
সাধ্বী, স্ত্রী, মেদা।
সানন্দ, পুং, গুচ্ছকরঞ্জ।
সানুজ, ক্লী, প্রপৌণ্ডরীক।
সানুজ, পুং, তুম্বুরুবৃক্ষ।
সান্দ্রপুষ্প, পুং, বিভীতকবৃক্ষ।
সান্ধ্যকুসুমা, স্ত্রী, ত্রিসন্ধিপুষ্পবৃক্ষ।
সান্নায্য, ক্লী, ঘৃত।
সান্নিপাতিক, ত্রি, সন্নিপাতজ রোগ।
সাব্দী, স্ত্রী, দ্রাক্ষাবিশেষ।
সামুদ্র, ক্লী, সমুদ্রলবণ, করকচ। সমুদ্রফেন।
সামুদ্রক, ক্লী, সামুদ্রলবণ।
সাম্বর, ক্লী, গড়লবণ।
সাম্ভবী, স্ত্রী, রক্তলোধ্র।
সাম্রাণিকর্দম, ক্লী, জবাদিনামক গন্ধদ্রব্য।
সাম্রাণিজ, ক্লী, মহাপারেবত।
সায়কপুঙ্খা, স্ত্রী, শরপুঙ্খা।
সার, ক্লী, নবনীত। লোহ।
সার, পুং, বজ্রক্ষার। মজ্জা।
সারক, পুং, জয়পাল

সারখদির, পুং, দুর্খদির
সারগন্ধ, পুং, চন্দন।
সারঘ, ক্লী, মধু। [কর্পূর।
সারঙ্গ, পুং, স্বর্ণ। পদ্ম। শঙ্খ। চন্দন।
সারজ, ক্লী, নবনীত।
সারণ, পুং, ভদ্রবলা। আম্রাতক।
অতীসাররোগ।
সারণি, সারণী, স্ত্রী, প্রসারণী।
সারতরু, পুং, কদলীবৃক্ষ।
সারদ্রুম, পুং, খদির
সারপাদপ, পুং, ধামনিবৃক্ষ।
সারমূষিকা, স্ত্রী, দেবদালী।
সারলোহ, ক্লী, লৌহসার, ইস্পাত।
সারস, ক্লী, পদ্ম।
সারা, স্ত্রী, কৃষ্ণত্রিবৃতা। দূর্ব্বা।
সারাল, পুং, তিল।
সারিণী, স্ত্রী, সহদেবী। কার্পাসী। দুরালভা। কপিল শিংশপা। প্রসারিণী।
রক্তপুনর্নবা।
সারিবা, স্ত্রী, লতাবিশেষ, অনন্তমূল
কৃষ্ণসারিবা, শ্যামালতা।
সারী, স্ত্রী, সপ্তলা।
সারোষ্টিক, পুং, বিষভেদ।
সাল, পুং, স্বনামখ্যাত বৃক্ষ। ধূনা।
সালন, পুং, সর্জরস।
সালনির্য্যাস, পুং, ঐ।
সালপর্ণী, স্ত্রী, শালপানি।
সালপুষ্প, ক্লী, স্থলপদ্ম।
সালরস, সালবেষ্ট, পুং, ধূনক।
সালেয়, পুং, মধুরিকা।
সাবর, পুং, লোধ্র।
সিংহ, পুং, রক্তশিগ্রু।
সিংহকেশর, পুং, বকুল।
সিংহতুণ্ড, পুং, সেহুণ্ডবৃক্ষ।
সিংহনাদিকা, স্ত্রী, দুরালভা।
সিংহপর্ণী, স্ত্রী, বাসক।
সিংহপুচ্ছিকা, স্ত্রী, চিত্রপর্ণিকা, ক্ষুদ্র চাকুলিয়া।
সিংহপুচ্ছী, স্ত্রী, চিত্রপর্ণিকা। পৃশ্নিপর্ণী। মাষপর্ণী।
সিংহপুষ্পী, স্ত্রী, পৃশ্নিপর্ণী। মাষপর্ণী।
সিংহমুখী, স্ত্রী, বাসক।
সিংহল, ক্লী, বঙ্গ। গুড়ত্বক্। পিত্তল।
সিংহলস্থা, স্ত্রী, সৈংহলী।
সিংহলাস্থান, পুং, তালবৃক্ষসদৃশ বৃক্ষবিশেষ।
সিংহবিন্না, স্ত্রী, মাষপর্ণী।
সিংহাণ, ক্লী, লৌহমল।
সিংহান, ক্লী, লৌহমল। নাসামল।
সিংহাস্য, পুং, বাসক।
সিংহী, স্ত্রী, বার্ত্তাকী। কণ্টকারী। বাসক। বৃহতী। মুদ্গপর্ণী।
সিংহীলতা, স্ত্রী, বৃহতী।
সিক্থক, ক্লী, মধূচ্ছিষ্ট, মোম। সিটী।
সিঙ্ঘণ, সিঙ্ঘাণ, সিঙ্ঘাণক, ক্লী, নাসিকামল।
সিঞ্চিতা, স্ত্রী, পিপ্পলী।
সিত, ক্লী, রৌপ্য। মূলক। চন্দন।
সিতকণ্টা, সিতকণ্টারিকা, স্ত্রী, শ্বেতকণ্টকারী।
সিতকর, পুং, কর্পূর।
সিতকর্ণী, স্ত্রী, বাসক।
সিতগুঞ্জা, স্ত্রী, শ্বেতগুঞ্জা।
সিতচ্ছত্রা, স্ত্রী, শতপুষ্পা।

সিতচ্ছদা, স্ত্রী, শ্বেতদূর্ব্বা।
সিতদর্ভ, পুং, শ্বেতকুশ।
সিতদীপ্য, পুং, শ্বেতজীরক।
সিতদূর্ব্বা, স্ত্রী, শ্বেতদূর্ব্বা।
সিতদ্রু, পুং, মোরট বিশেষ।
সিতধাতু, পুং, কঠিনী।
সিতপর্ণী, স্ত্রী, অর্কপুষ্পিকাবৃক্ষ।
সিতপাটলিকা, স্ত্রী, শুক্লবর্ণ পাটলাবৃক্ষ।
সিতপুঙ্খা, স্ত্রী, শ্বেতশরপুঙ্খা।
সিতপুষ্প, ক্লী, কৈবর্ত্তমুস্তক।
সিতপুষ্প, পুং, তগরপুষ্পবৃক্ষ। শ্বেত-রোহিত। কাশ।
সিতপুষ্পা, স্ত্রী, মল্লিকা।
সিতপুষ্পী, স্ত্রী, শ্বেতাপরাজিতা।
সিতমরিচ, ক্লী, শ্বেতমরিচ।
সিতমাষ, পুং, রাজমাষ।
সিতবর্ষাভূ, পুং, শ্বেতপুনর্নবা।
সিতশায়কা, স্ত্রী, শ্বেতশরপুঙ্খা।
সিতশিম্বিক, পুং, গোধূম।
সিতশিব, ক্লী, সৈন্ধবলবণ।
সিতশিংশপা, স্ত্রী, শ্বেত শিংশপা বৃক্ষ।
সিতশূক, পুং, যব।
সিতশূরণ, পুং, বনশূরণ।
সিতসর্ষপ, পুং, গৌরসর্ষপ।
সিতসার, পুং, শালিঞ্চশাক।
সিতসারক, পুং, ঐ।
সিতসিংহী, স্ত্রী, শ্বেতকণ্টকারী।
সিতা, স্ত্রী, শর্করা। মল্লিকা। শ্বেত কণ্টকারী। বাকুচী। বিদারী। শ্বেতদূর্ব্বা। মদ্য। ত্রায়মাণা। তে-জনী। কুটুম্বিনী। পর্ব্বতজাত অপ-রাজিতা।

সিতাংশু, পুং, কর্পূর।
সিতাংশুতৈল, ক্লী, কর্পূরতৈল। কাজি-পুটীতৈল।
সিতাখণ্ড, পুং, মধুজাত শর্করা।
সিতাঙ্গ, পুং, শ্বেতরোহিত।
সিতাজাজী, স্ত্রী, শ্বেতজীরক।
সিতাদি, পুং, গুড়।
সিতাব্জ, ক্লী, শ্বেতপদ্ম।
সিতাভ, পুং, কর্পূর।
সিতাভা, স্ত্রী, তক্রাহ্বা।
সিতাভ্র, পুং, কর্পূর।
সিতাভ্রক, ক্লী, ঐ।
সিতাম্ভোজ, ক্লী, শ্বেতপদ্ম।
সিতার্জ্জক, পুং, শ্বেততুলসী।
সিতালক, পুং, শ্বেতমন্দারক।
সিতালতা, স্ত্রী, শ্বেতদূর্ব্বা।
সিতালিকটভী, স্ত্রী, শ্বেতকিণিহীবৃক্ষ।
সিতাবর, পুং, শাকবিশেষ, সুসুনীশাক।
সিতাবরী, স্ত্রী, বাকুচী।
সিতাহ্বয়, পুং, শ্বেতশিগ্রু। শ্বেত-রোহিত।
সিতিবার, পুং, সুনিষণ্ণক, সুসুনিশাক।
সিতেতর, পুং, শ্যামশালি। কুলথ।
সিতেক্ষু, পুং, শ্বেতেক্ষু।
সিতোদ্ভব, ক্লী, শ্বেতচন্দন।
সিতোপল, ক্লী, কঠিনী। পুং, স্ফটিক।
সিতোপলা, স্ত্রী, শর্করা।
সিন্ধু, ক্লী, সৈন্ধবলবণ।
সিন্ধু, পুং, কৃষ্ণধুস্তুর। গুড়।
সিন্ধুক, পুং, সিন্ধুবার। শাল।
সিদ্ধজল, ক্লী, কাঞ্জিক।
সিদ্ধধাতু, পুং, পারদ।
সিদ্ধপুষ্প, পুং, করবীরবৃক্ষ।

সিদ্ধপ্রয়োজন, পুং, গৌরসর্ষপ।
সিদ্ধরস, পুং, পারদ।
সিদ্ধসলিল, ক্লী, কাঞ্জিক।
সিদ্ধসাধন, পুং, গৌরসর্ষপ।
সিদ্ধা, স্ত্রী, ঋদ্ধি।
সিদ্ধার্থ, পুং, শ্বেতসর্ষপ। বটীবৃক্ষ।
সিদ্ধি, স্ত্রী, ঋদ্ধি। বৃদ্ধি। [ছুলি।
সিধ্ম [ন্], সিধ্ম, ক্লী, কিলাসরোগ
সিধ্মা, স্ত্রী, ঐ।
সিধ্রকা, স্ত্রী, সীধরক্ষ।
সিন্দুক, পুং, সিন্দুবারবৃক্ষ।
সিন্দুবার, পুং, নিসিন্দা, ইন্দুর।
সিন্দূর, ক্লী, রক্তবর্ণ চূর্ণবিশেষ, সিঁদূর
সিন্দূর, পুং, বৃক্ষবিশেষ।
সিন্দূরকারণ, ক্লী, সীসক।
সিন্দূরপুষ্পী, স্ত্রী, পুষ্পবৃক্ষ বিশেষ।
সিন্দূরী, স্ত্রী, রোচনী। ধাতকী।
সিন্ধু, পুং, সিন্ধুবার বৃক্ষ। শ্বেতটঙ্কণ।
সিন্ধুক, পুং, সিন্ধুবার বৃক্ষ।
সিন্ধুকফ, পুং, সমুদ্রফেন।
সিন্ধুকর, ক্লী, শ্বেতটঙ্কণ।
সিন্ধুজ, ক্লী, সৈন্ধবলবণ।
সিন্ধুজন্ম [ন্], ক্লী, ঐ।
সিন্ধুপুষ্প, পুং, শঙ্খ।
সিন্ধুসম্ভব, ক্লী, সৈন্ধবলবণ।
সিন্ধুলবণ, ক্লী, ঐ।
সিন্ধুবার, পুং, নিসিন্দা বৃক্ষ।
সিন্ধুবারক, পুং, ঐ।
সিন্ধুবারিত, পুং, ঐ।
সিন্ধুবেষণ, পুং, গাম্ভারী বৃক্ষ।
সিন্ধূদ্ভব, ক্লী, সৈন্ধবলবণ।
সিন্ধূপল, ক্লী, ঐ।

সিম্বি, স্ত্রী, নখীনামক গন্ধদ্রব্য।
সিম্বিজা, স্ত্রী, শমীধান্য
সিম্বী, স্ত্রী, নিষ্পাবী।
সির, পুং, পিপ্পলীমূল।
সিল্লকী, স্ত্রী, শল্লকী বৃক্ষ।
সিহুণ্ড, পুং, স্নুহীবৃক্ষ। [রস।
সিহ্লু, পুং, গন্ধদ্রব্য বিশেষ, শিলা-
সিহ্লক, পুং ঐ।
সিহ্লকী, স্ত্রী, সল্লকী।
সিহ্লভূমিকা, স্ত্রী, ঐ।
সীতা, স্ত্রী, মদিরা।
সীতীলক, পুং, সতীলক।
সীত্য, ক্লী, ধান্য।
সীধু, পুং, মদ্য। মদ্যভেদ, ইক্ষুরস-
জাত মদ্য। সির্কা।
সীধুগন্ধ, পুং, বকুল।
সীধুপুষ্প, পুং, কদম্ব। বকুল।
সীধুপুষ্পী, স্ত্রী, ধাতকী।
সীধুরস, পুং, আম্রবৃক্ষ।
সীধুসংজ্ঞ, পুং, বকুলবৃক্ষ।
সীমন্তক, ক্লী, সিন্দূর।
সীম্বিক, সীমীক, পুং, বৃক্ষভেদ।
সীর, পুং, অর্কবৃক্ষ।
সীবনী, স্ত্রী, লিঙ্গমণির অধঃসূত্র, লি-
ঙ্গের অগ্রহইতে গুহ্যপর্য্যন্ত শেলা-
ইয়ের ন্যায় অংশ।
সীস, ক্লী, সীসক।
সীসক, ক্লী, স্বনামখ্যাত ধাতু, সীসা।
সীসপত্রক, ক্লী, ঐ।
সীসোদ্ভব, ক্লী, মুদ্রাশঙ্খ।
সীহুণ্ড, পুং, সেহুণ্ড বৃক্ষ। স্নুহী।
সুকণ্টকা, স্ত্রী, ঘৃতকুমারী।

সুকন্দ, পুং, কশেরু।
সুকন্দক, পুং, পলাণ্ডু। বারাহীকন্দ ধরণীকন্দ
সুকন্দী [ন্], পুং, শূরণ।
সুকর্ণক, পুং, হস্তিকন্দ।
সুকর্ণিকা, স্ত্রী, মূষীকর্ণী।
সুকর্ণী, স্ত্রী, ইন্দ্রবারুণী।
সুকাণ্ড, পুং, কারবেল্ল।
সুকাণ্ডিকা, স্ত্রী, কাণ্ডীরলতা।
সুকামা, স্ত্রী, ত্রায়মাণা।
সুকালুকা, স্ত্রী, ডোড়ীক্ষুপ।
সুকাষ্ঠক, ক্লী, দেবকাষ্ঠ।
সুকাষ্ঠা, স্ত্রী, কটুকী। কাষ্ঠকদলী।
সুকুন্দক, পুং, পলাণ্ডু।
সুকুন্দন, পুং, বর্ব্বর।
সুকুমার, পুং, পুণ্ড্রেক্ষু। বনচম্পক। ক্ষব। শ্যামাক।
সুকুমারক, ক্লী, তমালপত্র।
সুকুমারক, পুং, শালি।
সুকুমারা, স্ত্রী, জাতী। নবমালিকা। পৃক্কা। মালতী। কদলী।
সুকুমারী, স্ত্রী, নবমালিকা।
সুকেশর, পুং, বীজপূর।
সুকোলী, স্ত্রী, ক্ষীরকাকোলী।
সুকোশক, পুং, কোষাম্র, কেওড়া।
সুখ, ক্লী, বৃদ্ধিনামক ঔষধ।
সুখঙ্করী, স্ত্রী, জীবন্তীবৃক্ষ।
সুখদর্শন, পুং, বড়কানড়।
সুখদা, স্ত্রী, শমীবৃক্ষ।
সুখমোদা, স্ত্রী, সল্লকীবৃক্ষ।
সুখবর্চ্চক, পুং, সর্জ্জিকাক্ষার।
সুখবর্চ্চাঃ [স্], পুং, ঐ।

সুখবাস, পুং, ফলবিশেষ, তরমুজ।
সুখাশক, পুং, রাজতিনিশ।
সুখোজ্জিক, পুং, সর্জ্জিকাক্ষার।
সুগন্ধ, ক্লী, ক্ষুদ্রজীরক। গন্ধতৃণ। নীলোৎপল। চন্দন। গ্রন্থিপর্ণ।
সুগন্ধ, পুং, রক্তশিগ্রু। গন্ধক। চণক। ভূতৃণ।
সুগন্ধক, পুং, রক্ততুলসী। গন্ধক। নাগরঙ্গ। কর্কোটক। [গন্ধদ্রব্য।
সুগন্ধতৈলনির্য্যাস, ক্লী, জবাদিনামক
সুগন্ধপত্রা, স্ত্রী, রুদ্রজটা।
সুগন্ধভূতৃণ, ক্লী, গন্ধতৃণ।
সুগন্ধমূলা, স্ত্রী, স্থলপদ্মিনী। রাস্না।
সুগন্ধা, স্ত্রী, রাস্না। শটী। বন্ধ্যাকর্কোটকী। রুদ্রজটা। শতপুষ্পা। নাকুলী। নবমালিকা। স্বর্ণযূথিকা। পৃক্কা। গঙ্গাপত্রী। সল্লকী। মাধবী। অনন্তা। মাতুলুঙ্গা। তুলসী।
সুগন্ধামলক, ক্লী, সর্ব্বৌষধিগণ ও শুষ্ক আমলকী এই সমুদায়ের সংমিশ্রণ।
সুগন্ধি, ক্লী, এলবালুক। মুস্তা। কশেরু। গন্ধতৃণ। ধান্যক। পিপ্পলীমূল।
সুগন্ধিক, ক্লী, কহ্লার। পুষ্করমূল। গৌরসুবর্ণ। সুরপর্ণ। উশীর।
সুগন্ধিক, পুং, মহাশালি। তুরুষ্ক। গন্ধক।
সুগন্ধিকুসুম, পুং, পীতকরবীর।
সুগন্ধিকুসুমা, স্ত্রী, পৃক্কা।
সুগন্ধিত্রিফলা, স্ত্রী, জাতীফল, পুগফল ও লবঙ্গকলিকাফল।
সুগন্ধিনী, স্ত্রী, আরামশীতলা।

সুগন্ধিমূল, ক্লী, উশীর।
সুগন্ধিবচা, স্ত্রী, ঘোঁড়বচ।
সুগন্ধিবীজ, ক্লী, বুচ্‌কীদানা।
সুগ্রন্থি, পুং, চোরক। সুগন্ধিবচা, গৃহবচ, ঘোঁড়বচ।
সুচঞ্চুকা, স্ত্রী, মহাচঞ্চুশাক।
সুচর্ম্মা [ন্], পুং, ভূর্জবৃক্ষ।
সুচক্ষুঃ [স্], পুং, উড়ুম্বর।
সুচিত্রবীজা, স্ত্রী, বিড়ঙ্গা।
সুচিত্রা, স্ত্রী, চির্ভিটা।
সুজল, ক্লী, পদ্ম।
সুজাতা, স্ত্রী, তুবরী।
সুজীবন্তী, স্ত্রী, স্বর্ণজীবন্তী।
সুতজীবক, পুং, পুত্রজীবকবৃক্ষ।
সুতপাদিকা, স্ত্রী, হংসপদী।
সুতর্কারী, স্ত্রী, দেবদালী লতা।
সুতশ্রেণী, স্ত্রী, মূষিকপর্ণী।
সুতা, স্ত্রী, দুরালভা।
সুতিক্ত, পুং, ক্ষেত্তপাপড়া।
সুতিক্তক, পুং পারিভদ্র। ভূনিম্ব।
সুতিক্তা, স্ত্রী, কোষাতকী।
সুতীক্ষ্ণ, পুং, শোভাঞ্জন। শ্বেতশিগ্রু।
সুতুঙ্গ, পুং, নারিকেল বৃক্ষ।
সুতেজন, পুং, ধন্বনবৃক্ষ।
সুতেজাঃ [স্], পুং, আদিত্যভক্তা।
সুতৈলা, স্ত্রী, মহাজ্যোতিষ্মতী।
সুদগ্ধিকা, স্ত্রী, দগ্ধানামকবৃক্ষ।
সুদণ্ড, পুং, বেত্র।
সুদণ্ডিকা, স্ত্রী, গেরক্ষী।
সুদর্ভা, স্ত্রী, ইক্ষুদর্ভা।
সুদর্শন, পুং, জম্বুবৃক্ষ। [লঞ্চ, পদ্মগুলঞ্চ।
সুদর্শনা, স্ত্রী, সুদর্শনবৃক্ষ। সুদর্শনগু-
সুদল, পুং, ক্ষীরমোরটা।
সুদলা, স্ত্রী, শালপর্ণী। তরুণী।
সুদীর্ঘঘর্ম্মা, স্ত্রী, অশনপর্ণী।
সুদীর্ঘফলিকা, স্ত্রী, সিঙ্গাবেগুন।
সুদীর্ঘা, স্ত্রী, চীনাকর্কটী।
সুধা, স্ত্রী, অমৃত। মূর্ব্বা। স্নুহী। হরীতকী। আমলকী। মধু। শালপর্ণী।
সুধাংশুতৈল, ক্লী, কর্পূরতৈল।
সুধাংশুরত্ন, ক্লী, মৌক্তিক।
সুধাকাণ্ডা, স্ত্রী, স্বল্পপর্ণনিশা, আরারুটের গাছ।
সুধাপয়ঃ [স্], ক্লী, স্নুহীক্ষীর।
সুধামূলী, স্ত্রী, সালুমমিছরি।
সুধামোদক, পুং, যবাসশর্করা।
সুধামোদকজ, পুং, তবরাজোদ্ভব খণ্ড।
সুধাবাসা, স্ত্রী, ত্রপুষী।
সুধাস্থতি, পুং, পদ্ম।
সুধাস্রবা, স্ত্রী, রুদন্তীবৃক্ষ। অলিজিহ্বিকা, আলজিব্।
সুধূম্য, পুং, স্বাদুনামক গন্ধদ্রব্য।
সুধোদ্ভবা, স্ত্রী, হরীতকী।
সুনন্দা, স্ত্রী, গোরোচনা। অর্কপত্রীবৃক্ষ, ইষেরমুল।
সুনালক, পুং, বকপুষ্প বৃক্ষ।
সুনাসিকা, স্ত্রী, কাকনাসা।
সুনির্যাসা, স্ত্রী, জিঙ্গিনীবৃক্ষ। [সুযুণী।
সুনিষণ্ণ, সুনিষণ্ণক, ক্লী, শাকবিশেষ,
সুনীল, ক্লী, লামজ্জক।
সনীল, পুং, দাড়িম।
সুনীলক, পুং, নীলভৃঙ্গরাজ।
সুনীলা, স্ত্রী, অতসী। বিষ্ণুক্রান্তা। জরতী তৃণ।

সুন্দর, পুং, বৃক্ষবিশেষ, সুন্দরী।
সুন্দরী, স্ত্রী, হরিদ্রা। তরুবিশেষ।
সুপক, পুং, সুগন্ধি আম্র।
সুপত্র, ক্লী, তেজপত্র। [তৃণ।
সুপত্র, পুং, আদিত্যপত্র। পল্লিবাহ-
সুপত্রক, পুং, শিগ্রু।
সুপত্রা, স্ত্রী, রুদ্রজটা। শতাবরী। শমী।
শালপর্ণী। পলক্য।
সুপত্রিকা, স্ত্রী, জতুকা।
সুপথ্যা, স্ত্রী, শ্বেতচিল্লী।
সুপদ্মা, স্ত্রী, বচা।
সুপর্ণ, পুং, কৃতমালক বৃক্ষ। [বৃক্ষ।
সুপর্ণক, পুং, আরগ্বধবৃক্ষ। সপ্তচ্ছদ
সুপর্ণাখ্য, পুং, নাগকেশর।
সুপর্ণিকা, স্ত্রী, স্বর্ণজীবন্তী। শালপর্ণী।
পলাশী। রেণুকা। বাকুচী।
সুপর্বা[ন্], পুং, বংশ।
সুপর্ব্বা, স্ত্রী, শ্বেতদূর্ব্বা।
সুপাক্য, ক্লী, বিট্‌লবণ।
সুপার্শ্ব, পুং, প্লক্ষবৃক্ষ।
সুপার্শ্বক, পুং, গর্দ্দভাণ্ডবৃক্ষ।
সুপিঙ্গলা, স্ত্রী, জীবন্তী। জ্যোতিষ্মতী।
সুপীত, ক্লী, গর্জ্জর।
সুপুট, পুং, কোলকন্দ। বিষ্ণুকন্দ।
সুপুত্রিকা, স্ত্রী, জতুকা।
সুপুষ্করা, স্ত্রী, স্থলপদ্মিনী।
সুপুষ্প, ক্লী, লবঙ্গ। প্রপৌণ্ডরীক।
আহুল্য। তূলা।
সুপুষ্প, পুং, রক্তপুষ্পক, পালিতা-
মাদার। শিরীষ। হরিদ্রু। রাজত-
রুণী।
সুপুষ্পিকা, স্ত্রী, পাটলা।

সুপুষ্পী, স্ত্রী, শ্বেতাপরাজিতা। জীর্ণ-
ফঞ্জী। শতপুষ্পী। মিশ্রেয়া। দ্রোণ-
পুষ্পী। কদলী
সুপূর, পুং, বীজপূর।
সুপূরক, পুং, বকপুষ্প বৃক্ষ।
সুপ্রতিভা, স্ত্রী, মদিরা।
সুপ্রতিষ্ঠিত, পুং, উড়ুম্বরবৃক্ষ।
সুপ্রভা, স্ত্রী, বাকুচী।
সুপ্রসন্নক, পুং, কৃষ্ণার্জ্জক।
সুপ্রসরা, স্ত্রী, প্রসারণীলতা।
সফল, পুং, কর্ণিকার। দাড়িম। বদর।
মুদ্গ। কপিত্থ। ছোলঙ্গলেবু।
গোড়ালেবু।
সুফলা, স্ত্রী, ইন্দ্রবারুণী। কুষ্মাণ্ডী। কা-
শ্মরী। কদলী। কপিলদ্রাক্ষা।
সুফেন, ক্লী, সমুদ্রফেন।
সুবন্ধ, পুং, তিল।
সুভগ, পুং, টঙ্কণ। চম্পক। রক্তাম্লান।
অশোক। শৈলজ।
সুভগা, স্ত্রী, কৈবর্ত্তী। শালপর্ণী।
হরিদ্রা। নীলদূর্ব্বা। তুলসী। প্রি-
য়ঙ্গু। কস্তূরী। সুবর্ণকদলী। বন-
মল্লী।
সুভঙ্গ, পুং, নারিকেল বৃক্ষ।
সুভদ্রক, পুং, বিল্ববৃক্ষ।
সুভদ্রা, স্ত্রী, শ্যামালতা। ঘৃতমণ্ডা।
কাশ্মরী।
সুভদ্রাণী, স্ত্রী, ত্রায়ন্তী।
সুভাঞ্জন, পুং, শোভাঞ্জন বৃক্ষ।
সুভিক্ষা, স্ত্রী, ধাতৃপুষ্পিকা।
সুভীরক, পুং, পলাশবৃক্ষ।
সভূতিক, পুং, বিল্ববৃক্ষ।

সুমঙ্গলা, স্ত্রী, বায়সোলী, মাকড়হাতা, মাকড়িয়া, মালকাকড়ী।
সুমদন, পুং, আম্রবৃক্ষ।
সুমধুর, পুং, জীবশাক।
সুমন, পুং, গোধূম। ধূস্তর।
সুমনঃপত্রিকা, স্ত্রী, জাতীপত্রিকা।
সুমনঃফল, ক্লী, জাতীফল।
সুমনঃফল, পুং, কপিথ বৃক্ষ।
সুমনা, স্ত্রী, জাতীপুষ্প বৃক্ষ।
সুমনাঃ [স্], পুং, পূতিকরঞ্জ। নিম্ব। মহাকরঞ্জ। গোধূম।
সুমনাঃ [স্], স্ত্রী, মালতী। জাতী। শতপত্রী।।
সুমুখ, পুং, শাকভেদ। সিতার্জক। বনবর্বরিকা। বর্বর।
সুমুষ্টি, পুং, বিষমুষ্টিক্ষুপ।
সুমূল, পুং, শ্বেতশিগ্রু।
সমূলক, ক্লী, গর্জর।
সুমূলা, স্ত্রী, শালপর্ণী। পৃশ্নিপর্ণী।
সুমেখল, পুং, মুঞ্জ।
সুমেধাঃ [স্], স্ত্রী, জ্যোতিষ্মতী।
সুরক্তা, স্ত্রী, গুড়ূচী।
সুরক্তক, পুং, কোষাম্র। স্বর্ণগৈরিক।
সুরঙ্গ, ক্লী, পত্তঙ্গ। হিঙ্গুল।
সরঙ্গ, পুং, নাগরঙ্গ।
সুরঙ্গদ, ক্লী, পত্তঙ্গ।
সুরঙ্গধাতু, পুং, গৈরিক।
সুরঙ্গা, স্ত্রী, কৈবর্ত্তিকা।
সুরঙ্গিকা, স্ত্রী, মূর্ব্বা।
সুরঙ্গী, স্ত্রী, কাকনাসা। রক্তশোভাঞ্জন।
সুরজঃফল, পুং, পনসবৃক্ষ।
সুরজম্বীর, পুং, বাতাবীলেবু।
সুরঞ্জন, পুং, গুবাকবৃক্ষ।
সুরদারু, ক্লী, দেবদারু।
সুরদুন্দুভী, স্ত্রী, তুলসী।
সুরদ্রুম, পুং, দেবনল। দেবদারু।
সুরধূপ, পুং, রাল।
সুরনাল, পুং, দেবনল।
সুরনির্গন্ধ, ক্লী, তেজপত্র।
সুরপর্ণ, ক্লী, ওষধি বিশেষ, মাচীপত্রী।
সুরপর্ণিক, পুং, সুরপুন্নাগ :
সুরপর্ণিকা, স্ত্রী, পুন্নাগ।
সুরপর্ণী, স্ত্রী, পলাশী।
সুরপুন্নাগ, পুং, পুন্নাগবৃক্ষ বিশেষ।
সুরপ্রিয়, ক্লী, কাবাবচিনি।
সুরপ্রিয়, পুং, অগস্ত্যপুষ্পবৃক্ষ।
সুরপ্রিয়া, স্ত্রী, জাতী। স্বর্ণরম্ভা।
সুরভি, ক্লী, স্বর্ণ। গন্ধক।
সুরভি, পুং, চম্পক। জাতীফল বৃক্ষ। শমীবৃক্ষ। গন্ধতৃণ। বকুলবৃক্ষ। কণগুগ্‌গুলু। কদম্ববৃক্ষ। গন্ধফল। রাল। রাস্না। কুন্দখোটি।
সুরভি, স্ত্রী শল্লকী। মুরা। রুদ্রজটা। বনমালিকা। তুলসী। পাচী। সুরা।
সুরভিকা, স্ত্রী, স্বর্ণকদলী।
সুরভিকুসুম, ক্লী, সুগন্ধি গোলাপপুষ্প।
সুরভিতৈল, ক্লী, কাজুপুটীতৈল, কাইপটী তৈল।
সুরভিত্রিফলা, স্ত্রী, সুগন্ধত্রিফলা।
সুরভিত্বক [চ্], ক্লী, বড় এলাইচ।
সুরভিদারু, পুং, সরলবৃক্ষ।
সুরভিপত্রা, স্ত্রী, জম্বুবৃক্ষ। রাজজম্বু।
সুরভিফল, পুং, ফলবৃক্ষ বিশেষ, খোবানি ফলেরগাছ।

সুরভিবল্কল, ক্লী, গুড়ত্বক্।
সুরভিস্রবা, স্ত্রী, শল্লকী।
সুরভী, স্ত্রী, ঐ।
সুরভীরসা, স্ত্রী, ঐ।
সুরভূরুহ, পুং, শক্রদ্রুম, দেবদারু।
সুরমন্থর, পুং, মাটকড়াই, চীনের বাদাম।
সুরমৃত্তিকা, স্ত্রী, তুবরী
সুরমেদা, স্ত্রী, মহামেদা।
সুররঙ্গ, পুং, গর্জ্জনতৈল।
সুরলতা, স্ত্রী, মহাজ্যোতিষ্মতী।
সুরবল্লভা, স্ত্রী, শ্বেতদূর্ব্বা।
সুরবল্লী, স্ত্রী, তুলসী। পান।
সুরশাক, পুং, পুদিনা।
সুরশ্রেষ্ঠা, স্ত্রী, ব্রাহ্মী।
সুরস, ক্লী, বোল। গুড়ত্বক্। গন্ধতৃণ। তুলসী।
সুরস, পুং, সিন্ধুবার। মোচরস।
সুরসম্ভবা, স্ত্রী, আদিত্যভক্তা।
সুরসর্ষপক, পুং, দেবসর্ষপ।
সুরসা, স্ত্রী, তুলসী। কৃষ্ণতুলসী। রাস্না। নিসিন্দা। মিশ্রেয়া। ব্রাহ্মী। মহাশতাবরী। নীলশেফালিকা।
সুরসী, স্ত্রী, বৃক্ষবিশেষ।
সুরা, স্ত্রী, মদ্য।
সুরাকর, পুং, নারিকেল বৃক্ষ।
সুরাজক, পুং, ভৃঙ্গরাজ।
সুরার্হ, ক্লী, হরিচন্দন। স্বর্ণ।
সুরাষ্ট্রজ, ক্লী, তুবরিকা।
সুরাষ্ট্রজ, পুং, কৃষ্ণমুদ্গ। বিষভেদ।
সুরাষ্ট্রজা, স্ত্রী, তুবরী। [মরুবক।
সুরাহ্ব, পুং, দেবদারু। হরিদ্রুবৃক্ষ।
সুরুঙ্গ, পুং, শোভাঞ্জন।
সুরুঙ্গী, স্ত্রী, রক্তশোভাঞ্জন।
সুরূপা, স্ত্রী, শালপর্ণী। ভার্গী।
সুরেজ্যা, স্ত্রী, তুলসী।
সুরেভ, ক্লী, রঙ্গ।
সুরেবট, পুং, রামপূগ।
সুরেষ্ট, ক্লী, ফলবিশেষ, আলুবোখারা।
সুরেষ্ট, পুং, শিবমল্লী। সুরপুন্নাগ। শাল।
সুরেষ্টা, স্ত্রী, ব্রাহ্মী।
সুরোত্তর, পুং, চন্দন।
সুলভা, স্ত্রী, মাষপর্ণী। ধূম্রপত্রা।
সুলোমশা, স্ত্রী, কাকজঙ্ঘা।
সুলোমা, স্ত্রী, তাম্রবল্লী। মাংসচ্ছদা।
সুলোহক, ক্লী, পিত্তল।
সুবক্ত্র, পুং, বনবর্ব্বরী।
সুবর্চ্চক, পুং, স্বর্জিকাক্ষার।
সুবর্চ্চলা, স্ত্রী, অতসী। সূর্য্যমুখীপুষ্প। ব্রাহ্মী। আদিত্যভক্তা।
সুবর্চ্চিক, পুং, স্বর্জিকাক্ষার।
সুবর্চ্চিকা, স্ত্রী, স্বর্জিকাক্ষার। যবক্ষার। জতুকা।
সুবর্চ্চী [ন্], পুং, স্বর্জ্জিকাক্ষার।
সুবর্ণ, ক্লী, ধাতুবিশেষ, সোনা। হরিচন্দন। স্বর্ণগৈরিক। নাগকেশর।
সুবর্ণ, পুং, ক্লী, কর্ষপরিমাণ।
সুবর্ণ, পুং, ধুস্তূর। কণগুগ্গুলু।
সুবর্ণক, ক্লী, পিত্তল।
সুবর্ণক, পুং, আরগ্বধবৃক্ষ। [কলা।
সুবর্ণকদলী, স্ত্রী, কদলী বিশেষ, চাঁপা-
সুবর্ণগৈরিক, ক্লী, গৈরিক বিশেষ, বর্ণকমাটী, পীতগেরি।

সুবর্ণনকুলী, স্ত্রী, মহাজ্যোতিষ্মতী।
সুবর্ণপুষ্প, পুং, রাজতরুণী।
সুবর্ণপ্রসর, ক্লী, এলবালুক।
সুবর্ণযূথী, স্ত্রী, পীতবর্ণ যূথিকা, স্বর্ণযূঁই।
সুবর্ণবর্ণা, স্ত্রী, হরিদ্রা।
সুবর্ণা, স্ত্রী, কৃষ্ণাগুরু। বাট্যালক। স্বর্ণক্ষীরী। হরিদ্রা।
সুবর্ণাখ্য, পুং, নাগকেশর। ধুস্তূরবৃক্ষ।
সুবর্ণী, স্ত্রী, আখুকর্ণী।
সুবল্লি, সুবল্লী, স্ত্রী, সোমরাজী।
সুবসন্তক, পুং, বাসন্তী।
সুবহা, স্ত্রী, শেফালিকা। রাস্না। গোধাপদী। এলাপর্ণী। শল্লকী। ত্রিবৃতা। রুদ্রজটা। হংসপদী। গন্ধনাকুলী। মুশলী। নীলসিন্ধুবার।
সুবীজ, পুং পোস্তা।
সুবীরক, ক্লী, সৌবীরাঞ্জন।
সুবীরাম্ল, ক্লী, কাঞ্জিক।
সুবীর্য্য, ক্লী, বদরীফল।
সুবীর্য্যা, স্ত্রী, বনকার্পাসী।
সুবৃত্ত, পুং, শূরণ।
সুবৃত্তা, স্ত্রী, শতপত্রী। কাকলীদ্রাক্ষা
সুবেগা, স্ত্রী, মহাজ্যোতিষ্মতী।
সুবেশ, পুং, শ্বেতেক্ষু।
সুশল্য, পুং, খদির।
সুশবী, স্ত্রী, কারবেল্ল। কৃষ্ণজীরক।
সুশাক, ক্লী, আর্দ্রক।
সুশাক, পুং, তণ্ডুলীয়। চঞ্চুশাক। ভিণ্ডা।
সুশিখা, স্ত্রী, ময়ূরশিখা।
সুশীত, ক্লী, পীতচন্দন।
সুশীত, পুং, হ্রস্বপ্লক্ষ।
সুশীতল, ক্লী, গন্ধতৃণ। শ্বেতচন্দন।
সুশীতা, স্ত্রী, শতপত্রী।
সুশীবিকা, স্ত্রী, বারাহীকন্দ।
সুশ্রীকা, স্ত্রী, শল্লকী।
সুষবী, স্ত্রী, কারবেল্ল।। কৃষ্ণজীরক। ক্ষুদ্রকারবেল্ল। জীরক।
সুষুম্না, স্ত্রী, নাড়ীবিশেষ।
সুষেণ, পুং, করমর্দ্দক। বেতস।
সুষেণিকা, স্ত্রী, কৃষ্ণত্রিবৃতা।
সুষেণী, স্ত্রী, ত্রিবৃৎ।
সুসবী, স্ত্রী, সুষবী।
সুসার, পুং, রক্তখদির।
সুসিকতা, স্ত্রী, শর্করা।
সুস্না, স্ত্রী, শমীধান্যভেদ, খেঁসারি।
সূক, পুং, উৎপল।
সূকরী, স্ত্রী, বরাহক্রান্তা।
সূচিকামুখ, ক্লী, শঙ্খ।
সূচিপত্রক, পুং, সিতাবরশাক।
সূচিপুষ্প, পুং, কেতকবৃক্ষ।
সূচিশালি, পুং, সূক্ষ্মশালি।
সূচীদল, পুং, সিতাবর।
সূচীপত্রা, স্ত্রী, গণ্ডদূর্ব্বা।
সূচীপুষ্প, পুং, কেতকী।
সূচীমুখ, ক্লী, হীরক।
সূচীমুখ, পুং, শ্বেতকুশ।
সূচ্যগ্রস্থূলক, পুং, তৃণবিশেষ, উলু।
সূচ্যাহ্ব, পুং, সিতাবর।
সূত, পুং, ক্লী, পারদ।
সূতক, পুং, ক্লী, ঐ।
সূতরাট্ [জ্], পুং, ঐ। [বিশেষ।
সূতিকারোগ, পুং, নবপ্রসূতা স্ত্রীর রোগ
সূত্রপুষ্প, পুং, কার্পাস।
সূদ, পুং, লোধ্র।

শূন্থ, পুং, অর্কবৃক্ষ।
শূপ, পুং, ব্যঞ্জনবিশেষ, ডালি। যূষ
শূপধূপন, ক্লী, হিঙ্গু।
শূপপর্ণী, স্ত্রী, মুদগপর্ণী।
শূপশ্রেষ্ঠ, পুং, মুদ্গ।
শূপাঙ্গ, ক্লী, হিঙ্গু।
শূম, ক্লী, ক্ষীর।
শূর, পুং, অর্কবৃক্ষ।
শূরণ, পুং, শূরণ।
শূরী, স্ত্রী, রাজসর্ষপ, রাইসর্ষপ।
শূর্প, পুং, ক্লী, চৌষট্টিসের পরিমাণ।
শূর্পপত্র, পুং, পেঁপিয়াগাছ।
সূর্য্য, পুং, অর্কপর্ণ। অর্কবৃক্ষ।
সূর্য্যকান্ত, পুং, স্ফটিক। হুড়হুড়ে। স্ব-
নাম খ্যাত মণি। পুষ্পবৃক্ষ বিশেষ,
সূর্য্যমণি।
সূর্য্যকান্তি, স্ত্রী, পুষ্পবিশেষ।
সূর্য্যপত্র, পুং, আদিত্যপত্র।
সূর্য্যভক্ত, পুং, বন্ধূকপুষ্পবৃক্ষ।
সূর্য্যভক্তক, পুং, ঐ।
সূর্য্যমণি, পুং, সূর্য্যকান্তমণি।
খ্যাত পুষ্পবৃক্ষ।
সূর্য্যলতা, স্ত্রী, আদিত্যভক্তা।
সূর্য্যবল্লী, স্ত্রী, অর্কপুষ্পিকাবৃক্ষ।
সূর্য্যসংজ্ঞ, ক্লী, কুঙ্কুম।
সূর্য্যা, স্ত্রী, ইন্দ্রবারুণী।
সূর্য্যাবর্ত্ত, পুং, ক্ষুপবিশেষ, হুড়হুড়িয়া।
সুলচিয়া শাক।
সূর্য্যাবর্ত্তা, স্ত্রী, আদিত্যভক্তা।
সূর্য্যাহ্ব, ক্লী, তাম্র।
সূর্য্যাহ্ব, পুং, অর্কবৃক্ষ।
সূর্ম্ম্য, পুং, মাষ।

সূক্ষ্ম, পুং, কতকবৃক্ষ।
সূক্ষ্মকৃষ্ণফলা, স্ত্রী, মহাজম্বুবৃক্ষ।
সূক্ষ্মতণ্ডুল, পুং, পোস্তাদানা।
সূক্ষ্মতণ্ডুলা, স্ত্রী, পিপ্পলী।
সূক্ষ্মপত্র, পুং, ধন্যাক। বনজীরক।
দেবসর্ষপ। লঘুবদর। সুরপর্ণ।
বনবর্ব্বরী। লোহিতেক্ষু। কুক্কুটদ্রু।
বাবলাবৃক্ষ।
সূক্ষ্মপত্রিকা, স্ত্রী, শতপুষ্পা। শতাবরী।
লঘুব্রাহ্মী। ক্ষুদ্রোপোদকী। দুরালভা।
আকাশমাংসী।
সূক্ষ্মপর্ণা, স্ত্রী, জীর্ণফঞ্জী। ডোড়ী।
সূক্ষ্মপর্ণী, স্ত্রী, রামদূতীবৃক্ষ।
সূক্ষ্মপিপ্পলী, স্ত্রী, বনপিপ্পলী।
সূক্ষ্মপুষ্পী, স্ত্রী, যবতিক্তা।
সূক্ষ্মফল, পুং, ভূকর্ব্বুদার।
সূক্ষ্মফলা, স্ত্রী, ভূম্যামলকী।
সূক্ষ্মবদরী, স্ত্রী, ভূবদরী
সূক্ষ্মমূলা, স্ত্রী, জয়ন্তী।
সূক্ষ্মবল্লী, স্ত্রী, তাম্রবল্লী। জতুকা।
সূক্ষ্মবীজ, পুং, পোস্ত।
সূক্ষ্মশাখ, পুং, জালবর্ব্বূর।
সূক্ষ্মশালি, পুং, ধান্য বিশেষ
সূক্ষ্মা, স্ত্রী, যূথিকা। ক্ষুদ্রৈলা। করুণী।
সূক্ষ্মৈলা, স্ত্রী, গুজরাটী এলাইচ।
সৃক, পুং, কৈরব। পদ্ম। [কস্।
সৃক্কণী, স্ত্রী, ওষ্ঠদ্বয়ের প্রান্তভাগ,
সৃক্ক[ন্], ক্লী, ঐ।
সৃজকাক্ষার, পুং, সর্জ্জিকাক্ষার।
সৃণিকা, স্ত্রী, লালা।
সৃষ্টিপ্রদা, স্ত্রী, গর্ভদাত্রী ক্ষুপ।
সেকিম, ক্লী, মূলক।

সেটু, পুং, ফলবিশেষ, তরমুজ।
সেতু, সেতুক, পুং, বরুণবৃক্ষ।
সেতুভেদী [ন্], পুং, দন্তীবৃক্ষ।
সেতুবৃক্ষ, পুং, বরুণবৃক্ষ।
সেমন্তী, স্ত্রী, পুষ্পবিশেষ, সেউতী।
সেলু, পুং, শেলুবৃক্ষ।
সেব, ক্লী, সেবিফল।
সেবকালু, পুং, নিশাভঙ্গাবৃক্ষ, দুগ্ধ-
পেয়া।
সেবতী, স্ত্রী, সেউতীপুষ্প।
সেবি, ক্লী, ফলবিশেষ, হিন্দী—সেউ,
ইং—আপেল।
সেবিত, ক্লী, ঐ।
সেব্য, ক্লী, বীরণমূল।
সেব্য, পুং, অশ্বত্থবৃক্ষ। হিজ্জলবৃক্ষ।
সেব্যা, স্ত্রী, বন্দাবৃক্ষ।
সেহুণ্ড, পুং, মনসাবৃক্ষ।
সৈংহলী, স্ত্রী, সিংহপিপ্পলী। সিংহল-
শৈবাল।
সৈকতেষ্ট, ক্লী, আদ্রক।
সৈন্ধব, ক্লী, পুং, স্বনামখ্যাত লবণ।
সৈন্ধী, স্ত্রী, তালাদিরস নির্য্যাস। তাড়ী।
সৈমন্তিক, ক্লী সিন্দূর।
সৈরীয়, পুং ঝিণ্টী।
সৈরীয়ক, পুং, ঐ।
সৈরেয়, পুং, ঐ।
সৈরেয়ক, পুং, ঐ।
সৈবাল, ক্লী, শৈবাল।
সোনহ, পুং, লশুন।
সোভাঞ্জন, পুং, শোভাঞ্জন।
সোম, ক্লী, কাঞ্জিক।
সোম, পুং, কর্পূর। সোমলতা।
সোমজ, ক্লী, দুগ্ধ।
সোমপত্র, পুং, তৃণবিশেষ, উলুখড়
সোমবন্ধু, পুং, কুমুদ।
সোমযোনি, ক্লী, চন্দন বিশেষ।
সোমরাজিকা, স্ত্রী, সোমরাজী।
সোমরাজী [ন্], পুং, ঐ।
সোমরাজী, স্ত্রী, বাকুচী, হাকুচ।
সোমরাট্ [জ্], পুং, ঐ।
